CMYK




ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৭০ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

JAGARAN ■ 20 June, 2024 ■ আগরতলা ২০ জুন ২০২৪ ইং ■ ৫ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ, বৃহস্পতিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা




# নালন্দার পুনরুজ্জীবন দেশের স্বর্ণযুগের সূচনা করবে ঃ মোদী

**নালন্দা, ১৯ জুন (হি.স.)** ।। বিহারের রাজগিরে নালন্দা বিশ্ববিদ্যালয়ের নতুন ক্যাম্পাসের শুভ উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বুধবার নালন্দা বিশ্ববিদ্যালয়ের নতুন ক্যাম্পাসের উদ্বোধন করার পর প্রধানমন্ত্রী মোদী বলেছেন, নালন্দার পুনরুজ্জীবন ভারতের "স্বর্ণযুগের" সূচনা করবে। প্রধানমন্ত্রীর কথায়, নালন্দা একটি পরিচয়, একটি সম্মান। নালন্দা একটি মান, একটি মন্ত্র, একটি গর্ব, একটি গল্প। নালন্দা এই সত্যের ঘোষণা... যে বই আগুনের শিখায় জ্বলতে পারে... কিন্তু আগুনের শিখা জ্ঞানকে ধ্বংস করতে পারে না। মোদী বলেছেন, নালন্দা শুধুমাত্র ভারতের অতীতের নবজাগরণ নয়। বিশ্বের এবং এশিয়ার অনেক দেশের ঐতিহ্য এর সাথে জড়িত। আমাদের অংশীদার দেশগুলিও নালন্দা বিশ্ববিদ্যালয়ের পুনর্গঠনে অংশগ্রহণ করেছে। আমি এই উপলক্ষ্যে ভারতের সমস্ত বন্ধুপ্রতিম দেশকে অভিনন্দন জানাই। প্রধানমন্ত্রী মোদী আরও বলেছেন, নালন্দা একসময় ভারতের শিক্ষাগত পরিচয়ের কেন্দ্রবিন্দু ছিল। শিক্ষা তো সীমানা, লাভ-ক্ষতির সীমানা ছাড়িয়ে যায়... শিক্ষা আমাদের চিন্তা ও আচরণকে গঠন করে। মোদী জোর দিয়ে বলেছেন, আমার মিশন হল, ভারত বিশ্বের জন্য শিক্ষা ও জ্ঞানের কেন্দ্র হয়ে উঠুক। এদিকে, নালন্দা বিশ্ববিদ্যালয় শীঘ্রই ভারতের



সাংস্কৃতিক বিনিময় অনুষ্ঠানের গুরুত্বপূর্ণ কেন্দ্র হয়ে উঠবে। জোর দিয়ে বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রীর কথায়, ভারত এবং দক্ষিণ-পূর্ব এশিয়ার বিভিন্ন শিল্পকর্মের ডকুমেন্টেশন এখানে করা হচ্ছে। একটি কমন আর্কাইভাল রিসোর্স সেন্টারও প্রতিষ্ঠিত হচ্ছে। নালন্দা বিশ্ববিদ্যালয় আসিয়ান-ইন্ডিয়া নেটওয়ার্ক অফ ইউনিভার্সিটি তৈরির দিকে কাজ করছে।' প্রধানমন্ত্রীর কথায়, নালন্দাই ভারতের প্রথম ক্যাম্পাস যা নেট জিরো শক্তি, নেট জিরো নির্গমন, নেট জিরো বর্জ্য ধারণা নিয়ে কাজ করে এই ক্যাম্পাস বিশ্বকে পথ দেখাবে।'

আন্তর্জাতিক যোগ দিবসের কথা উল্লেখ করে মোদী বলেছেন, ২১ জুন আন্তর্জাতিক যোগ দিবস। এখন ভারতে যোগের শত শত শৈলী বিদ্যমান। এর জন্য আমাদের ঋষিরা নিশ্চয়ই কত নিবিড় গবেষণা করেছেন! কিন্তু, কেউ যোগব্যায়ামের উপর একচেটিয়া আধিপত্য তৈরি করেনি। এখন সারা বিশ্ব যোগকে গ্রহণ করছে, যোগ দিবস একটি বৈশ্বিক উৎসবে পরিণত হয়েছে। অপরদিকে, বিহারের নালন্দা জেলার রাজগীরে নালন্দা বিশ্ববিদ্যালয়ের নতুন ক্যাম্পাস উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বুধবার সকালে বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর, বিহারের রাজ্যপাল রাজেন্দ্র আরলেকর, মুখ্যমন্ত্রী নীতীশ কুমার, উপ-মুখ্যমন্ত্রী বিজয় সিনহা ও অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গের উপস্থিতিতে নালন্দা বিশ্ববিদ্যালয়ের নতুন ক্যাম্পাসের উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী মোদী। উদ্বোধনের পর বৃক্ষরোপণও করেছেন প্রধানমন্ত্রী মোদী। ভারত ও ইস্ট এশিয়া সামিট (ইএএস) দেশগুলির যৌথ উদ্যোগে এই নতুন ক্যাম্পাস গড়ে উঠেছে। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ১৭টি দেশের রাষ্ট্রদূতরাও। এদিন প্রথমে প্রাচীন নালন্দা বিশ্ববিদ্যালয়ের ধ্বংসাবশেষ ঘুরে দেখেন প্রধানমন্ত্রী। তারপরই নালন্দা বিশ্ববিদ্যালয়ের নতুন ক্যাম্পাস উদ্বোধন করেন তিনি।

## মুখ্যমন্ত্রীর শুভেচ্ছা

# বিধায়ক হিসাবে শপথ নিলেন দীপক মজুমদার



বুধবার বিধানসভায় লবিতে বিধায়ক হিসেবে শপথ নেওয়ার পর দীপক মজুমদারকে শুভেচ্ছা জানান মুখ্যমন্ত্রী অধ্যাপক(ডা.) মানিক সাহা।

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ জুন।।** রামনগর বিধানসভার কেন্দ্রের নবনির্বাচিত বিধায়ক হিসেবে শপথ নিলেন দীপক মজুমদার। বিধানসভার লবিতে বিধায়ক দীপক মজুমদারকে শপথ বাক্য পাঠ করিয়েছেন বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন।

এদিন শপথ গ্রহণ অনুষ্ঠানে বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন এছাড়া উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক( ডা:) মানিক সাহা, অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ, প্রনজিৎ সিংহ রায়, বিধায়ক রতন চক্রবর্তী, মন্ত্রী সুশান্ত চৌধুরী, কংগ্রেস বিধায়ক সুদীপ রায় বর্মণ, মন্ত্রী শান্তনা চাকমা, মন্ত্রী টিংকু রায়, প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য্য সহ অন্যান্যরা। ☞ ৬ এর পাতায় দেখুন

# বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে মৃত্যু শ্রমিকের

**নিজস্ব প্রতিনিধি, বিলোনিয়া, ১৯ জুন ।।** বিদ্যুৎস্পৃষ্ট হয়ে এক নির্মাণ শ্রমিকের মর্মান্তিক মৃত্যু হয়েছে। ওই ঘটনায় বিলোনিয়া বনকর নদীর উত্তর পাড় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

পরিবারের জনৈক সদস্য জানিয়েছেন, আজ সকালে বিলোনিয়া বনকর নদীর উত্তর পাড় এলাকায় বাসিন্দা সাধন চৌধুরীর বাড়িতে শ্রমিক বাসুদেব দাস (৪০) কাজ করতে গিয়েছিলেন। প্রতিদিনের মতো আজ ও কাজ করছিলেন শ্রমিকরা। ওই সময় মোটর ☞ ৬ এর পাতায় দেখুন

# নাকা পয়েন্টে ৮ লাখ টাকার গাঁজা উদ্ধার

**নিজস্ব প্রতিনিধি, আমবাসা, ১৯ জুন।।** নেশা বিরোধী অভিযানে বড়সড় সাফল্য পেয়েছে আমবাসা থানার পুলিশ। আমবাসা উপনগর নাকা পয়েন্টে এক গাড়িতে তল্লাশি চালিয়ে আট লক্ষাধিক টাকার শুকনো গাঁজা বাজেয়াপ্ত করতে সক্ষম হয়েছে। সাথে গাড়ির চালককে আটক করা হয়েছে।

প্রসঙ্গত, পার্বত্য রাজ্য ত্রিপুরা থেকে বিপুল পরিমাণে গাঁজা বহিরাজ্যে পাচার হচ্ছে। রেল পথের সাথে পাল্লা দিয়ে সড়ক পথে শুকনো গাঁজা পাচার করা হচ্ছে। ইদানিং কালে পুরুষদের সঙ্গে মহিলারাও পাচার বাণিজ্যে হাত পাঁকা করছেন। এরই মধ্যে আমবাসা থানা এলাকায় জাতীয় সড়কে দুটি নাকা পয়েন্ট রয়েছে। একটি বেত বাগান ☞ ৬ এর পাতায় দেখুন

# ভারী বর্ষণ, জনজীবনে ছন্দপতন, বাড়ছে মনু নদী জলস্তর, ৩ জেলায় লাল সতর্কতা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ জুন।।** আজ সকাল থেকে ত্রিপুরায় ভারী বৃষ্টিপাতে জনজীবনে ভীষণ ছন্দপতন ঘটেছে। এদিকে, গত দুই দিন ধরে কৈলাসহরে অবিরাম বর্ষণের ফলে মনু নদীর জলস্তর বেড়েই চলছে। ফলে আতঙ্কিত হয়ে পড়ছেন শ্রীরামপুর এলাকার মানুষজন। আবহাওয়া দফতরের রিপোর্ট অনুযায়ী বিকেল চারটা পর্যন্ত সর্বাধিক বৃষ্টিপাত ধলাই জেলার মনুঘাটে ৭১.৬ এমএম এবং সর্বনিম্ন গোমতী জেলার অমরপুর ও গোকুলপুরে ০.৫ এমএম রেকর্ড করা হয়েছে।

এদিকে, আবহাওয়া দফতর আগামী ২৪ ঘন্টায় ধলাই জেলায়, উত্তর ত্রিপুরা জেলায়, ঊনকোটি জেলায় লাল সর্তকতা এবং বজ্রবিদ্যুৎ ও ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সর্তকতা বহাল রেখেছে। তেমনি আগামী ২৪ ঘন্টায় খোয়াই জেলায়, পশ্চিম ত্রিপুরা জেলার হলুদ সর্তকতা বহাল রেখেছে।

প্রসঙ্গত, আজ সকাল থেকে আকাশ মেঘাচ্ছন্ন ছিল।

আজ দিনভর বৃষ্টিপাতে জনজীবনে ব্যাপক প্রভাব পড়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৭.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩.৮ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয়েছে। আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা সব জেলায় স্বাভাবিকের কাছাকাছি ছিল।

মৌসম বিভাগ জানিয়েছে, আজ বিকেল চারটা পর্যন্ত আগরতলায় ২১.৬ এমএম বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে।

পশ্চিম ত্রিপুরা জেলার বোধজংনগরে ১৯.৫ এমএম, ডিএম অফিসে ৩০ এমএম, নাগিছড়ায় ২০ এমএম, সচিবালয়ে ১৯ এমএম, হাওরায় ২৬ এমএম বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। তেমনি, সিপাহীজলা জেলার সোনামুরায় ২১ এমএম, বিশ্রামগঞ্জে ১৬.৫ এমএম, গজারিয়া ২২.৪ এমএম এবং সোনামুরায় মোহনভোগে ৩০.২ এমএম, খোয়াই জেলায় ৩৫.৪ এমএম এবং তেলিয়ামুড়ায় ৩৩ এমএম, গোমতী জেলায় অমরপুরে ও গোকুলপুরে ০.৫ এমএম বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। তেমনি, দক্ষিণ ত্রিপুরা জেলায় বিলোনিয়ায় ১২ এমএম বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। তাছাড়া, উত্তর ত্রিপুরা জেলার আশাপাড়ায় ১৭ এমএম, কদমতলায় ১৫ এমএম এবং নতুনবাজার ২৫.৮ এমএম বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। তেমনি, ঊনকোটি জেলায় কুমারঘাটে ৪২.২ এমএম এবং কৈলাসহরে ৪৪.২ এমএম বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। ধলাই জেলায় গন্ডাছড়ায় ৮.৫ এমএম, কমলপুরে ৪৩.৮ এমএম এবং মনুঘাটে ৭১.৬ এমএম বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে।

# এডিসিতে বাতিল চাকুরীর পরীক্ষা আগামী ২১ জুলাই

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ জুন।।** এডিসিতে বাতিল হওয়া চাকরি পরীক্ষা আগামী ২১ জুলাই অনুষ্ঠিত হবে। আজ এডিসি প্রসাশনের তরফ থেকে এক বিবৃতি জারি করে একথা জানানো হয়েছে। যদিও বিবৃতিতে প্রথমে জানানো হয়েছিল আগামী ১৪ জুলাই এই পরীক্ষা অনুষ্ঠিত হবে। কিন্তু কিছুক্ষণ পরেই সেই বিবৃতি পরিবর্তন করে নতুন বিবৃতি জারি করা হয়েছে এডিসি প্রশাসনের তরফে। ☞ ৬ এর পাতায় দেখুন

# ভূমিধসে আসামের একই পরিবারের শিশু সহ ৫ জনের মর্মান্তিক মৃত্যু

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ জুন ।।** প্রতিবেশী রাজ্য আসামের বরাক উপত্যকা জেলায় ভূমিধসে একই পরিবারের শিশুসহ পাঁচজনের মর্মান্তিক মৃত্যু হয়েছে। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় গভীর শোকের ছায়া নেমে এসেছে। ঘটনার খবর পেয়ে প্রশাসনের কর্মকর্তারা অকুস্থলে ছুটে গেছেন। মৃতদেহ গুলি উদ্ধার করা হয়েছে।

প্রবল বৃষ্টিপাতে ভূমিধসে ঘর চাপা পড়ে মৃত্যু হল একই পরিবারের শিশুসহ পাঁচজনের। মর্মান্তিক এই দুর্ঘটনা ঘটে আসাম বদরপুর ভেন্ডারগুল তাজুরতল গ্রামে। মঙ্গলবার রাতে সেখানে আব্দুল করিমের বাড়িতে এই মর্মান্তিক দুর্ঘটনা। বাড়ির সদস্যরা যে (পাকা ওয়াল উপরে টিনের চাল) ঘরে ঘুমিয়ে ছিলেন সেই ঘরের পাশেই ছিল টিলা জমি। প্রবল বৃষ্টিপাতের ফলে রাতে টিলা ধ্বসে পড়ে ঘরের উপর। ভূমিধসে পুরো ঘর মাটি চাপা পড়ে যায়। দুর্ঘটনায় ঘরের ভেতরে থাকা আব্দুল করিমের স্ত্রী সহ তিন কন্যা এবং এক নাতির মর্মান্তিক মৃত্যু হয়। যদিও কোনক্রমে ☞ ৬ এর পাতায় দেখুন

# রিভলভার, কার্তুজ উদ্ধার আটক অভিযুক্তের স্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, সোনামুড়া, ১৯ জুন।।** গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে এক বাড়ি থেকে রিভলভার সহ দুটি তাজা কার্তুজ উদ্ধার করেছে পুলিশ। সাথে অভিযুক্তের স্ত্রীকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করা হয়েছে।

জনৈক পুলিশ আধিকারিক জানিয়েছেন, গোপন সংবাদের ভিত্তিতে থানায় খবর আসে বেজিমারা এলাকার বাসিন্দা আবুল কালামের বাড়িতে আগ্নেয়াস্ত্র মজুত রয়েছে। সেই খবরের ভিত্তিতে বুধবার সকালে সোনামুড়া থানার পুলিশ তার বাড়িতে অভিযান চালিয়েছিল। অভিযানে বাড়ি থেলে রিভলভার সহ দুটি তাজা বুলেট উদ্ধার করে পুলিশ। পুলিশের অভিযানের আচ পেয়ে আগেই মালিক আবুল কালাম পালিয়ে যায়। কিন্তু আবুল কালামের স্ত্রীকে জিজ্ঞাসাবাদ জন্য থানায় নিয়ে গিয়েছে।

# চিকিৎসায় গাফিলতির কারনে মৃত্যু, অভিযোগ জিবি হাসপাতাল কর্তৃপক্ষের বিরুদ্ধে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ জুন।।** জি বি হাসপাতালে চিকিৎসায় গাফিলতির কারণে স্বামীর মৃত্যু হয়েছে, এমনই অভিযোগ তুলে মৃতের স্ত্রী ও পরিবারের সদস্যরা হৈচৈ করেছেন। তাঁদের দাবি, উন্নত চিকিৎসার জন্য অন্যত্র হাসপাতালে স্থানান্তর না করায় মৃত্যু হয়েছে ওই ব্যক্তির। ওই ঘটনায় কিছুক্ষনের জন্য হাসপাতাল চত্বরে চরম উত্তেজনা ছড়িয়েছিল। মৃতের স্ত্রী অভিযোগ করেন, গত ১৫ দিন আগে অ্যাসিড খেয়ে আত্মঘাতী হয়েছিলেন শান্তিরবাজারের বাসুদেব পাল (৩৫)। তখন তাঁকে তড়িঘড়ি শান্তিরবাজার হাসপাতালে ভর্তি করানো হয়েছিল। সেখানকার কর্তব্যরত চিকিৎসক তাকে জিবি হাসপাতালে স্থানান্তর করেন। তারপর থেকে জিবি হাসপাতালেই চিকিৎসাধীন ছিলেন তিনি। মাঝে প্রায় সুস্থ হয়েও উঠেছিলেন তিনি। তখন তাঁকে বাড়ি নিয়ে যেতে চেয়েছিলেন তার স্ত্রী। কিন্তু কিছুদিন পর আবার অসুস্থ হয়ে পড়েন বাসুদেব। তখন রোগীর পরিবারের সদস্যরা উন্নত চিকিৎসার ☞ ৬ এর পাতায় দেখুন

# বাংলাদেশের রোহিঙ্গা ক্যাম্পে পাহাড় ধস, ১০ জনের মরদেহ উদ্ধার

**ঢাকা থেকে মনির হোসেন।।** বাংলাদেশের কক্সবাজারের রোহিঙ্গা ক্যাম্পের বিভিন্ন স্থানে পাহাড় ধসের ঘটনা ঘটেছে। খবর পেয়ে উদ্ধার এখন পর্যন্ত ১০ জনের মরদেহ উদ্ধার করেছে ফায়ার সার্ভিস এবং পুলিশ কর্মকর্তারা। মঙ্গলবার দিবাগত রাতে ৮, ৯ ও ১০ নম্বর ক্যাম্পের পৃথক স্থানে পাহাড় ধসের এসব ঘটনা ঘটে।

কক্সবাজার জেলার অতিরিক্ত পুলিশ সুপার অলক বিশ্বাস বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি বলেন, মূলত মঙ্গলবার রাতে রোহিঙ্গা ক্যাম্পের একাধিক স্থানে একাধিক পাহাড় ধসের ঘটনা



ঘটেছে। এতে এখন পর্যন্ত ১০ জনের মরদেহ উদ্ধার করা হয়েছে। প্রাথমিকভাবে নিহতদের পরিচয় জানা যায়নি। ক্যাম্পের নিরাপত্তার দায়িত্বে থাকা আর্মড পুলিশ ব্যাটালিয়ন-৮ এর অধিনায়ক আমির জাফর বলেন, নিহত ৯ জনের মধ্যে ৭ জনই রোহিঙ্গা। বাকি দুজন বাংলাদেশি বলে জানা গেছে। উদ্ধার কাজ চলমান রয়েছে।

শরণার্থী, ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার মিজানুর রহমান বলেন, মঙ্গলবার রাত থেকে ভারী বৃষ্টি হচ্ছে।

এতে ক্যাম্পের একাধিক স্থানে পাহাড় ধসের ঘটনা ঘটেছে। এখনো পর্যন্ত মোট ১০ জনের মরদেহ উদ্ধার করা হয়েছে। ক্যাম্পে পাহাড় ঘেঁষে অনেক বসতি রয়েছে। জানমাল এড়াতে লোকজনকে নিরাপদে সরে যেতে এলাকায় মাইকিং করা হচ্ছে।




CMYK

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৭০ ▫ সংখ্যা ২৪৭ ▫ ২০ জুন ২০২৪ ইং ▫ ৫ আষাঢ় ▫ বৃহস্পতিবার ▫ ১৪৩১ বঙ্গাব্দ

## কমিতেছে কর্মসংস্থান !

সারা দেশের সাথে রাজ্য ও কর্মসংস্থানের সুযোগ ক্রমশ সংকুচিত হইতেছে। সরকারি চাকরির সংখ্যা খুবই সীমিত। বৃহৎ কোন শিল্পকল কারখানা না থাকায় বেকারদের কর্মসংস্থানের সুযোগ নাই বলেই চলে। ডাবল ইঞ্জিন সরকার বেকারদের কর্মসংস্থানের আগাম প্রতিশ্রুতি দিয়া ক্ষমতায় আসিলেও বাস্তবে বেকারদের কর্মসংস্থান নিশ্চিত করা কষ্টকর বিষয় হইয়া উঠিয়াছে। একথা অনস্বীকার্য যে সমস্ত বেকারদের সরকারি চাকরিতে নিযুক্ত করা কোন সরকারের পক্ষেই কোনদিনই সম্ভব হইবে না। সেই কারণেই বহির রাজ্যের শিল্পকলা কারখানায় রাজ্যের বেকারদের কর্মসংস্থানের জন্য রাজ্যে চাকুরী মেলার আয়োজন করা হইয়া থাকে। এসব ক্ষেত্রেও চাকরির সুযোগ খুবই সীমিত। তাতে জটিল সমস্যার সম্মুখীন হইয়াছে বেকাররা।

সারা দেশেই সরকারি ও বেসরকারি উভয় ক্ষেত্রে কর্মসংস্থানের সুযোগ ক্রমশ সংকুচিত হইতেছে। ফলে মানুষ অসহায় হইয়া পড়িতেছে। বেকারত্ব গোটা দেশকে অন্ধকারের দিকে ধাবিত করিতেছে। ভয়ংকর পরিস্থিতি মোকাবেলা করিতে বাস্তবসম্মত কোন পদক্ষেপ গ্রহণ করা হইতেছে না।

গত ১০ বছরে কেন্দ্রীয় সরকারি রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলিতে একদিকে যেমন কর্মসংস্থান কমিয়াছে, তেমনই চুক্তিভিত্তিক নিয়োগের প্রবণতা অত্যধিক মাত্রায় বাড়িয়া গিয়াছে। সরকারি রিপোর্টেই এই তথ্য উঠিয়া আসিয়াছে। ২০১২-১৩ থেকে ২০২১-২২ পর্যন্ত সময়কাল নিয়ে করা 'পাবলিক এন্টারপ্রাইজ সার্ভে' রিপোর্ট বিশ্লেষণ করিয়া সরকারি সংস্থায় কর্মসংস্থান কমিবার ভয়াবহ চিত্র উঠিয়া আসিয়াছে।এই সমীক্ষার আওতায় ছিল সিপিএসই। এর বিধিবদ্ধ কর্পোরেশন এবং সাবসিডিয়ারিগুলি, যেখানে সরকারের ৫০ শতাংশের বেশি শেয়ার রহিয়ায়েছে। এই সংস্থাগুলিতে ২০১৩-র মার্চে যেখানে ১৭.৩ লাখ কর্মী ছিল, ২০২২-এর মার্চে তাহা কমিয়া হইয়ায়েছে ১৪.৬ লাখ। সমীক্ষায় ৩৮৯টি সিপিএসই-কে নেওয়া হইয়াছে, যাহার মধ্যে ২৪৮টি এখনওচালু রহিয়াছে।'সমীক্ষায় দেখা গিয়াছে, মোট কর্মসংস্থান ২.৭ লক্ষের বেশি হ্রাস ছাড়াও, কর্মসংস্থানের ধরনে উল্লেখযোগ্য পরিবর্তন হইয়াছে। ২০১৩-র মার্চে মোট ১.৭ লক্ষ কর্মচারীর মধ্যে ১৭ শতাংশ চুক্তিতে ছিলেন এবং ২.৫ শতাংশ অস্থায়ী বা দৈনিক মজুরির হিসাবে নিযুক্ত ছিলেন। ২০২২ সালে চুক্তি কর্মীদের অংশ বাড়িয়া ৩৬ শতাংশ হইয়াছে যেখানে অস্থায়ী ও দিনমজুর শ্রমিকদের অংশ বাড়িয়াছে ৬.৬ শতাংশ। সামগ্রিকভাবে, ২০২২ সালের মার্চ পর্যন্ত সিপিএসই-তে নিযুক্তদের মধ্যে ৪২.৫ শতাংশ চুক্তি বা নৈমিত্তিক কর্মীদের বিভাগে পড়িয়াছিল, যেখানে ২০১৩ সালের মার্চ মাসে এর হার ছিল ১৯ শতাংশ।'সংস্থা-ভিত্তিক বিশ্লেষণে দেখা গিয়াছে যে সাতটি সিপিএসই আছে যেখানে গত দশ বছরে মোট কর্মসংস্থান ২০ হাজারেরও বেশি কমিয়াছে। তালিকার নেতৃত্বে রহিয়াছে বিএসএনএল, যেখানে কর্মসংস্থান প্রায় ১.৮ লাখ কমিয়াছে। এর পরে স্টিল অথরিটি অফ ইন্ডিয়া লিমিটেড এবং এমটিএনএল— দুই সংস্থাতেই এই সময়ের মধ্যে ৩০ হাজারের বেশি মানুষ কাজ হারাইয়াছেন।'উল্লেখযোগ্য বিষয় হইল, যে সংস্থাগুলি চাকরি কমিবার তথ্য দিয়াছে, তাহাদের মধ্যে লাভে চলা ও লোকসানে চলা উভয় সংস্থাই রহিয়াছে। যেমন এমটিএনএল এবং বিএসএনএল দেশের অ-লাভজনক ১০টি সিপিএসই-র তালিকায় নাম তুলিয়াছে। লোকসানে চলা, ঋণজর্জরিত এয়ার ইন্ডিয়ার বিলগ্নীকরণ হইয়াছে। অন্যদিকে, স্টিল অথরিটি অফ ইন্ডিয়া এবং ওএনজিসি দুই সিপিএসই ২০২১-২২ আর্থিক বছরে উচ্চ লাভে চলা সংস্থার তালিকায় স্থান পাইয়িছে। অর্থাৎ, সংস্থাগুলিতে কর্মী করাইয়া ফেলিবার একমাত্র কারণ মোটেই সংস্থাগুলির লোকসানে চলা নয়। বেশিরভাগ ক্ষেত্রেই অত্যাধুনিক তথ্য প্রযুক্তির কল্যাণে মানুষ কাজ হারাইয়াছেন। কর্মসংস্থান হারাইয়া ওইসব মানুষজন দিশেহারা হইয়া পড়িয়াছেন। তারা তাহাদের ভবিষ্যৎ নিয়ে এক ভয়ংকর পরিস্থিতির সম্মুখীন হইয়াছেন। উত্তরণের কোন পথ খুঁজিয়া পাইতেছেন না।

## ৩০ জুন ফের শোনা যাবে মন-কি-বাত, প্রধানমন্ত্রীর বক্তব্য শোনার অপেক্ষায় দেশবাসী

নয়াদিল্লি, ১৯ জুন (হি.স.): লোকসভা ভোটের জন্য প্রায় ৩ মাস বন্ধ থাকার পর আগামী ৩০ জুন আবারও শোনা যাবে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মাসিক বেতার অনুষ্ঠান মন-কি-বাত। প্রধানমন্ত্রী হিসাবে তৃতীয়বার দায়িত্ব নেওয়ার পর এটিই হবে তাঁর প্রথম মন-কি-বাত অনুষ্ঠান। জনসাধারণ নিজেদের বক্তব্য এবং পরামর্শ ২৮ জুনের মধ্যে ১৮০০-১১-৭৮০০-এই নম্বরে জানাতে পারবেন।

৩০ জুন মন-কি-বাত অনুষ্ঠানটি হবে ১১১-তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেলে এবং আকাশবাণীর নিউজ অন এআইআর ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ওয়েবসাইটে ও ইউটিউব চ্যানেলেও মন-কি-বাত সম্প্রচারিত হবে। তৃতীয়বার দেশের প্রধানমন্ত্রী হওয়ার পর মোদী কি বক্তব্য রাখেন, তা জানার অপেক্ষায় সমগ্র দেশবাসী।

## স্বস্তি ফেরার পূর্বাভাস পঞ্জাব ও হরিয়ানায়, দিল্লিতেও ২-৩ দিনের বৃষ্টির প্রত্যাশা

নয়াদিল্লি, ১৯ জুন (হি.স.): পঞ্জাব ও হরিয়ানার জন্য অবশেষে স্বস্তির বার্তা দিল ভারতীয় আবহাওয়া দফতর (আইএমডি)। ভারতীয় আবহাওয়া দফতরের পক্ষ থেকে জানানো হয়েছে, পঞ্জাব ও হরিয়ানা-সহ ভারতের উত্তর-পশ্চিম হিমালয় অঞ্চলে আগামী ২৪ ঘন্টার মধ্যে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। এই সময়ে আকাশ থাকবে মেঘলা, পঞ্জাব ও হরিয়ানায় তাপপ্রবাহের পরিস্থিতিও কমতে পারে।

আইএমডি আরও জানিয়েছে, দিল্লিতে আপাতত কমলা সতর্কতা জারি থাকছে। আগামী ২-৩ দিনের মধ্যে দিল্লিতে হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে। বিহারে জারি থাকছে কমলা সতর্কতা এবং ঝাড়খণ্ডে জারি করা হয়েছে হলুদ সতর্কতা। তবে, আপাতত গরমের দাপট থেকে রেহাই পাবে না উত্তর প্রদেশ। পূর্ব ও পশ্চিম উত্তর প্রদেশে আগামী ২২ জুন পর্যন্ত তাপপ্রবাহের সতর্কতা থাকছে। এই পূর্বাভাসের মধ্যেই মঙ্গলবার রাতে স্বস্তির বৃষ্টিতে ভিজেছে বারাণসী।

## শ্রীনগরে প্রধানমন্ত্রীর সফর আসন্ন, সর্বোচ্চ স্তরের নিরাপত্তা প্রস্তুতিতে প্রশাসন

শ্রীনগর, ১৯ জুন (হি.স.): শ্রীনগরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আসন্ন সফরকে ঘিরে চূড়ান্ত ব্যস্ততায় পুলিশ ও প্রশাসন। এবার আন্তর্জাতিক যোগ দিবসের মূল অনুষ্ঠান হবে শ্রীনগরে, সেই উপলক্ষ্যে ২০ জুন শ্রীনগরে এসে পৌঁছবেন প্রধানমন্ত্রী। পরবর্তী দিন ২১ জুন, শ্রীনগরের শের-ই-কাশ্মীর আন্তর্জাতিক কনভেনশন সেন্টারে আন্তর্জাতিক যোগ দিবসের অনুষ্ঠানে যোগ দেবেন প্রধানমন্ত্রী। মোদীর সঙ্গেই আন্তর্জাতিক যোগ দিবসের অনুষ্ঠানে অংশ নেবেন আরও ৬ হাজারের বেশি অংশগ্রহণকারী। তৃতীয়বারের জন্য দেশের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নেওয়ার পর এটিই হবে মোদীর প্রথম জম্মু ও কাশ্মীর সফর।

# বিভূতিভূষণের বিস্মৃত উপন্যাস উদ্ধার

### উপন্যাসটি প্রায় বিস্মৃত ছিল সবার কাছে। বাংলা সাহিতের কালজয়ী লেখক বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস নিশিপদ্ম প্রথম প্রকাশের ছয় দশক পর আবার আলোয় এল। ***আবুল কালাম মুহম্মদ আজাদ***

'হিঙের কচুরি' গল্পে কুসুম প্রতিবেশীর ছেলেটাকে বড় আদর দিত। খেতে দিত হিঙের কচুরি। মাতৃস্নেহের পরশ পেয়ে ছেলেটাও সুযোগ পেলেই ছুটে আসত কুসুমের কাছে। কিন্তু একটা নির্দিষ্ট সময়ে কুসুম তাকে বলত, 'তুমি এবার বাড়ি যাও। এবার আমার বাবু আসবে।' শিশুটির তখন অভিমান হতো। প্রথমবার বলেছিল, 'বাবু কে? কী করবে বাবু আমায়। আমি থাকব।' তারপরও তাকে বুঝিয়ে বাড়ি পাঠিয়ে দিত কুসুম।

এটি বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের পঞ্চদশ গল্পগ্রন্থ জ্যোতিরিঙ্গণ-এর দ্বিতীয় গল্প। ১৯৪৯ সালে মিত্র ও ঘোষ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড থেকে বইটি প্রকাশিত হয়েছিল। এতে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের ১২টি গল্প স্থান পায়।

'হিঙের কচুরি'র মতো একই ঘটনা পাওয়া যায় লেখকের নিশিপদ্ম উপন্যাসে। ছয় দশক বিস্মৃত থাকার পর সম্প্রতি স্বতন্ত্র উপন্যাস হিসেবে রাজশাহী থেকে 'সতীর্থ প্রকাশনা' নামের একটি সংস্থা প্রকাশ করেছে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের সেই নিশিপদ্ম।

এ উপন্যাসে কুসুমের ভূমিকায় রয়েছে পুষ্প। সে প্রতিবেশী হারাধনের ছেলে ভুতুকে একই রকম আদর দিত। ফুলকপির শিঙাড়া খেতে দিত। একটি নির্দিষ্ট সময়ে একইভাবে পুষ্প তাকে বলত, 'তুমি এখন যাও, অন্য লোকজন আসবে এখানে। তাদের সামনে তোমার থাকতে নেই।' এতে অভিমান করত ভুতু। বলত, 'আমি থাকব। কী করবে তারা?' এ সময় পুষ্প ভুতুকে বুঝিয়ে বলত, 'কেউ তোমাকে কিছু করতে পারবে না। এমন করে না লক্ষ্মীটি, যাও বাবা।' এভাবেই বুঝিয়ে বাড়ি পাঠাত।

বিভূতিভূষণের 'হিঙের কচুরি' গল্পের কুসুম আর নিশিপদ্ম উপন্যাসের পুষ্পদুজনেরই ছিল বারবণিতার জীবন। দুজনেই নিঃসন্তান। দুই নারীরই ছিল বুকভরা মাতৃস্নেহ। গল্পের শিশুটির জ্বর আসে। জ্বর আসে উপন্যাসের ভুতুরও। কুসুম আর পুষ্পদুজনেই মাতৃস্নেহে ব্যাকুল হয়ে তখন জ্বরগ্রস্ত শিশুর জানালায় গিয়ে দাঁড়ায়। চুরি করে কচুরি ও শিঙাড়া দেয়। গল্প ও উপন্যাসে একইভাবে সৎমায়ের ভয়ে বালক শিঙাড়া-কচুরি বালিশের নিচে লুকিয়ে ফেলে। বড় হয়ে শিশু দুটি একইভাবে পুষ্প আর কুসুমকে খুঁজে বেড়ায়। একই কাহিনি। গল্পটির সম্প্রসারিত রূপ এই উপন্যাস। 'হিঙের কচুরি' ও নিশিপদ্ম-র এই বালকের মুখ কোথায় যেন পথের পাঁচালীর অপুর সঙ্গে মিশে যায়। আবার আদর্শ হিন্দু হোটেল-এর হাজারী বামুনের জন্য নিঃসন্তান বিধবা কুসুমের মায়া যেন 'হিঙের কচুরি'র কুসুম আর নিশিপদ্ম-র পুষ্পের সঙ্গে একই সুতোয় বাঁধা। হাজারী বামুন বয়সী মানুষ হলেও অবোধ শিশুর মতোই কুসুমের মায়ায় জড়িয়েছিল। কুসুমও তাকে সন্দেশ দিয়ে আপ্যায়ন করেছে।

আবার নিশিপদ্ম উপন্যাসে পুষ্পের নিজের গ্রাম কার্তিকপুরে ফেরার বর্ণনায় রয়েছে, বৈঁচি আর আশশেওড়ার জঙ্গলের পাশ দিয়ে, বোসদের পুকুরপাড়ের বিরাট আমবাগানের মধ্য দিয়ে, বাঁধানো ঘাটের পাশ দিয়ে হাঁটতে হাঁটতে প্রায় গ্রামের শেষ প্রান্তে এসে ডালপালার বেড়া দেওয়া জীর্ণ একটি খড়-মাটির কুঁড়েঘরের সামনে থমকে থামে।' এই বর্ণনাও কোথায় যেন অপু-দুর্গার পথে পথে ঘুরে বেড়ানোর বর্ণনাকে মনে করিয়ে দেয়, যা একান্তই বিভূতিভূষণের বর্ণনাশৈলী।

বলার কথা হলো, বিভূতিভূষণের নিশিপদ্ম উপন্যাসটি তাঁর জীবদ্দশায় আলোর মুখ দেখেনি। উপন্যাসটি পাণ্ডুলিপি আকারে বিভূতিভূষণ ভারতীয় প্রকাশনা সংস্থা 'উজ্জ্বল সাহিত্য মন্দির'-এর তৎকালীন প্রকাশক কিরীটীকুমার পালের কাছে জমা দেন। এর কিছুদিন পর লেখকের অকালমৃত্যু হলে সেই সময়ে এটি আর প্রকাশ পায়নি। উপন্যাসটি কয়েক বছর কিরীটীকুমারের কাছে সংরক্ষিত ছিল। তবে শেষ বয়সে এসে কিরীটীকুমার উজ্জ্বল সাহিত্য মন্দির থেকে বিভূতিভূষণের ছেলে তারাদাস বন্দ্যোপাধ্যায়ের ভূমিকাসমেত নিশিপদ্ম-র পাণ্ডুলিপিটি উপন্যাস হিসেবে সংকলিত করেন। বিভূতিভূষণের মৃত্যুর ১৩ বছর পর ১৯৬৩ সালের জুলাই মাসে (শ্রাবণ ১৩৭০ বঙ্গাব্দ) মনোরমা নামের সংকলনগ্রন্থে লেখকের আরও আটটি গল্পের সঙ্গে এ উপন্যাস প্রকাশিত হয় বলে তথ্য পাওয়া যায়। প্রকাশক হিসেবে তখন এতে কিরীটীকুমার পালের নাম ছিল। একই প্রকাশনী থেকে মনোরমার আরেকটি সংস্করণও পাওয়া যায়। তাতে প্রথম প্রকাশের তারিখ দেওয়া হয়েছে জুলাই ১৯৮০ (শ্রাবণ ১৩৮৭)। আর প্রকাশকের নামের স্থলে লেখা আছে সুপ্রিয়া পালের নাম। শুধু তা—ই নয়, এ সংস্করণে প্রকাশনীর প্রতিষ্ঠাতাদের নামও যুক্ত হয়েছেশরৎচন্দ্র পাল ও কিরীটীকুমার পাল। বিভূতিভূষণের নিশিপদ্ম উপন্যাসটি তাঁর জীবদ্দশায় আলোর মুখ দেখেনি।

এ থেকে বোঝা যাচ্ছে, সুপ্রিয়া পাল কিরীটীকুমার পালেরই উত্তরাধিকারী। এ উপন্যাস অবলম্বনে সত্তর দশকের শুরুতেই বাংলা ও হিন্দিতে চলচ্চিত্র নির্মিত হয়। এ বিষয় আমলে নিলে বইটি যে প্রথম ১৯৬৩ সালেই প্রকাশিত হয়েছিল, তা আরও স্পষ্টভাবে প্রতিভাত হতে পারে। তাহলে ১৯৮০ সালে প্রকাশিত সংস্করণে আবার 'প্রথম প্রকাশ: জুলাই ১৯৮০' লেখা হলো কেন?

এর পেছনে প্রকাশকের কোনো ব্যবসাবুদ্ধি থাকবে হয়তো। তবে মনোরমার সব সংস্করণই শুরু হয়েছে নিশিপদ্ম দিয়ে। পরে ছিল গল্পগুলো। ১৯৮৬ সালে এ সংকলনের আরেকটি মুদ্রণ প্রকাশিত হয়।

১৯৭০ সালে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের এ উপন্যাস অবলম্বনে নির্মিত হয় নিশিপদ্ম নামের চলচ্চিত্র। মহানায়ক উত্তমকুমার ও সেই সময়ের জনপ্রিয় অভিনেত্রী সাবিত্রী চট্টোপাধ্যায় অভিনীত সিনেমাটির ব্যাপক জনপ্রিয়তার কারণে দুই বছরের মধ্যেই ১৯৭২ সালে একই সিনেমা হিন্দিতে অমর প্রেম নামে রিমেক করা হয়। এতে সেই সময়ের বলিউডের সুপারস্টার রাজেশ খান্না ও শর্মিলা ঠাকুর অভিনয় করেন।

মনোরমা নামে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের যে বইটি তাঁর মৃত্যুর পর কলকাতা থেকে বেরিয়েছিল, সেটি তেমন আলোচিত নয়; উপরন্তু দুষ্প্রাপ্যও বটে। আর এ সংকলনগ্রন্থে প্রকাশিত নিশিপদ্ম উপন্যাসটিও কখনো সেভাবে আলোচনায় আসেনি। বলা চলে, বিভূতিভূষণের একটি অনুদ্ঘাটিত, বিস্মৃত লেখা হয়েই এটি রয়ে গেছে। প্রথম প্রকাশের ছয় দশক পর সতীর্থ বইটি যখন আবার নতুনভাবে বের করল, তখনই জানা গেল এই দুর্লভ উপন্যাস পাওয়ার নেপথ্য কাহিনি। প্রকাশনার কর্ণধার মো. তাহমিদুর রহমান জানান, বইটির খোঁজ পাওয়া যায় সামাজিক যোগাযোগমাধ্যম মারফত 'লাইটহাউস বুকশপ' নামে বাংলাদেশের একটি পুরোনো বই বিক্রির ফেসবুক পেজে। এখানে বইটির সূচিপত্র এবং যে পৃষ্ঠায় লেখকের ছেলে তারাদাস বন্দ্যোপাধ্যায়ের ভূমিকা আছে, তার ছবি ছিল। সূচিপত্রে 'নিশিপদ্ম' নামের পাশে ব্র্যাকেটে লেখা রয়েছে 'উপন্যাস'।

এরপর চলতি বছর মার্চের মাঝামাঝি সময়ে সতীর্থ প্রকাশনা থেকে যোগাযোগ করা হলো লাইটহাউস বুকশপের সঙ্গে। একপর্যায়ে দুষ্প্রাপ্য মনোরমা বইটির একটি কপি তাদের হাতে এল। এরপরেই শুরু হয় ভারতে অবস্থানরত লেখক আর প্রকাশকদের উত্তরাধিকারীদের সঙ্গে যোগাযোগের চেষ্টা। কাজটি মোটেই সহজ ছিল না। তারাদাস বন্দ্যোপাধ্যায় ও কিরীটীকুমার পালের উত্তরাধিকারীদের খুঁজে পাওয়া ছিল বেশ দুষ্কর। অতঃপর নানা ঘাট ঘুরে তাঁদের সঙ্গে যোগাযোগের সূত্র পাওয়া গেল।

প্রথমে যোগাযোগ করা হলো উজ্জ্বল সাহিত্য মন্দিরের বর্তমান পরিচালকের সঙ্গে। কয়েক দফা চেষ্টায় মুঠোফোনে তাঁর সঙ্গে যোগাযোগ করা সম্ভব হয়। পুরোটা শুনে তিনি কিছুদিন পর যোগাযোগের আশ্বাস দেন।

এর মধ্যে বিভূতিভূষণের পরিবার তথা তারাদাস বন্দ্যোপাধ্যায়ের উত্তরসূরিদের সঙ্গে যোগাযোগ করে বইটির ব্যাপারে তাঁদের সঙ্গে সবিস্তার আলোচনা হয়। অবাক ব্যাপার হলো, তারাদাসের উত্তসূরিরা বিভূতিভূষণের এ বই এবং এতে থাকা তারাদাসের ভূমিকার বিষয়ে কিছুই জানতেন না! তাহামিদের মাধ্যমেই প্রথম তাঁরা ভূমিকাটি পড়েন এবং নিশ্চিত করেন যে এটি তারাদাসেরই লেখা। ভূমিকায় তারাদাস বন্দ্যোপাধ্যায় লিখেছিলেন, 'মানুষকে ভালোবাসার ক্ষেত্রে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় অনন্য, প্রকৃতিপ্রেমিক হিসেবে তাঁর পরিচয় সর্বজনস্বীকৃত এবং এই পরিচয়ের আড়ালেই চাপা পড়ে গিয়েছে তাঁর মানবপ্রেমিক সত্তা। কয়েক বছর আগে সমস্ত বাংলাদেশের জনচিত্তে দোলা দিয়ে ব্যবসায়িক সাফল্যের চূড়ায় উঠেছিল বিভূতিভূষণের রচিত কাহিনি অবলম্বনে তৈরি একটি চলচ্চিত্র নিশিপদ্ম।...সাধারণের চোখে হেয় এক পতিতার মাতৃহৃদয়ের স্নেহধারা একটি বালকের প্রতি কেমন করে উৎসারিত হয়েছিল, নিশিপদ্ম তারই গল্প। এযাবৎ এ কাহিনি কোথাও কোনো অমনিবাসে সংকলিত হয়নি। বিভূতি-সাহিত্যের আরেকটি অনুদ্ঘাটিত উন্মোচিত করে কিরীটীকুমার পাল সবার ধন্যবাদার্হ হলেন।'

প্রাসঙ্গিকভাবেই এখানে 'হিঙের কচুরি' গল্পের বিষয়েও বলা প্রয়োজন। গল্পটি বিভূতিভূষণের জীবনের একটি ঘটনার প্রতিরূপ। বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের সহপাঠী, বন্ধু এবং একই মেসের বাসিন্দা নীরদচন্দ্র চৌধুরীর লেখা দাই হ্যান্ড, গ্রেট অ্যানার্ক বইয়ের 'বন্ধু বিভূতিভূষণ' শিরোনামের প্রবন্ধ থেকে জানা যায়, চার-পাঁচ বছর বয়সে বাবার সঙ্গে কলকাতায় এসে বিভূতিভূষণ যে এলাকায় বসবাস শুরু করেন, সেখানকার এক নারী বিভূতিভূষণকে খুব স্নেহ করতেন। বিভূতিভূষণও তাঁর প্রতি অনুরক্ত ছিলেন। প্রায় সারা দিনই তাঁর স্নেহছায়ায় থাকতেন। তো সন্ধ্যার সময় সেই নারী বিভূতিভূষণকে বলতেন, 'বাছা, এবার বাড়ি যাও। আমার বাবু আসিবেন।'

এ ঘটনার বহু বছর পর নীরদচন্দ্রকে সঙ্গে নিয়ে সেই নারীকে খুঁজতে যান বিভূতিভূষণ। তত দিনে এলাকাটি একটি পতিতালয়ে পরিণত হয়েছে। তাই ওই নারীকে খুঁজতে গিয়ে বেশ বিব্রতকর ঘটনার সম্মুখীন হন তাঁরা। নিজের শৈশবজীবনের এ ঘটনা 'হিঙের কচুরি' ও নিশিপদ্ম উপন্যাসে বিশদ করে লিখেছেন বিভূতিভূষণ। দীর্ঘদিন বিস্মৃত থাকার পর বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের নিশিপদ্ম প্রথমবারের মতো একক গ্রন্থরূপে বাংলাদেশের একটি মফস্সল থেকে প্রকাশিত হলো, আমাদের জন্য এটি গর্বের না হয়ে কি পারে!

# যুদ্ধের ময়দানে রচিত কবিতা

**সাজ্জাদ শরিফ**

যশোর রোডের বনগাঁ-বয়ড়া সীমান্তের একটি শরণার্থীশিবিরে কবি অ্যালেন গিন্সবার্গ, সেপ্টেম্বর ১৯৭১।

যশোর রোডের বনগাঁ-বয়ড়া সীমান্তের একটি শরণার্থীশিবিরে কবি অ্যালেন গিন্সবার্গ, সেপ্টেম্বর ১৯৭১। ছবি: জন গিয়োর্নো

একাত্তরের মুক্তিযুদ্ধ আর কিছুদিন পরই তার চূড়ান্ত পর্বে ঢুকবে। কিন্তু ২৫ মার্চ রাতে বাঙালিদের ওপর সেই যে গণহত্যার সূচনা করেছিল পাকিস্তানের সেনাবাহিনী, তা আরও ব্যাপকতর স্তরে পৌঁছেছে। সারা দেশে নির্বিচারে মানুষ মারছে তারা। মুক্তিযুদ্ধের শুরু থেকেই তাই প্রাণ বাঁচানোর তাগিদে যেখানে পারছে মানুষ পালাচ্ছে। নর-নারী, হিন্দু-মুসলমান, ধনী-গরিবযে সুযোগ পাচ্ছে, সে-ই। সীমান্ত পেরিয়ে অসংখ্য মানুষ পিলপিল করে ঢুকছে ভারতে। ডিসেম্বর মাসের মাঝামাঝি নাগাদ এ সংখ্যা ৯৯ লাখ ছুঁইছুঁই করবে। তবে এখন চলছে সেপ্টেম্বর।

বাংলাদেশের বেনাপোল প্রান্ত দিয়ে যে রাস্তাটা ভারতে ঢুকে গেছে, তার নাম যশোর রোড। কলকাতার দিকে ছুটে যাওয়া দীর্ঘ এই রাস্তায় মানুষের মাথা মানুষে খাচ্ছে। রাস্তার দুপাশ ঘরবাড়িতে তখনো ততটা ঘিঞ্জি নয়। মাঝেমধ্যে যেসব খেতি জমি আর ফাঁকা মাঠ, সব সয়লাব হয়ে আছে মানুষে। মাইলের পর মাইল তাঁবু খাটিয়ে থাকা মানুষ, খোলা মাঠে নিরাশ্রয় মানুষ, মুমূর্ষু স্বজনকে পিঠের ওপর বয়ে কুঁজো হয়ে হাঁটতে থাকা মানুষ। আর পুরো দৃশ্যপট ভাসিয়ে নিয়ে গেছে বন্যা। বন্যার হাত ধরে এসেছে তার চিরন্তন আততায়ী সঙ্গী কলেরাও।

এই মৃত্যুময় দৃশ্যপটের মধ্যে বন্যার পানি ভেঙে ঢুকে পড়েছেন এক সাহেব। সাহেব আসলে তিনি নন। একই সঙ্গে ক্রুদ্ধ ও মমতাময় যুক্তরাষ্ট্রের এক কবি। তিনি এসেছেন বনগাঁ-বয়ড়া সীমান্তের শরণার্থীশিবিরে। তাঁবুতে তাঁবুতে ঘুরছেন। কথা বলছেন শরণার্থীদের সঙ্গে। দেখছেন, খাদ্যের অভাবে কীভাবে ধুঁকছে লাখ লাখ মানুষ, মরণাপন্ন মা—বাবার জন্য ওষুধ না পেয়ে কীভাবে মাথা কুটছে সন্তান, বমি করতে করতে কীভাবে মরছে শিশুরা। নিউইয়র্কে ফিরে গিয়ে নভেম্বরের ১৪ থেকে ১৬ তারিখ পর্যন্ত এ অভিজ্ঞতা একটি কবিতায় রূপ দেবেন এই কবি। ভিলেজ ভয়েস ও নিউইয়র্ক টাইমস-এ 'সেপ্টেম্বর অন যশোর রোড' নামে বেরোবে সেই কবিতা। হুলুস্থুল পড়ে যাবে দুনিয়াজুড়ে। অ্যালেন গিন্সবার্গ (১৯২৬৯৭) নামের সেই কবিটি তত দিনে একাধারে দারুণ নন্দিত ও নিন্দিত। তাঁর জীবনযাপন প্রথাবিরোধী ও অকপট। সে সময়ে তিনি খোলামেলাভাবে ঘুরছেন পিটার অর্লভস্কি নামে তরুণ এক কবিকে নিয়ে। সবার সঙ্গে তাঁকে পরিচয় করিয়ে দিচ্ছেন নিজের স্ত্রী হিসেবে। সেই অকপট জীবনের নানা অভিজ্ঞতা উপচে পড়েছে তাঁর খোলামেলা কবিতার মধ্যেও। যুক্তরাষ্ট্রের সব রাজ্যে সমকামী আইনও তখন অসম্ভব কড়া। কিন্তু ওসবের থোড়াই তোয়াক্কা করেন তিনি। 'হাউল'-এ নিজের এ অভিজ্ঞতার কথা খোলাখুলি লেখায় পুলিশ সে কবিতা বাজেয়াপ্ত করেছে। উইলিয়াম ব্লেকের কবিতা পড়ে চর্মচক্ষে 'ঈশ্বর-দর্শন' তো হয়ে গেছে তারও বহু বছর আগে। এ সময়ে তাঁকে তুমুল তর্কের কেন্দ্রে নিয়ে এসেছে বিট সাহিত্য আন্দোলন, যুদ্ধবাজ মার্কিন প্রশাসনের তীব্র সমালোচনা, কিউবার পক্ষ সমর্থন এবং ভিয়েতনাম যুদ্ধের বিরোধিতা। সেই বিতর্কের ঘূর্ণিবাত্যার মধ্যেই তিনি এসেছেন কলকাতায়। অ্যালেন গিন্সবার্গ এস্টেটের ওয়েবসাইট বলছে, 'অনামা এক লোকের অনুদানের টিকিটে অ্যালেন ভারত, পশ্চিমবঙ্গ এবং পরে বন্যা ও দুর্ভিক্ষে প্রায় ৭০ লাখ লোকের উন্মূল দশা দেখতে যশোর রোডের শরণার্থীশিবিরে ঘুরতে যান।' বাঁচার আশায় যশোর রোডের শরণার্থীশিবিরের দিকে মানুষের ঢল, ১৯৭১।

না, একেবারেই অনামা নন। অ্যালেন গিন্সবার্গকে কলকাতা যাওয়ার টাকা দিয়েছিলেন ব্রিটেনের জনপ্রিয় রক ব্যান্ড রোলিং স্টোনসের কিথ রিচার্ডস। যুক্তরাষ্ট্রের সরকার ও প্রশাসন বাংলাদেশের মানুষের স্বাধীনতার আকাঙ্ক্ষার বিরুদ্ধে অবস্থান নিয়েছিল। কিন্তু সেখানকার সাধারণ মানুষের মধ্যে সমর্থনের জোয়ার জেগেছিল বাঙালিদের প্রতি। আর সেটি সম্ভবপর করে তুলেছিলেন যুক্তরাষ্ট্রের কবি-শিল্পী-অধিকারকর্মীরা। কিথ রিচার্ডসের প্রত্যাশা ছিল, কলকাতায় গিয়ে অ্যালেন গিন্সবার্গ 'গৃহযুদ্ধের ছোবল থেকে পালানো বাংলাদেশের কোটি মানুষের মর্মান্তিক দুর্দশার ছবি তুলে ধরবেন।' সেই যাত্রায় গিন্সবার্গের সফরসঙ্গী ছিলেন তিনজন। একজনের নাম কবিতাটির মধ্যেই আছে'সুনীল পোয়েট', মানে পশ্চিমবঙ্গের কবি সুনীল গঙ্গোপাধ্যায়। বাকি দু'জন কারা? সুনীল লিখেছেন, 'একজন বিদেশি পর্যটক ও কলকাতার বাংলাদেশ মিশনের একটি সুদর্শন বুদ্ধিমান যুবকএঁদের দুজনেরই নাম মনে করতে পারছি না।' ('একটি অসাধারণ কবিতা', কবিতা কার জন্য?) গিন্সবার্গের কবিতাসমগ্রে 'সেপ্টেম্বর অন যশোর রোড' কবিতার পাদটীকা থেকে জানা যাচ্ছে, সেই বিদেশি পর্যটক একজন মার্কিন বৌদ্ধ ছাত্র, কবি জন গিয়োর্নো। শরণার্থীশিবিরে গিয়োর্নো গিন্সবার্গের ছবিও তুলেছিলেন। তেমন একটি ছবি গিন্সবার্গের ওয়েবসাইটে যত্ন করে রাখা আছে। বাংলাদেশ মিশনের কর্মকর্তাটির অবশ্য কোনো পরিচয় খুঁজে পাওয়া যায়নি। শরণার্থীশিবিরে যাওয়ার অভিজ্ঞতা কোনোক্রমেই মধুর ছিল না। সুনীল লিখেছেন, 'আমরা যখন যাই, তখনো সীমান্তে বিদেশিদের গমনাগমন নিষিদ্ধ হয়নি বটে, কিন্তু তখন ওখানে বন্যার দাপট চলছে। বনগাঁ শহরের মধ্যেই বড় রাস্তায় একহাঁটু জল, বয়ড়ার রাস্তায় নৌকা চলছেশরণার্থীশিবিরের মধ্যেও জলস্রোত। তাতে অবশ্য ওই বেপরোয়া কবি নিরস্ত হননি। ট্যাক্সি ছেড়ে দিয়ে আমরা জলের মধ্যেই হাঁটতে শুরু করিপ্রথমে পাৎলুন গুটিয়ে, তারপর মায়া ত্যাগ করে সর্বাঙ্গ ভিজিয়ে। ঘণ্টার পর ঘণ্টা ঘুরেছিলাম, কখনো কখনো নৌকায় কিছু পথ ঘুরেছিডাব ও সিগারেট ছাড়া আর কোনো খাদ্যপানীয় ছিল না।' বাংলাদেশি শরণার্থীদের যে দুর্ভোগে গিন্সবার্গ দেখতে পান, তার বিশদ বিবরণ কবিতাটিতে উঠে আসে। ওই সময়টাতে গিন্সবার্গ কবিতাও লিখছেন এক অদ্ভুত উপায়ে। যুক্তরাষ্ট্রের বিদেশনীতি সম্পর্কে সোচ্চার প্রথাবিরোধী এই কবি তখন চষে বেড়াচ্ছেন পৃথিবীর এ প্রান্ত থেকে ও প্রান্ত। আর যা কিছু দেখছেন, টেপরেকর্ডারে ধরে রাখছেন সব। বিট সাহিত্য গবেষক টনি ট্রিজিলিও জানিয়েছেন, 'কবির তাৎক্ষণিক ভাবনা বলা হয়ে যাচ্ছিল টেপরেকর্ডারে। একই সঙ্গে রেকর্ড হয়ে যাচ্ছিল চারপাশের আওয়াজ আর গাড়ির রেডিওতে চলতে থাকা খবর।' (এনসাইক্লোপিডিয়া অব বিট লিটারেচার, সম্পাদনা: কুর্ট হেমার) সুনীলও লিখেছেন একই কথা, 'অ্যালেন গিন্সবার্গের সঙ্গে একটা টেপরেকর্ডার ছিল, সর্বক্ষণ খোলা, যেকোনো ব্যাপারে তাঁর প্রতিক্রিয়া টেপরেকর্ডারকে শোনাচ্ছিলেন, কখনো আমরা সবাই মিলে যা আলোচনা করেছি, তা-ও টেপ-নিবদ্ধ হয়।' যশোর রোডে শরণার্থীরা, ১৯৭১।

কবিতাটির বক্তব্য ছিল সরাসরি। টনি লিখেছেন, 'গিন্সবার্গ শরণার্থীদের খাদ্যাভাবের বিশদ বর্ণনা দিয়েছেন। সেই সঙ্গে এই প্রশ্নও তুলেছেন, ভিয়েতনামে বিরামহীন যুদ্ধ চালিয়ে যাওয়ার জন্য মার্কিন তহবিলের টাকা ওই লাখ লাখ নিরাশ্রয় শিশুকে সাহায্যের জন্য কেন ব্যয় করা হবে না।' কবিতাটিতে জায়গা করে নিয়েছিল শরণার্থীদের আরও নানা দুর্দশার ছবি, অজানার পথে লাখো নিরাশ্রয় লোকের দেশত্যাগের মর্মন্তুদ বর্ণনা, বাংলাদেশ ও ভিয়েতনামে মার্কিন যুদ্ধনীতির কঠোর সমালোচনা।

'আ রিভাইভ্যাল অব পোয়েট্রি অ্যাজ সং: অ্যালেন গিন্সবার্গ, রক অ্যান্ড রোল, অ্যান্ড দ্য রিটার্ন টু দ্য বার্ডিক ট্র্যাডিশন' শিরোনামের এক লেখায় গিন্সবার্গের আরেক গবেষক কেটি এম স্টিফেনসন বলছেন, 'কলকাতায় যে মানুষদের গিন্সবার্গ দেখতে পেয়েছিলেন, "সেপ্টেম্বর অন যশোর রোড" কবিতায় তিনি তাদের কণ্ঠস্বর দিতে চাইলেন। কবিতাটির মধ্য দিয়ে পৌঁছুতে চাইলেন বৃহত্তর পরিসরে ছড়ানো যুক্তরাষ্ট্রের ব্যাপ্ত জনতার কাছে। তাদের কাছে নগ্ন করে দিতে চাইলেন এই রাষ্ট্রের কপটতা: ন্যূনতম প্রাপ্তি থেকে বঞ্চিত রেখে পৃথিবীর অসংখ্য মানুষকে যে মৃত্যুর দিকে ঠেলে দিয়েছে, অথচ ভিয়েতনামে খরচ করছে যুদ্ধের পেছনে।' কলকাতা থেকে যুক্তরাষ্ট্রে ফিরে গিয়ে কী করলেন অ্যালেন গিন্সবার্গ? কেটি স্টিফেনসন দিচ্ছেন এক মজার তথ্য: '১৯৭১ সালে কলকাতা থেকে ফিরে এসে গিন্সবার্গ যাঁর সঙ্গে দেখা করতে উন্মুখ হয়ে উঠলেন, তিনি এজরা পাউন্ড নন, জন লেনন। তিনি তড়িঘড়ি করে সাইরাক্যুসে ছুটলেন। ওখানে ছিল জন লেনন আর ইয়োকো ওনোর অ্যাপার্টমেন্ট। জন লেননকে "সেপ্টেম্বর অন যশোর রোড" পড়ে শোনালেন। "সংগীতশিল্পীটির দুচোখ বেয়ে যখন অশ্রু গড়াতে শুরু করল", তিনি অনুভব করলেন কবিতাটি ঘটনা ঘটিয়ে ফেলেছে।'

একটি কবিতা লিখেই অ্যালেন গিন্সবার্গ বসে রইলেন না। মার্কিন চেতনার গভীরে বাংলাদেশের মানুষের দুর্দশার কথা কী করে পৌঁছানো যায়, এ দুর্দশা দূর করতে কীভাবে মার্কিন জনতাকে সক্রিয় করে তোলা যায়, সে ভাবনায় তিনি অস্থির হয়ে রইলেন। একটি কবিতা পাঠের আয়োজন করলেন তিনি। বাংলাদেশের মুক্তিযুদ্ধের প্রশ্নে দুই পরাশক্তি যুক্তরাষ্ট্র ও সোভিয়েত ইউনিয়ন তখন প্রতিপক্ষ ও প্রবলভাবে বিবদমান। নিউইয়র্কের সেই কবিতার আসরে যুক্তরাষ্ট্রের কবি গিন্সবার্গ আর রুশ কবি আন্দ্রেই ভজনেসেনস্কি হয়ে উঠলেন মধ্যমণি। ইয়েভগেনি ইয়েতুশেঙ্কো আর আন্দ্রেই ভজনেসেনস্কি তত দিনে সোভিয়েত ইউনিয়নে এক জোড়া কিংবদন্তিতুল্য নাম হয়ে উঠেছেন। কবিতার নতুন ভাষায়, যৌবনের দাপটে, ব্যঙ্গ আর পরিহাসে তরুণসমাজকে ভাসিয়ে নিয়ে গেছেন তাঁরা। একই মঞ্চে দাঁড়িয়ে গিন্সবার্গ আর ভজনেসেনস্কি বিশ্বকে বার্তা দিলেন, রাষ্ট্র যা-ই ভাবুক বা করুক, কবিরা আছেন বাংলাদেশের মানুষের পক্ষে। সব সীমান্তের বাধা পেরিয়ে কবিরা আছেন পৃথিবীর সব নিপীড়িত মানুষের হাত ধরে।

কবিতার সেই আসরে গিন্সবার্গ তাঁর সদ্য রচিত কবিতা 'সেপ্টেম্বর ইন যশোর রোড' পড়ে শোনালেন। সেখানে যোগ দিয়েছিলেন অ্যালেন গিন্সবার্গের বিট দলের কবি-বন্ধুরাওগ্রেগরি করসো, অ্যান ওয়াল্ডম্যান, পিটার অর্লভস্কি, কেনেথ কচ, এড স্যান্ডার্স, মাইকেল ব্রাউনস্টাইন, ডিক গ্যালাপ আর রন প্যাজেট। ২০ নভেম্বর সন্ধ্যা ৭টায় সেন্ট জর্জ'স এপিস্কোপাল চার্চে বসল এ আসর। 'অ্যামেরিকানস ফর বাংলাদেশ' নামের একটি সংগঠন এর আয়োজন করল। তারা জানাল, এ আয়োজনের উদ্দেশ্য 'বাংলাদেশ সম্পর্কে সবাইকে জানানো এবং বাংলাদেশের জন্য একটি ত্রাণ তহবিল গড়ে তোলা।'

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।



কেন্দ্রীয় অর্থ ও কর্পোরেট বিষয়ক মন্ত্রী শ্রীমতি নির্মলা সীতারামন নয়াদিল্লিতে আসন্ন কেন্দ্রীয় বাজেট ২০২৪-২৫ এর জন্য পরামর্শ নিতে বিশিষ্ট অর্থনীতিবিদদের সাথে প্রথম প্রাক-বাজেট বৈঠকে সভাপতিত্ব করেন।

# জল সঙ্কট ইস্যুতে দিল্লিতে বিক্ষোভ অব্যাহত বিজেপির, উঠল কেজরির ইস্তফার দাবি

নয়াদিল্লি, ১৯ জুন (হি.স.): জলের সঙ্কটে দিল্লির সাধারণ মানুষের জীবন এখন দুর্বিষহ। আর এই অবস্থায় জল সঙ্কট ইস্যুতে দিল্লি সরকারের বিরুদ্ধে লাগাতার আন্দোলন চালিয়ে যাচ্ছে বিজেপি।

এবার দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের ইস্তফার দাবি জানাল বিজেপি। বুধবার সকালে বিজেপি সাংসদ প্রবীণ খান্ডেলওয়াল দিল্লিতে জল সঙ্কট ইস্যুতে আম আদমি পার্টির সরকারের বিরুদ্ধে প্রতিবাদের নেতৃত্ব দেন। নিশানা করেন কেজরিওয়ালকে।

প্রবীণ খান্ডেলওয়াল বলেছেন, 'সমগ্র দিল্লি তীব্র জল সঙ্কটের মুখোমুখি।

আমি আগেই বলেছি, এই জলের সঙ্কট নতুন কিছু নয়। গত ১০ বছর ধরে প্রতি বছর গ্রীষ্মের মরসুমে দিল্লি জলের সঙ্কটের সম্মুখীন হয়। আমি কেজরিওয়াল সরকারের কাছে জানতে চাই, গত ১০ বছরে কী পদক্ষেপ নেওয়া হয়েছে। এটা স্পষ্ট যে, কেজরিওয়াল সরকার এই সমস্যা অথবা অন্য কোনও সমস্যা সমাধানে আগ্রহী নয় এবং কেবল রাজনীতি করতে চায়।'

# দিল্লিতে জলের অভাব চূড়ান্ত পর্যায়ে, দিন-দিন খারাপ হচ্ছে পরিস্থিতি

নয়াদিল্লি, ১৯ জুন (হি.স.): রাজধানী দিল্লিতে জলের অভাব চূড়ান্ত পর্যায়ে পৌঁছেছে, দিন-দিন খারাপ হচ্ছে পরিস্থিতি। জলের জন্য নাকাল অবস্থা রাজধানীর সাধারণ মানুষের। জলের জন্য প্রায়দিনই কার্যত লড়াই করতে হচ্ছে সাধারণ মানুষকে। বুধবার সকালেও একইরকম ছবি ধরা পড়ল দিল্লির বিভিন্ন এলাকায়।

তীব্র গরমের মধ্যে জলের সঙ্কট দিল্লির বেশ কিছু এলাকার বাসিন্দাদের নাজেহাল করে তুলেছে।

জল সরবরাহের জন্যে ট্যাঙ্কারের দেখা মিলতেই ঝাঁপিয়ে পড়ছেন স্থানীয়রা। কেউ ড্রাম, কেউ বালতিতে জল ভরছেন। বুধবার সকালে দিল্লির ওখলা এলাকায় জলের ট্যাঙ্কার পৌঁছতেই বড় বড় ড্রাম, বালতি নিয়ে জল সংগ্রহ করে রাখতে ভিড় করেন এলাকাবাসী। গীতা কলোনিতেও একই ছবি ধরা পড়েছে।

গীতা কলোনির বাসিন্দা এক মহিলা বলেছেন, 'আমি প্রতিদিন এখানে জল সংগ্রহ করতে আসি। এখানে খুব ভিড়, খুবই খারাপ অবস্থা আমাদের।' চাহিদা মেটাতে জল কিনতে হচ্ছে বলেও জানিয়েছেন অনেকে। দিল্লির বসন্ত বিহারের কুসুম বিহার এলাকাতেও এদিন সকালে ট্যাঙ্কার থেকে জল সংগ্রহ করেন সাধারণ মানুষ।

# জন্মদিনে রাহুলকে শুভেচ্ছা খাড়গের, দীর্ঘায়ু ও সুস্বাস্থ্য কামনা কংগ্রেস সভাপতির

নয়াদিল্লি, ১৯ জুন (হি.স.): কংগ্রেসের অন্যতম শীর্ষ নেতা রাহুল গান্ধীকে তাঁর ৫৪-তম জন্মদিনে শুভেচ্ছা জানালেন কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে। জন্মদিনে রাহুলকে শুভেচ্ছা জানিয়ে তাঁর দীর্ঘায়ু ও সুস্বাস্থ্য কামনা করেছেন খাড়গে। বুধবার এক্স—এ শুভেচ্ছা বার্তায় খাড়গে লিখেছেন, রাহুল গান্ধীকে জন্মদিনের হার্দিক শুভেচ্ছা।

এরপরই খাড়গে লিখেছেন, ভারতীয় সংবিধানে গৃহীত মূল্যবোধের প্রতি আপনার অটল অঙ্গীকার ও লক্ষ লক্ষ কণ্ঠের প্রতি আপনার সহানুভূতি, এই গুণগুলিই আপনাকে আলাদা করে। কংগ্রেস দলের বৈচিত্র্য, সম্প্রীতি এবং সহানুভূতির মধ্যে ঐক্যের নীতি আপনার সমস্ত কাজে দৃশ্যমান, আপনি ক্ষমতার কাছে সত্যের আয়না দেখিয়ে শেষ ব্যক্তির দাঁড়িয়ে থাকা চোখের জল মুছতে নিজের মিশন চালিয়ে যাচ্ছেন।'

# মানুষের রান্না করার মতোও জল নেই, দিল্লি সরকারকে একহাত নিয়ে মন্তব্য বীরেন্দ্রর

নয়াদিল্লি, ১৯ জুন (হি.স.): জল সঙ্কট ইস্যুতে দিল্লির আম আদমি পার্টির সরকারের বিরুদ্ধে তীব্র আক্রমণ শানালেন দিল্লি বিজেপির সভাপতি বীরেন্দ্র সচদেবা। বুধবার উদ্বেগ প্রকাশ করে বীরেন্দ্র বলেছেন, মানুষের রান্না করার মতোও জল নেই। জল সঙ্কট ইস্যুতে বুধবার সকালে দিল্লিতে বিক্ষোভ প্রদর্শন করেন বিজেপির নেতা-কর্মীরা।

বিক্ষোভ কর্মসূচিতে অংশ নেন দিল্লি বিজেপির সভাপতি বীরেন্দ্র সচদেবা এবং নতুন দিল্লির বিজেপি সাংসদ বাশুরি স্বরাজও। এএপি সরকারের বিরুদ্ধে প্রতিবাদ মুখর হন তাঁরা। সাধারণ জনসাধারণের সমস্যার কথা তুলে ধরে বীরেন্দ্র বলেছেন, 'জনসাধারণ বলছেন হয় আমাদের জীবিকা নির্বাহ করতে হবে অথবা জলের জন্য সারারাত অপেক্ষা করতে হবে। এমনকি রান্না করার জন্যও মানুষের কাছে জল নেই।'

# শোকের আবহ বালিগঞ্জের জামির লেনে, কফিনবন্দি দেহ ফিরল ট্রেন দুর্ঘটনায় নিহত শুভজিতের

কলকাতা, ১৯ জুন (হি স.): ট্রেন সফর পরিণত হয়েছে শেষযাত্রায়। বুধবার ভোরে বালিগঞ্জের জামির লেনের বাড়িতে ফিরল কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস ট্রেন দুর্ঘটনায় নিহত শুভজিৎ মালির নিথর দেহ। মেয়ের জন্মদিনেই বাবার মৃত্যু হয়েছে।

# বুধের সকালে কিছুটা বাড়লো শেয়ার সূচক

মুম্বই, ১৯ জুন (হি. স.): বুধবার বাড়লো শেয়ার সূচক। এদিন সকাল থেকেই মূল সূচকগুলির মাত্রা কিছুটা উচ্চতায় পৌঁছয়। বুধবার সকাল সকাল মুম্বই স্টক এক্সচেঞ্জের সূচক এবং ন্যাশনাল স্টক এক্সচেঞ্জের সূচক সেনসেক্স ১০২.০২ পয়েন্ট ও ৩০.৩৫ পয়েন্ট ঊর্ধ্বগামী হয়।

এদিন বেশি লাভ হয়েছে রাষ্ট্রীয় কেমিক্যালস অ্যান্ড ফার্টিলাইজারস, স্যানোফি ইন্ডিয়া, দ্য ফার্টিলাইজারস অ্যান্ড কেমিক্যালস ত্রিবাঙ্কোর, দীপক ফার্টিলাইজারস অ্যান্ড পেট্রোকেমিক্যালস কর্পোরেশন, চম্বল ফার্টিলাইজারস অ্যান্ড কেমিক্যালস, স্যাফায়ার ফুডস ইন্ডিয়া, জোম্যাটো, গুজরাট স্টেট ফার্টিলাইজার অ্যান্ড কেমিক্যালসে।

তবে এদিন পতন দেখা গেছে জেডএফ কমার্সিয়াল ভেহিকেল কন্টোল সিস্টেমস ইন্ডিয়া, শোভা, মাজাগন ডক শিপবিল্ডার্স, ম্যাক্রোটেক ডেভলপারস, ইন্দাস টাওয়ারস, ভারত ডায়নামিক্স, গার্ডেন রিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ারস,ইত্যাদি শেয়ারে। পাশাপাশি এদিন বেশ কিছু সেক্টরের মধ্যে নিফটি রিয়েলটিতে পতন দেখা গিয়েছে। এই সূচক প্রায় ০.৭২ শতাংশ হ্রাস পেয়েছিল। অন্যদিকে, নিফটি ব্যাঙ্ক, নিফটি অটো, নিফটি আইটি, নিফটি পিএসইউ ব্যাঙ্ক, নিফটি ফিনান্সিয়াল সার্ভিসেস, নিফটি ফার্মা, নিফটি এফএমসিজি, নিফটি মেটাল, নিফটি মিডিয়া, নিফটি এনার্জি, নিফটি প্রাইভেট ব্যাঙ্ক, নিফটি ইনফ্রা, নিফটি কমোডিটিজ, নিফটি কনজাম্পশন, নিফটি পিএসই, নিফটি সার্ভিস সেক্টর, নিফটি হেলথকেয়ার এবং নিফটি অয়েল অ্যান্ড গ্যাসের সূচকে বৃদ্ধি দেখা গিয়েছে।

# শশাঙ্কাসন-এর সুফল তুলে ধরলেন মোদী, জানালেন এই আসনের উপকারিতা

নয়াদিল্লি, ১৯ জুন (হি.স.): আর মাত্র একদিন পরই আন্তর্জাতিক যোগ দিবস। দেশজুড়ে জোরকদমে চলছে শেষ মুহূর্তের প্রস্তুতি, আন্তর্জাতিক যোগ দিবসের প্রাক্কালে প্রতিদিনই সামাজিক মাধ্যমে বিভিন্ন ধরনের যোগাসনের সুফল তুলে ধরছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। আর বুধবার সকালে শশাঙ্কাসন-এর সুফল তুলে ধরলেন প্রধানমন্ত্রী মোদী।

বুধবার সকালে সামাজিক মাধ্যম এক্স-এ একটি ভিডিও আপলোড করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সেই ভিডিও-তে শশাঙ্কাসন আসনের সুফল তুলে ধরেন প্রধানমন্ত্রী মোদী। নিয়মিত শশাঙ্কাসন আসনের অনুশীলন করতে আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী। উল্লেখ্য, সংস্কৃত শব্দ শশাঙ্কাসন দু''টি শব্দের সংমিশ্রণ - ''শশাঙ্ক'' অর্থ ''চাঁদ'' এবং ''আসন'' অর্থ ''ভঙ্গি''। চাঁদ শান্তি এবং প্রশান্তি প্রতীক, এবং ভঙ্গি একই প্রদান করে। এই আসন হজম প্রক্রিয়ায় সাহায্য করে, পিঠের ব্যথা নিরাময়েও সহায়ক।

# হরিয়ানা কংগ্রেসে ভাঙন ধরালেন কিরণ, মেয়ে শ্রুতিকে নিয়ে যোগ দিলেন বিজেপিতে

নয়াদিল্লি, ১৯ জুন (হি.স.): হরিয়ানা কংগ্রেসে ভাঙন ধরালেন কিরণ চৌধুরী, যদিও ভাঙন ধরিয়েছিলেন আগেই।

আর বুধবার বিজেপিতে যোগ দিলেন তিনি। এদিন সকালে দিল্লিতে বিজেপির সদর দফতরে আনুষ্ঠানিকভাবে বিজেপি সদস্যপদ গ্রহণ করেছেন হরিয়ানা কংগ্রেসের প্রাক্তন নেত্রী কিরণ চৌধুরী। মেয়ে শ্রুতি চৌধুরীকে সঙ্গে নিয়ে বিজেপিতে যোগ দিয়েছেন কিরণ।

হরিয়ানা কংগ্রেসের প্রাক্তন নেত্রী কিরণ ও তাঁর মেয়ে শ্রুতিকে গেরুয়া শিবিরে স্বাগত জানিয়েছেন কেন্দ্রীয় মন্ত্রী মনোহর লাল খাট্টার, হরিয়ানার মুখ্যমন্ত্রী নায়াব সিং সাইনি এবং বিজেপির সাধারণ সম্পাদক তরুণ চুগ। কেন্দ্রীয় মন্ত্রী খাট্টার এদিন বলেছেন, 'দু''''জন বিশিষ্ট ব্যক্তিত্ব আমাদের দলে যোগ দিয়েছেন, যারা বহু বছর ধরে কংগ্রেসের হয়ে কাজ করেছেন...আমি কিরণজিকে সেই সময় থেকে চিনি যখন আমরা বংশীলাল জির সঙ্গে কাজ করেছি।'

# দিল্লির রাজৌরি গার্ডেনে আততায়ীর গুলিতে মৃত্যু এক ব্যক্তির, তদন্তে পুলিশ

নয়াদিল্লি, ১৯ জুন (হি.স.): পশ্চিম দিল্লির রাজৌরি গার্ডেনে চলল গুলি। মঙ্গলবার রাতে রাজৌরি গার্ডেনের বার্গার কিং আউটলেটে এক আততায়ীর গুলিতে মৃত্যু হয়েছে এক ব্যক্তির। দিল্লি পুলিশ জানিয়েছে, খবর পাওয়া মাত্রই ঘটনাস্থলে পৌঁছয় পুলিশ ও ক্রাইম টিম। সিটিটিভি ফুটেজ খতিয়ে দেখা হয়েছে। তদন্ত শুরু হয়েছে। ডিসিপি (পশ্চিম) বিচিত্র বীর বলেছেন, 'রাজৌরি গার্ডেন থানা মঙ্গলবার রাত ৯.৪৫ মিনিট নাগাদ একটি ফোন পায়, বলা হয় বার্গার কিং আউটলেটে গুলি চালানোর ঘটনা ঘটেছে। পুলিশ আধিকারিকরা ঘটনাস্থলে পৌঁছন। প্রাথমিক তথ্য অনুযায়ী, ১০ রাউন্ডের বেশি গুলি চালানো হয়েছে। এ ঘটনায় একজনের মৃত্যু হয়েছে।'

# চেন্নাই থেকে মুম্বইগামী ইন্ডিগোর বিমানে বোমার হুমকি, নিরাপদেই অবতরণ

মুম্বই, ১৯ জুন (হি.স.): দেশে সাম্প্রতিক সময়ে বোমা-হুমকির ঘটনা বেড়েই চলেছে। এবার চেন্নাই থেকে মুম্বইগামী ইন্ডিগোর একটি বিমানে এল বোমার হুমকি। যদিও মঙ্গলবার রাত ১০.৩০ মিনিট নাগাদ মুম্বইয়ে নিরাপদেই অবতরণ করে বিমানটি। ইন্ডিগোর পক্ষ থেকে জানানো হয়েছে, ইন্ডিগো বিমান ৬ই৫১৪৯, চেন্নাই থেকে মুম্বইগামী বিমান বোমার হুমকি পায়।

মুম্বইয়ের ছত্রপতি শিবাজী আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করতেই নিরাপদে যাত্রীদের বের করে আনা হয়। শুরু হয়ে যায় সেখানে তল্লাশি। ইন্ডিগোর ওই বিমান ঘিরে ছিল বোমা হামলার হুমকি। শুধু এই বিমানই নয়, মুম্বই বিমানবন্দর সহ গত দুই দিনে মুম্বইয়ের ৬০টি হাসপাতালেও একই হুমকি ছিল।

# বিএমসি—র সদর দফতর বোমা মেরে উড়িয়ে দেওয়ার হুমকি, পুলিশি তদন্ত শুরু

মুম্বই, ১৯ জুন (হি.স.): বৃহন্মুম্বই পুরসভা ভবন (বিএমসি)-এর সদর দফতর বোমা মেরে উড়িয়ে দেওয়ার হুমকি এল। পুলিশ সূত্রে খবর, মঙ্গলবার রাতে বিএমসি-র সদর দফতরে বোমাতঙ্ক ছড়ায়। একটি ইমেল পাঠিয়ে হুমকি দেওয়া হয়েছে বলে জানা গিয়েছে। তবে তল্লাশি চালিয়েও কোনও সন্দেহজনক কিছু মেলেনি বলেই পুলিশ সূত্রে খবর। মুম্বই পুলিশ জানিয়েছে, "অজ্ঞাতপরিচয় ব্যক্তি ইমেল পাঠিয়ে বোমা মেরে উড়িয়ে দেওয়ার হুমকি দিয়েছে।


## Notification

This to inform that Smt Biswa Laxmi Debbarma, W/o-Lt. Nagendra Debbarma of North Takarjala VC is a deceased PMAY-G beneficiary and the family member are untraceable.

In this Context, the family members of the beneficiary are requested to submit the essential documents to the Office of the undersigned within 7(Seven) days from the date of Publication of Notification.

If not submitted within the time limit matter will be considered as eligible for deletion from Sanctioned list of Awaas Plus Annexure-D.

The name and other information as available in the PMAY-(G) MIS is given below:-

| Sl. No. | Awaas Plus ID | Beneficiary Name | Fathers Name/ Husband Name | Name of VC |
|---|---|---|---|---|
| 1 | TR115255399 | Biswa Laxmi Debbarma | W/o-Lt. Nagendra Debbarma | North Takarjala VC |

ICA-D-335/24

**Block Development Officer**
**Jampuijala, R. D. Block**
**Sepahijala, Tripura**

**Press Notice Inviting Tender No: 01/EE/AGRI/N/2024-25**

The Executive Engineer, Department of Agriculture, Dharmanagar, North Tripura on behalf of 'Governor of Tripura' invites Press Notice Inviting Quotation No. 01/EE/AGRI/N/2024-25 for the following work:

| Sl No | Name of Work and DNIQ No. | Estimated cost | Earnest money | Cost of tender form | Time for completion | Last date and time for received of application form | Time and date of opening of tender |
|---|---|---|---|---|---|---|---|
| 1 | Hiring of 1(One) no Maruti ECO vehicle including fuel and driver for use of the Assistant Engineer (Civil), Department of Agriculture, Ambassa, Dhalai District having commercial registration (Manufacturing not before 2020 made). DNIQ No- 01/EE/AGRI/ N/2024-25 | Rs. 94,830/- | Rs. 5,000/- | Rs. 1,000/- | Up to 03/10/2024 | Up to 15.00 hrs on 26-06-2024 | At 16.00 hrs on 26-06-2024 |

Note: For more details please contact office of the under signed,

ICA/C-330/24

**For on behalf of tke Governor of Tripura**

**Executive Engineer**
**Department of Agriculture & F.W**
**Dharmanagar, North Tripura**

**ABRIDGED NOTICE INVITING E-TENDER**

It is hereby notified for general information that e-tender is invited for settlement of 06 (six) Nos. Foreign Liquor Shops and 05 (five) Nos. Country Liquor Shops under North District for the Period from December'2023 to March'2025.

The other details related to e-tender can be seen and obtained from the website https: //tripuratenders.gov.in and also available in the Office Notice Board of the Collector of Excise, North District, Dharmanagar. Corrigendum/addendum, if any will be published only on the above website.

**ICA/C-320/24**

**Collector of Excise,**
**(DM & Collector)**
**North Tripura District,**
**Dharmanagar.**


# হাজতেই থাকতে হচ্ছে এএপি প্রধানকে, কেজরির জেল হেফাজত বাড়লো ৩ জুলাই পর্যন্ত

নয়াদিল্লি, ১৯ জুন (হি.স.): দিল্লির তিহার জেলেই থাকতে হচ্ছে দিল্লির মুখ্যমন্ত্রী তথা আম আদমি পার্টি (এএপি)-র প্রধান অরবিন্দ কেজরিওয়ালকে। আবগারি দুর্নীতি মামলায় বুধবার কেজরিওয়ালের জেল হেফাজতের মেয়াদ বৃদ্ধি করল দিল্লির রাউস এভিনিউ আদালত। কেজরিওয়ালকে আগামী ৩ জুলাই পর্যন্ত জেলা হেফাজতে পাঠানো হয়েছে। পাশাপাশি বিনোদ চৌহানকেও ওই দিন পর্যন্ত জেলা হেফাজতে পাঠানো হয়েছে।

বিচার বিভাগীয় হেফাজত শেষ হওয়ায় বুধবার উভয়কেই তিহার জেল থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে আদালতে পেশ করা হয়েছিল। ইডি-র কেঁসুলি এদিন আদালতে জানান, বিনোদ চৌহান গোয়া নির্বাচনের জন্য অভিষেক বোইনপালির মাধ্যমে বিআরএস নেত্রী কে কবিতার পিএ থেকে ২৫ কোটি টাকা পেয়েছেন।

# অযোধ্যায় রামমন্দির চত্বরে চলল গুলি, মৃত্যু কর্তব্যরত এক জওয়ানের

অযোধ্যা, ১৯ জুন (হি.স.) : সার্ভিস রাইফেল পরিষ্কার করতে গিয়ে গুলিবিদ্ধ হয়ে জওয়ানের মৃত্যু হল। বুধবার ভোররাতে ঘটনাটি ঘটেছে অযোধ্যার রামমন্দির চত্বরে। সেখানেই নিরাপত্তার দায়িত্বে ছিলেন ২৫ বছর বয়সী শত্রুঘ্ন বিশ্বকর্মা নামের এক উত্তর প্রদেশে এসএসএফ জওয়ান। এদিন ভোররাতে রামমন্দির চত্বরে আচমকাই গুলি চলার শব্দ শুনতে পান নিরাপত্তারক্ষীরা। দৌড়ে গিয়ে তাঁরা দেখেন শত্রুঘ্ন গুলিবিদ্ধ অবস্থায় পড়ে রয়েছে। তড়িঘড়ি তাঁকে হাসপাতালে ভর্তি করা হলেও শেষরক্ষা করা যায়নি। চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন।


**OFFICE OF THE MUNICIPAL COMMISSIONER**
**AGARTALA MUNICIPAL CORPORATION**

No.F.1-01/GS/AMC/2021//688 Dated, 18 June 2024.

**RESULT FOR THE RECRUITMENT TO THE POST OF WARD SECRETARIES OF AMC ON THE BASIS OF COMPETENCY TEST**

As per Notification No. F.1-01/GS/AMC/2021/11257 Dated 24.11.2023 and Notification No. F.I-01/GS/AMC/2021/18245-18247 Dated 05.03.2024 a Computer Based Competency Test was held on 12.03.2024 & 13.3.2024 for the post of 17 Nos. of Ward Secretaries (UR-10, ST-5 & SC-2)

**The selected candidates along with their Token numbers and Categories are enumerated below**

| SI No | Token No. | Category |
|---|---|---|
| 1 | 670 | UR |
| 2 | 317 | UR |
| 3 | 512 | UR |
| 4 | 221 | UR |
| 5 | 491 | UR |
| 6 | 31 | UR |
| 7 | 33 | UR |
| 8 | 706 | UR |
| 9 | 790 | UR |
| 10 | 222 | UR |
| 11 | 118 | SC |
| 12 | 09 | SC |
| 13 | 02 | ST |
| 14 | 431 | ST |
| 15 | 130 | ST |
| 16 | 46 | ST |
| 17 | 184 | ST |

The selected candidates are to report to the office of the Deputy Municipal Commissioner, AMC at 11.00 AM on 28.06.2024 alongwith all original documents.

**Municipal Commissioner**
**Agartala Municipal Corporation**




রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বুধবার ডুমবুর হাইড্রো পাওয়ার প্রজেক্ট পরিদর্শন করেছেন।

# হরেকরকম

হরেকরকম

হরেকরকম

## আষাঢ়স্য প্রথম দিবসে

**অমিতাভ বসু**

আষাঢ়ের আগমন । ঋতু চক্র অনুসারে বর্ষার শুরু । তাপদাহ, শুষ্ক গ্রীষ্মের অবসান । স্নিগ্ধ বর্ষার দিনে, মহাকবি কালিদাস রচনা করেন অমর কাব্য মেঘদূত । কালিদাস মেঘদূত কাব্যে লেখেন দুটি সমান্তরাল প্রেমের গল্প - যক্ষ ও তার প্রেয়সী, এবং মেঘ ও বসুন্ধরা। কর্তব্যরত অবস্থায় এক নামহীন যক্ষ তার প্রেয়সীর কথা ভাবতে থাকে । প্রেয়সীর চিন্তায় মগ্ন থাকায় যক্ষের কাজে বিচ্যুতি ঘটে। কাজে বিচ্যুতির কারণে কুবের যক্ষকে অভিশাপ দেন এবং তাকে নির্বাসনে পাঠান । যক্ষ হিমালয়ের অলকাপুরী থেকে সুদূর দক্ষিণ ভারতের রামগিরি পর্বতে চলে যায়। নির্বাসনে থাকাকালীন যক্ষ নিরন্তর তার প্রেয়সীর কথা ভাবতে থাকে । তার অনুপস্থিতিতে তার প্রেয়সী কিভাবে জীবনযাপন করছে সেই চিন্তায় যক্ষ ব্যাকুল হয়ে ওঠে । প্রেয়সীর কোনো খবরাখবর না পাওয়ায় ও দীর্ঘ সময় ধরে তার কাছ থেকে দূরে একাকী বিচ্ছিন্ন থাকায়, যক্ষ অত্যন্ত ভারাক্লান্ত ও দুঃখে অবশ হয়ে পড়ে । দিন কাটে, মাস যায়, ঋতু বদলায়। একদিন বর্ষার প্রথম মেঘ দেখে যক্ষ তার প্রেয়সীর সাথে যোগাযোগ করার পথ খুঁজে পায়। যক্ষের চিন্তা ফুটে ওঠে কালিদাসের কলমে । বর্ষার বাতাস মেঘকে বয়ে নিয়ে যায় দক্ষিণ থেকে উত্তরে । সেই উত্তরে অলকাপুরী যেখানে থাকে যক্ষের প্রেয়সী । যক্ষ মেঘটিকে ডাকে । ফুল উপহার দেয় । বন্ধুত্ব স্থাপন করে । মেঘকে যক্ষ বলে সে তার প্রেয়সীর থেকে অনেক দূরে দীর্ঘ দিন ধরে নিঃসঙ্গ রয়েছে । সে মেঘকে জানায় তার দুঃখের কথা। যক্ষ বলে, ' বিচ্ছেদের কারণে আমার জীবনের রঙ বিবর্ণ হয়ে যাবে।

দক্ষিণ থেকে উত্তরের যাত্রাপথে যে নানা নদ নদী, পাহাড়, বনবীথি ও অনেক সুন্দর দৃশ্য দেখা যাবে যক্ষ মেঘকে তার সুবিস্তার বর্ণনা করে। যক্ষ বলে মেঘের যাত্রাপথে মাঝে-মধ্যে আসবে নানা রূপসী নদী; দেখা যাবে সবুজ সতেজ বনাঞ্চল; পার হতে হবে পর্বতমালা। যক্ষ বলে এদের সকলের সাথে অন্তরঙ্গ বন্ধুত্ব গড়ে তুলো । তারা সবাই সুহৃদ এবং শুভাকাঙ্ক্ষী ।

কালিদাস যক্ষের দক্ষিণ থেকে উত্তরের যাত্রাপথ বর্ণনার মাধ্যমে মানুষ ও প্রকৃতির সম্পর্কের মেলবন্ধনের প্রয়োজন এবং গুরুত্ব ব্যাখ্যা করেছেন । মেঘদূতের প্রতিটি স্তবকে এই ভাবধারা অন্তর্নিহিত আছে। এই কাব্যে কালিদাস পরিবেশগত ন্যায়বিচারের উপর জোর দিয়েছেন। মানুষের সামাজিক, অর্থনৈতিক এবং সাংস্কৃতিক বিকাশের জন্য কালিদাস এই কাব্যে সবুজের প্রয়োজনীয়তা সম্পর্কে সচেতন করেছেন । পরিবেশ মানুষের জীবনের একটি অবিচ্ছেদ্য অংশ । সুস্থ পরিবেশ ছাড়া মানবজাতির অস্তিত্ব বিপন্ন। পথ বর্ণনা করার পর, যক্ষ মেঘকে তার প্রেয়সীর কাছে তার কুশল বার্তা এবং বিরহ বেদনা বহন করতে অনুরোধ করে। যক্ষ জানায় দিগন্তের ওপারে অলকাপুরীতে আছে তার প্রেয়সী। পর্বতশ্রেণি, নদীমালা, বহু ক্রোশ বিস্তৃত রাজপথ দ্বারা যতই তাদের পৃথক করা হোক না কেন, প্রেয়সীর থেকে দূরত্ব তৈরি করা যায় না । সে মনে করে তার প্রেয়সীরও নিশ্চই একই অনুভূতি হয় । যক্ষ প্রার্থনা করে যে মেঘ যেন তার মতো দুঃখ না পায় এবং বজ্রপাত থেকে এক মুহুর্তের জন্যও পৃথক না হয়। বলা বাহুল্য, কালিদাস বজ্রকে মেঘের প্রেয়সী হিসেবে তুলনা করেছেন। যক্ষ বলে, "হে মেঘ তুমি তৃষ্ণার্ত চাতক পাখিকে জল দাও, তার তৃষ্ণা মেটাও"। যক্ষ আশাবাদী যে মেঘ তার বার্তা তার প্রেয়সীর কাছে পৌঁছে দেবে। কয়েক শতাব্দী পরেও মহাকবি কালিদাসের মেঘদূত কাব্যে বর্ণিত বিচ্ছেদের বেদনা এবং প্রেমের অনুভূতির সাথে এক পরিবেশবান্ধব চিত্রকল্প আজও আষাঢ়ের প্রথম দিনে মনে পড়ে যায় । অমর এই মহাকাব্য মেঘদূত।

## কামাখ্যা - একটি রহস্য

**শ্রীকুমার দত্ত**



চিত্র সৌজন্যে : শ্রীকুমার দত্ত

রহস্যে ঘেরা মহা জাগ্রত কামাখ্যা মন্দির নিয়ে শ্রদ্ধা বা ভয় মিশ্রিত অনেক জনশ্রুতি আছে।তবে ভক্তদের বিশ্বাস এখানে শুদ্ধ মনে ভক্তিভরে আরাধনা করলে মনস্কামনা পূর্ণ হয়।কামাখ্যা মন্দির সারা দেশের ৫১টি শক্তিপীঠ মন্দির এবং মহা শক্তিপীঠের মধ্যে একটি, আসামের গুয়াহাটিতে নীলাচল পাহাড়ের চূড়ায় অবস্থিত। "কামাখ্যা" সংস্কৃত শব্দ "কামাক্ষী" থেকে এসেছে যা দুটি ভিন্ন শব্দ - "কাম" অর্থাৎ ইচ্ছা এবং "অক্ষি" অর্থ চোখ দ্বারা গঠিত। নামের অর্থ "আকাঙ্খিত" বা আক্ষরিক অর্থে "যার চোখ আকাঙ্ক্ষায় পূর্ণ"। তাকে কামনার দেবী মনে করা হয়।

কালিকা পুরাণ অনুসারে, কামাখ্যা মন্দিরটি সেই স্থানটিকে চিহ্নিত করে যেখানে সতী গোপনে শিবের সাথে শারীরিক মিলনের জন্য অবস্থান করেছিলেন এবং এটি সেই স্থান ছিল যেখানে শিবের তাণ্ডবের (ধ্বংসের নৃত্য) সময় সতীর যোনি (জননাঙ্গ)পতিত হয় । প্রোগজ্যোতিষপুরের (বর্তমান কামরূপ জেলা) শাসক রাজা নরকাসুর কামাখ্যা মন্দিরের পাশাপাশি মন্দিরে যাওয়ার পাথুরে সিঁড়ি নির্মাণ করেছিলেন কারণ কামদেবের নির্মিত মন্দিরের ধ্বংসাবশেষ আর পাহাড়ে খুঁজে পাওয়া যায় না। এটা বিশ্বাস করা হয় যে দেবী কামাখ্যা তার পূজা মন্দিরে একটি পাথর যোনিতে (মহিলা প্রজনন অঙ্গ) বাস করেন।

অম্বুবাচী উৎসব দেবীর স্ত্রীরজ চিহ্নিত করে এবং বিশ্বাস করা হয় যে এই সময়ে পৃথিবী উর্বর হয়ে ওঠে। তাই ২২ থেকে ২৫ জুন (অসমীয়াতে আহার মাস) কোনও মানুষ মন্দিরে প্রবেশ করতে পারে না।২৬জুন মন্দিরের দরজা খোলা হয় এবং ভক্তরা মা কামাখ্যার দর্শন নেন। সেই সময়কালে অম্বুবাচী মেলার আচার-অনুষ্ঠানে অংশ নিতে এবং আশীর্বাদ পেতে ভারত ও বিদেশের বিভিন্ন স্থান থেকে ভক্তরা মন্দিরে আসেন। বলা হয়, ব্রহ্মপুত্র নদের জলও এই তিন দিনে লাল থাকে। সম্ভবত এই কারণেই ব্রহ্মপুত্রকে লোহিতও বলা হয়, যার অর্থ অসমীয়া ভাষায় রক্ত। এই সময়ের মধ্যে দৈনিক পূজা স্থগিত করা হয়। সমস্ত কৃষি কাজ যেমন খনন, লাঙ্গল, বপন এবং ফসল রোপণ নিষিদ্ধ। বিধবা, ব্রহ্মচারী এবং ব্রাহ্মণরা এই দিনগুলিতে রান্না করা খাবার খান না। কামাখ্যা মন্দির তান্ত্রিক ঐতিহ্যের গভীরে প্রোথিত, যা আচার-অনুষ্ঠান এবং অনুশীলনের মাধ্যমে ঐশ্বরিক শক্তি অন্বেষণ এবং ব্যবহার করার উপর জোর দেয়। অম্বুবাচীর সময় মন্দিরে পূজা ও আচার-অনুষ্ঠানে তান্ত্রিক নীতিগুলি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তাই এই সময় দেশের বিভিন্ন প্রান্ত থেকে সাধু-সন্ন্যাসী,তান্ত্রিক,অঘোরীর দল এখানে আসেন নানা ধরনের গুপ্ত বিদ্যায় সিদ্ধিলাভ করার আশায়।

## এস বি আই জেনারেল ইন্স্যুরেন্স ঘূর্ণিঝড় রেমালে ক্ষতিগ্রস্তদের সাহায্যের হাত প্রসারিত করছে

আপদকালিন টোল ফ্রি নম্বর - 18001021111, এস এম এস <CLAIM>to 561612, ইমেলঃ customer. care @sbigeneral.in or ক্লেম দাবির তথ্য বিভাগ www.sbigeneral.in মুম্বাই।। বিধ্বংসী ঘূর্ণিঝড় রেমাল যে পরিস্থিতি তৈরি করেছে তার পরিপ্রেক্ষিতে, SBI জেনারেল ইন্স্যুরেন্স তার গ্রাহকদের অত্যন্ত প্রয়োজনীয় কিছু সহায়তা প্রদানের জন্য পদক্ষেপ নিয়েছে। রেমাল ছিল প্রথম ঘূর্ণিঝড় যা এই বছর বর্ষার আগেই বঙ্গোপসাগরে আঘাত হানে এবং এটি ভারতের উত্তর-পূর্বাঞ্চল যেমন পশ্চিমবঙ্গ, মিজোরাম, আসাম, মণিপুর, মেঘালয় এবং ত্রিপুরা জুড়ে ভারী বৃষ্টিপাত এবং ভূমিধসের সূত্রপাত করেছে। এই প্রতিকূল পরিস্থিতির মধ্যে, SBI জেনারেল ইন্স্যুরেন্স আপনাকে বাড়ির ভিতরে থাকার এবং আপনার সম্পত্তি এবং যানবাহনগুলিকে যে কোনও ক্ষতি থেকে রক্ষা করার জন্য অনুরোধ করছে। এই কঠিন সময়ে SBI জেনারেল ইন্স্যুরেন্স তার গ্রাহকদের পাশে থাকছে। আমাদের টিম স্ট্যান্ডার্ড অপারেটিং প্রক্রিয়াকে গতিশীল করেছে এবং ফাস্ট-ট্র্যাক মোডে প্রশ্ন এবং ক্লেমের দাবি সম্পর্কিত কোনও প্রশ্নের সঠিক সহায়তা প্রদানের জন্য একটি টাস্ক ফোর্স গঠন করেছে। এরা সমস্ত গৃহীত তথ্য পর্যবেক্ষণ করছে এবং সমস্ত প্রশ্নের উত্তর দিতে তৈরি।

গ্রাহকরা বিভিন্ন মাধ্যমে দাবি করতে/রেজিস্টার করতে পারেন: কোম্পানির টোল-ফ্রি নম্বরে কল করুন 18001021111 এস এম এস করুন <CLAIM>to 561612, বিশদে মেল করুন <customer. care @sbigeneral.in ক্লেম দাবির তথ্য বিভাগ www.sbigeneral.in -তে দেখুন দাবি নিষ্পত্তি পদ্ধতিতে কোনো বিলম্ব এড়াতে, কোম্পানি সার্ভেয়ারদের একটি প্যানেলের সাথে যোগাযোগ করছে। এসবিআই জেনারেল ক্ষতিগ্রস্ত গ্রাহকদের জন্য ১০ লাখ পর্যন্ত ক্ষতিপুরনের জন্য 'এক্সপ্রেস দাবি' নামক এক নিষ্পত্তির প্রক্রিয়া অনুসরণ করছে। বন্যা এবং ভারী বৃষ্টিপাতের কারণে গ্রাহকরা যারা প্রতিকূলতা এবং ক্ষতির সম্মুখীন হয়েছেন, SBI জেনারেল যেখানে সম্ভব হবে সেখানেই কাগজপত্রের প্রয়োজনীয়তা মকুব করবে। কিছু ছোট ক্লেমের ক্ষেত্রে, ক্ষতিগ্রস্তদের তাৎক্ষণিক নিষ্পত্তির প্রস্তাব দেওয়া হবে যাতে তারা আবার নিজেদের পরিস্থিতি সামলে উঠতে পারেন। SBI জেনারেল তাদের গ্রাহকদের সাহায্য করার জন্য এবং যত তাড়াতাড়ি সম্ভব তাদের পূর্ব-পরিস্থিতিতে ফিরিয়ে আনতে নিবেদিত। ডিজিটাল প্রস্তুতি নিয়ে এবং পুঙ্খানুপুঙ্খ বিজনেস কন্টিনিউটি প্ল্যানে বিনিয়োগ করে, SBI জেনারেল গ্রাহকদের সবচেয়ে প্রয়োজনের সময়ে তাদের পাশে থেকে সাহায্যের হাত বারিয়ে দেওয়ার জন্য সবসময় প্রস্তুত।

## হঠাৎ ওজন কমে যাওয়া কোন রোগের উপসর্গ হতে পারে ?



অল্পতেই ক্লান্ত হয়ে পড়ছেন? এ দিকে, যতই সচেতন থাকুন না কেন, ওজন কিছুতেই নিয়ন্ত্রণে থাকছে না। ভালমন্দ না খেয়েও বেড়ে যাচ্ছে ওজন, চুল ঝরছে অকালে, ত্বক হয়ে উঠছে জৌলুসহীন। কর্মব্যস্ত জীবনে ছোটখাটো এই শারীরিক সমস্যাগুলি আমরা প্রায়ই অবহেলা করি। অথচ এই উপসর্গগুলির পিছনে লুকিয়ে থাকতে পারে থাইরয়েডের চোখরাঙানি।

তাই থাইরয়েডের সমস্যা দেখা দিলে বিগড়ে যেতে পারে হরমোনের ভারসাম্য, দেখা দিতে পারে একাধিক রোগ। অনেক সময়ে শুরুতে বোঝা যায় না রোগের উপসর্গ। আর রোগ চিনতে যে দেরিটা হয়ে যায়, তাতেই নষ্ট হয় অনেকটা গুরুত্বপূর্ণ সময়। ১) ক্লান্তি থাইরয়েডের সবচেয়ে বড় লক্ষণ। যদি অল্প কাজেই ক্লান্ত লাগে, তবে সতর্ক হওয়া জরুরি। ২) হঠাৎ কোনও কারণ ছাড়াই অতিরিক্ত রোগা বা মোটা হয়ে যাচ্ছেন কি? তা হলেও কিন্তু সতর্ক হোন। এটি থাইরয়েড হরমোনের মাত্রা ওঠা-নামা করার আর একটি গুরুত্বপূর্ণ সঙ্কেত।


৩) ঘাড়ের উপর কালচে দাগ পড়তে শুরু করেছে? এই লক্ষণ কিন্তু প্রায়ই আমরা অবহেলা করি। কিন্তু থাইরয়েডের মাত্রায় গোলমাল হলেই এই দাগ পড়তে থাকে। ৪) অনিদ্রার সমস্যাও থাইরয়েডের লক্ষণ হতে পারে। রাতের পর রাত ঘুম না হলে এক বার থাইরয়েড পরীক্ষা করানো দরকার। ৫) উদ্বেগ এবং অবসাদ হঠাৎ বাড়তে শুরু করলেও সাবধান হওয়া দরকার। থাইরয়েড হরমোনের মাত্রার ওঠা-নামার সঙ্গে এর সরাসরি যোগ রয়েছে।

৬) মহিলাদের ক্ষেত্রে আর একটি বিষয়ও আছে। ঋতুস্রাব সময় মতো হচ্ছে কি না, খেয়াল রাখা জরুরি। অনিয়মিত ঋতুস্রাবও থাইরয়েডের উপসর্গ হতে পারে। ৭) সবাই আরামে বসে আছেন, অথচ আপনার প্রচণ্ড শীত করছে কিংবা গরমে দরদর করে ঘামছেন। হঠাৎ হঠাৎ এমনটা হলে সতর্ক হতে হবে।

## রোদে বাইরে বেরোতে পারছেন না বলে এসি ঘরে ট্রেডমিলে হাঁটছেন, আদৌ লাভ হচ্ছে কি ?

প্রখর তাপে পুড়ছে গোটা দক্ষিণবঙ্গ। গরমের সঙ্গে দোসর হয়েছে আর্দ্রতাজনিত অস্বস্তি। আপাতত বৃষ্টির সম্ভাবনা নেই বলেই আবহাওয়া দফতর সূত্রে খবর। বাইরে বেরোলে রোজই কেউ না কেউ অসুস্থ হয়ে পড়ছেন। এই পরিস্থিতিতে সকালে হাঁটতে যাওয়া এক রকম বন্ধ। তাই শরীরচর্চার প্রধান একটি অঙ্গ হয়ে উঠেছে ট্রেডমিল। ঘরে এসি চালিয়ে এই যন্ত্রের উপর হাঁটা অনেক বেশি সুবিধাজনক। কিন্তু তাতে খুব একটা লাভ হচ্ছে কি? পায়ে ভাল জুতো পরে সবুজ ঘাসের উপর হাঁটার কোনও বিকল্প নেই। কিন্তু সময়ের অভাবেই হোক বা আবহাওয়ার কারণে, এই রোদে বাইরে বেরিয়ে হাঁটাহাঁটি করতে পারছেন না অনেকেই। অগত্যা ট্রেডমিলই ভরসা। সূর্য মধ্যগগনে পৌঁছনোর আগে যদি হাঁটার পর্ব শেষ করে ফেলা যায়, তা হলে ভাল। কিন্তু যদি তা সম্ভব না হয়, সে ক্ষেত্রে যন্ত্রের উপর হাঁটা যেতে পারে। মাঠের খানাখন্দ কিংবা উঁচু-নিচু রাস্তায় হাঁটলে পা বা কোমরের সমস্যা হতে পারে। বদলে ট্রেডমিলের সমতল পাটাতনে হাঁটলে পা, হাঁটু কিংবা কোমরের ক্ষতি হওয়ার সম্ভাবনা কম। আবার, রোদ চড়া হওয়ার আগে যদি বাইরে খোলা হাওয়ায় হাঁটতে পারেন, তা হলে যে মানসিক আরাম পাওয়া যায়, তা চার দেওয়ালের মধ্যে রাখা যন্ত্রের উপর হাঁটলে পাওয়া সম্ভব নয়। তা ছাড়া শরীরে ভিটামিন ডি তৈরি হওয়ার বিষয়টিও মাথায় রাখা দরকার। গায়ে রোদ না লাগলে শরীরে সেই উপাদানের অভাব হবে। হাড়ের ক্ষয় রোধ করতে হলে শরীরচর্চার পাশাপাশি শরীরে এই উপাদানটি যথেষ্ট পরিমাণে থাকা প্রয়োজন। প্রশিক্ষকেরা বলছেন, যাঁরা নিয়মিত শরীরচর্চা করেন, তাঁদের বাইরে বা ঘরে কোথাও অসুবিধে হওয়ার কথা নয়। তবে, যাঁরা সেই ভাবে শারীরিক কসরত করেন না বা শরীরে কোনও রকম সমস্যা রয়েছে, তাঁদের জন্য এই গরমে ট্রেডমিলে বা বাইরে হাঁটা দু'টিই বিপজ্জনক হয়ে উঠতে পারে।

## ঋতুবন্ধের পর হার্ট ব্লক হওয়ার ঝুঁকি বেশি মহিলাদের



বয়ঃসন্ধির পর থেকে বিভিন্ন পর্যায়ে মেয়েদের দেহের অভ্যন্তরে শারীরবৃত্তীয় নানা পরিবর্তন ঘটতে থাকে। ঋতুচক্র শুরু, সন্তানধারণ এবং ঋতুবন্ধ এই তিনটি প্রক্রিয়ার সঙ্গে জড়িয়ে রয়েছে হরমোন। এই হরমোনের ভারসাম্য বিঘ্নিত হলে, তার প্রভাব পড়ে শরীরের উপর। চিকিৎসকদের মতে, একটা বয়সের পর, বিশেষ করে ঋতুবন্ধের পর মহিলাদের হৃদ্রোগের ঝুঁকি বেড়ে যাওয়া অন্যতম কারণই হল এই হরমোন।

মহিলারা ঋতুবন্ধের সময়ে এসে পৌঁছলে শরীরে "ইস্ট্রজেন" হরমোনের ক্ষরণ কমতে থাকে। তা রক্তে খারাপ কোলেস্টেরলের পরিমাণ বাড়িয়ে তোলার ক্ষেত্রে কিন্তু অনুঘটকের মতো কাজ করে। এই খারাপ কোলেস্টেরল বা "এলডিএল" রক্তবাহিকাগুলির পথ ক্রমশ সরু করে দেয়। ফলে রক্ত চলাচল বাধাপ্রাপ্ত হয়। সেখান থেকেই হার্ট অ্যাটাক বা স্ট্রোকের সম্ভাবনা বাড়তে থাকে। তবে স্বাস্থ্যকর খাওয়াদাওয়ার পাশাপাশি রক্তের এই খারাপ কোলেস্টেরলকে বশে রাখতে কয়েকটি বিষয় মেনে চলা কিন্তু জরুরি। মহিলাদের হৃদ১) বয়স ৪০ হলেই নিয়মিত কোলেস্টেরল পরীক্ষা করাতে হবে। ২) বয়স এবং উচ্চতা অনুযায়ী বিএমআই বা 'বডিমাস ইনডেক্স'-এর মান যেন ২৫-এর মধ্যে থাকে। ৩) প্রতি দিন অন্তত পক্ষে ৩০ মিনিট শরীরচর্চা করতেই হবে। সকাল এবং সন্ধে, দু'বার করতে পারলে আরও ভাল। ৪) বেশি মাত্রায় উদ্ভিজ্জ প্রোটিন খেতে হবে। সঙ্গে বিভিন্ন ধরনের বাদাম এবং বীজ খেতে পারলে ভাল হয়। ৫) কৃত্রিম চিনি দেওয়া নরম ঠান্ডা কোনও পানীয় না খেতে পারলেই ভাল।

## মানসিক চাপ বশে রাখবেন কী ভাবে ?

ঘরে-বাইরে বাড়তে থাকা কাজের চাপ, উদ্বেগজনিত সমস্যা নতুন নয়। সরকারি-বেসরকারি যে যেমন সংস্থাতেই কাজ করুন না কেন, মানসিক টানাপড়েনের মধ্যে দিয়ে যেতে হয় কম-বেশি সকলকেই। যার প্রভাব পড়ে শারীরিক এবং মানসিক স্বাস্থ্যের উপর। শারীরিক অন্যান্য জটিলতার মতো মানসিক সমস্যা চোখে দেখা যায় না বলে তা নিয়ে খুব একটা মাথা ঘামান না অনেকে।

কিন্তু এই চাপ বাড়তে থাকলে তার প্রভাব পড়ে ব্যক্তিগত জীবনে। বাড়তে থাকে অনিদ্রাজনিত সমস্যা। দীর্ঘ দিন ধরে চলতে থাকা এই সমস্যাগুলির সঙ্গে মোকাবিলা করতে ওষুধ নয়, ভরসা রাখুন দৈনন্দিন জীবনে স্বাভাবিক কিছু অভ্যাসের উপর। প্রতিদিনের রুটিনে কী কী পরিবর্তন আনলে মানসিক চাপ বশে থাকতে পারে

মনোবিদেরা বলছেন, মানসিক চাপ, উদ্বেগহীন জীবন চাইলেও বর্তমান কর্মসংস্কৃতিতে তা মেনে চলা প্রায় অসম্ভব। তবু তার মধ্যে মানসিক এবং শারীরিক ভাবে সু থাকতে নিয়মিত ধ্যান বা যোগাসন অভ্যাস করলে উপকার মিলবে। পছন্দের গান বা যন্ত্রসঙ্গীত শোনা, বই পড়াও এ ক্ষেত্রে বেশ কার্যকর। চাপমুক্ত সুন্দর একটি সকাল শুরু করতে গেলে আগের রাতে পর্যাপ্ত ঘুম জরুরি। তাই সুস্থ থাকতে রাতে ৭ থেকে ৮ ঘণ্টা ঘুমোনোর পরামর্শ দিচ্ছেন বিশেষজ্ঞরা। ঘুম থেকে সাধারণত যে সময়ে ওঠেন, তার একটু আগে উঠতে পারলেই নির্ধারিত সময়ের মধ্যে এই সব বিষয়গুলিকে সংযোজন করা সম্ভব হবে। বেলা বাড়তে শুরু করলে নানা দিক থেকে বিভিন্ন রকম চিন্তা এসে ভিড় করতে থাকে। সেই সময়ে কাজে মন বসানোও মুশকিল হয়। তাই এ ক্ষেত্রে বিশেষজ্ঞদের মত, একটানা কাজ না করে মাঝেমাঝে বিরতি নেওয়ার অভ্যাস করলে যে কোনও কাজই ফলপ্রসূ হতে পারে। বেশির ভাগ মানুষই সাধারণত সকালে শরীরচর্চা করেন। তবে নিশ্চিন্তের ঘুম আনতে সামান্য কিছু শরীরচর্চা রাতে ঘুমোনোর আগেও করে নেওয়া যায়। তবে দীর্ঘ দিন ধরে যদি অনিদ্রাজনিত সমস্যা থাকে, সে ক্ষেত্রে চিকিতকের পরামর্শ নেওয়াই ভাল।

## "ওয়েট ট্রেনিং" করার আগে কোন ব্যায়ামগুলি করা জরুরি ?

পুজো আসতে বাকি এখনও মাস কয়েক। অথচ ওজন কমানোর প্রস্তুতি এখন থেকেই নিতে শুরু করেছেন অনেকে। জিমেও ভর্তি হয়েছেন। জিমে গিয়ে ওজন ঝরানোর অন্যতম উপায় হল "ওয়েট ট্রেনিং"। নিয়ম করে ওজন তুললে রোগা হওয়া যায় তাড়াতাড়ি। কিন্তু প্রথম জিমে গিয়ে ওজন তোলা সহজ নয়। তা ঠিকও নয়। বেকায়দায় অনেক সময় আঘাত লেগে যেতে পারে।

তাই ওয়েট ট্রেনিং শুরু করার আগে কয়েকটি ব্যায়াম করা জরুরি। সেগুলি কী?

বার্ড-ডগ- বার্ড-ডগ আসলে পাখি ও কুকুরের বসার ভঙ্গি মিলিয়ে তৈরি হওয়া একটি ব্যায়াম। ব্যায়ামটি করার জন্য প্রথমে হামাগুড়ি দেওয়ার ভঙ্গি করুন। তার পর একটি পা পিছনের দিকে সোজা করে তুলুন। যদি ডান পা তোলেন, তা হলে তার বিপরীত দিকের হাত সামনের দিকে সোজা ভাবে তুলে রাখুন। হাত ও পা যেন সমান্তরাল রেখায় থাকে। ২০ সেকেন্ড এই ভঙ্গিতে থাকুন। তার পর পা ও হাত বদলান। এতে পিঠ ও কোমরের পেশি শক্তিশালী হয়। ব্যান্ডেড লাটারাল ওয়াক অনেক সময়ে ক্রীড়া প্রতিযোগিতায় দুই পা বেঁধে হাঁটার খেলা থাকে। বিশেষ করে হাঁটু ব্যথার ক্ষেত্রে এই ব্যায়াম খুবই উপকারী। এর জন্য লাগবে একটি "রেসিস্ট্যান্স ব্যান্ড"। দুই পায়ের গোড়ালির একটু উপরে ভাল করে রেসিস্ট্যান্স ব্যান্ড বেঁধে নিন। কিন্তু বাঁধার সময়ে খেয়াল রাখুন পা দু''টির মধ্যে যেন দুই কাঁধের সমান দূরত্ব থাকে। এ বার আলতো করে পায়ের ডিমের উপর চাপ দিয়ে স্কোয়াটের মতো তবে আধখানা শরীর ভাঙুন। পাশপাশি, একটি পায়ে ভর দিয়ে অন্য পা ফেলে সরতে থাকুন।

হলো হোল্ড-পিঠের পেশি শক্তিশালী করার জন্য হলো হোল্ড এই শরীরচর্চাটি খুবই উপকারী। মাদুরে পিঠ দিয়ে পা ছড়িয়ে শুয়ে পড়ুন। এ বার আস্তে আস্তে আপনার মাথা, কাঁধ, পা ও হাত দু'টি মেঝের উপর থেকে তুলুন। পিঠ যেন মাটিতেই ঠেকে থাকে। এই ভঙ্গিতে ২০ সেকেন্ড থাকার পর ১০ সেকেন্ড বিশ্রাম নিয়ে আবার করুন।



বুধবার আগরতলায় বেসরকারি সংস্থায় চাকুরী মেলা অনুষ্ঠিত হয়েছে।

## সিকিমে আটকে থাকা সমস্ত পর্যটকদের উদ্ধারকাজ সম্পন্ন

গ্যাংটক, ১৯ জুন (হি. স.) : টানা তিনদিন অভিযানের পর বুধবার সিকিমে আটকে থাকা সমস্ত পর্যটকদের উদ্ধারকাজ সম্পন্ন হয়েছে। এদিন মোট ১৫০ জন পর্যটককে উদ্ধার করা হয়।

গত সোমবার থেকেই উদ্ধারকাজ শুরু হলেও খারাপ আবহাওয়ার কারণে তা বাধা পেয়েছে একাধিকবার। তা সত্ত্বেও সোমবার চুংথাংয়ে আটকে থাকা ৫০ জন পর্যটককে সফলভাবে উদ্ধার করা হয়েছিল। অন্যদিকে মঙ্গলবার লাচুং ও সংলগ্ন এলাকা থেকে মোট ১২৩৭ জন পর্যটক ও স্থানীয়দের উদ্ধার করা হয়।

গত বৃহস্পতিবার থেকেই ভারী বৃষ্টির কারণে সিকিমের একাধিক জায়গায় ধস নেমে যোগাযোগ বন্ধ হয়ে যায়। উত্তর সিকিমের লাচুং, চুংথাং, জঙ্গুতে আটকে পড়েন বহু পর্যটক। তারপরই পরিস্থিতি স্বাভাবিক করতে তৎপর হয় মঙ্গন জেলা প্রশাসন ও এনডিআরএফ। পরবর্তীতে তাঁদের সাহায্যের জন্য এগিয়ে আসেন বর্ডার রোড অর্গানাইজেশন বা বিআরও কর্তৃপক্ষ।

উল্লেখ্য, রবিবারই আকাশপথে আটকে থাকা পর্যটকদের উদ্ধার কাজ শুরু হওয়ার কথা ছিল। কিন্তু প্রতিকূল আবহাওয়ার কারণে থেমে যায় উদ্ধারকাজ। তারপর থেকে ক্ষতিগ্রস্ত জায়গাগুলি থেকে ধস সরিয়ে দুর্গম পথে পায়ে হেঁটেই পর্যটকদের নিরাপদ জায়গায় স্থানান্তরিত করা হয়। পরবর্তীতে তাঁদের জন্য গাড়ির ব্যবস্থাও করে দেওয়া হয়।

## তীব্র তাপপ্রবাহ, ফিরোজাবাদে হঠাৎই আগুন গাড়িতে, আতঙ্ক

ফিরোজাবাদ, ১৯ জুন (হি. স.) : তীব্র তাপপ্রবাহের জেরে দেশের বিভিন্ন প্রান্ত থেকে অগ্নিকাণ্ডের খবর আসছে। এবার উত্তর প্রদেশের ফিরোজাবাদে রাস্তার পাশে দাঁড়িয়ে থাকা গাড়িতে আগুন লেগে গেল আচমকাই। হঠাৎই এই ঘটনা দেখে আতঙ্কিত হয়ে পড়েন পথচারীরা।

জানা যাচ্ছে, বুধবার দুপুরে হঠাৎই উত্তর প্রদেশের ০।ফিরোজাবাদে রাস্তার পাশে দাঁড়িয়ে থাকা গাড়িতে আগুন লেগে যায়। এই আগুন থেকে পাশে দাঁড়িয়ে থাকা একাধিক গাড়ি ও বাইকে আগুন ছড়িয়ে পড়ে। পরে ঘটনাস্থলে দমকল এসে আগুন নিয়ন্ত্রণে আনে। যদিও এই ঘটনায় হতাহতের কোনও খবর নেই। তবে তীব্র তাপপ্রবাহের জেরে নাকি অন্য কোনও কারণে আগুন লেগেছে তা খতিয়ে দেখছে দমকল।

## সুপ্রাকান্দি থেকে পোয়ামারা পর্যন্ত জাতীয় সড়কে যানবাহন নিয়ন্ত্রিত গতিতে চালাতে আহ্বান

করিমগঞ্জ (অসম) ১৯ জুন (হি.স.) : বিগত কিছুদিনের অবিরাম বৃষ্টিপাতের ফলে নদীর জলস্তর বৃদ্ধি পাওয়ায় কিছু সংখ্যক জনগণ সুপ্রাকান্দি থেকে পোয়ামারা পর্যন্ত জাতীয় সড়কের পাশে আশ্রয় নিয়েছেন। এর পরিপ্রেক্ষিতে করিমগঞ্জ পুলিশ বিভাগ থেকে

## করিমগঞ্জের কটামণিতে ভূমিধস, প্রাণরক্ষা দুই শিশু সহ এক পরিবারের, ক্ষতিগ্রস্ত বসতঘর

বাজারিছড়া (অসম), ১৯ জুন (হি.স.) : করিমগঞ্জ জেলার অন্তর্গত পাথারকান্দি বিধানসভা এলাকার বাজারিছড়া থানাধীন কটামণির কটনপুরে সংঘটিত এক ভয়াবহ ভূমিধসে সৌভাগ্যবলে দুই শিশু সহ গোটা পরিবার রক্ষা পেয়েছে। তবে ধসের কবলে পড়ে ওই পরিবারের বসতঘর ধ্বংসস্তূপে পরিণত হয়েছে।

জানা গেছে, গত কয়দিনের অবিরাম বৃষ্টিপাতের ফলে মঙ্গলবার রাত প্রায় সাড়ে নয়টা নাগাদ কটনপুর গ্রামের বাসিন্দা জনৈক নজরুল ইসলামের ঘরে লাগোয়া টিলা থেকে নেমে আসে মাটি সহ একটি বাঁশ ঝাড়। ঘটনার সময় নজরুল ইসলামের দুই শিশুসন্তান ঘুমিয়েছিল।

আচমকা মাটি ও বাঁশ ঝাড়ের ধাক্কায় ঘরের দেওয়াল ভেঙে পড়ে যায়। এতে বিছানা এবং একটি টেবিলের নীচে দুই ছেলে চাপা পড়ে যায়। তিনি কোনওরকম টেনেটুনে তাদের উদ্ধার করে স্ত্রী সহ ঘর থেকে বেরিয়ে পড়েন।

এ ঘটনায় নজরুল ইসলামের ছেলে আশ্রাফুল হুসেন (১২) এবং দিলওয়ার হুসেন (১৭) আহত হয়েছে।

## উত্তর-পূর্ব ভারতের সঙ্গে রেলপথে যুক্ত হল চ্যাংরাবান্ধা, খুশির হাওয়া এলাকায়

চ্যাংরাবান্ধা, ১৯ জুন (হি. স.) : প্রথমবারের জন্য উত্তর-পূর্ব ভারতের সঙ্গে সরাসরি রেল যোগাযোগ স্থাপন হল চ্যাংরাবান্ধার। নিউ চ্যাংরাবান্ধা রেলস্টেশন দিয়ে নিউ জলপাইগুড়ি-গুয়াহাটি স্পেশাল ট্রেন চলল গুয়াহাটির পথে। বুধবার এমন ঐতিহাসিক মুহূর্তের সাক্ষী হতে চ্যাংরাবান্ধা নাগরিক মঞ্চের তরফে ট্রেনের লোকো পাইলটদের মিষ্টি ও ফুলের তোড়া দেওয়া হয়।

নাগরিক মঞ্চের সম্পাদক রতন দাস বলেন, ‘এতদিনে একটা স্বপ্ন সার্থক। পরবর্তীতে আরও দূরপাল্লার ট্রেন চললে খুব ভালো হবে। গুয়াহাটির এই ট্রেনে করে এবার অম্বুবাচীতে এখানকার লোকজন কামাখ্যা দর্শনের সুযোগ পাবেন।’

উত্তর-পূর্ব সীমান্ত রেল সূত্রে জানা গিয়েছে, গুয়াহাটি থেকে নিউ জলপাইগুড়ি পর্যন্ত স্পেশাল এই ট্রেনটি গুয়াহাটি থেকে মঙ্গলবার ও বৃহস্পতিবার ছাড়বে। ফিরতি ট্রেন নিউ জলপাইগুড়ি থেকে বুধবার ও শুক্রবার ছাড়বে। নিউ চ্যাংরাবান্ধা থেকে সকাল ৬:৩৫ মিনিটে ছেড়ে নিউ জলপাইগুড়ি যাওয়ার কথা। এরপর সেখান থেকে বেলা ১২:৩০ মিনিটে ছেড়ে গুয়াহাটি যাওয়ার কথা থাকলেও আজ প্রথম দিন কাঞ্চনজঙ্ঘা রেল দুর্ঘটনা ও বৃষ্টির কারণে ট্রেনটির বিলম্ব হয়। পরে সকাল ১১টায় নিউ চ্যাংরাবান্ধা থেকে নিউ জলপাইগুড়ির উদ্দেশ্য রওনা হয় ট্রেনটি। এরপর বিকেল চারটায় নিউ চ্যাংরাবান্ধা পার হয়ে গুয়াহাটির দিকে রওনা হয়। এদিন এই ট্রেন চালু হওয়ার খবরে খুশির হাওয়া চ্যাংরাবান্ধায়।

## বিপদসীমা ছুঁইছুঁই বরাক নদীর জলস্তর, প্লাবিত নতুন নতুন এলাকা, আতঙ্কিত নাগরিককুল

শিলচর (অসম), ১৯ জুন (হি.স.) : লাগাতার বৃষ্টিতে বরাক নদীর জলস্তর ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। শিলচর অন্নপূর্ণাঘাটে বিপদসীমার কাছাকাছি এসে গেছে জলস্তর। আজ দুপুর ১২টায় জলস্তর বৃদ্ধি পেয়ে ১৯ মিটার ১ সেন্টিমিটার হয়েছে। সকাল ১১-টায় ছিল ১৮.৯৬ সেন্টিমিটার। ঘণ্টায় ৫ সেন্টিমিটার করে বাড়ছে নদীর জল।

বন্যা নিয়ন্ত্রণ দফতরের জারিকৃত বুলেটিন অনুযায়ী, বরাক নদীর জলস্তরের বিপদসীমা ১৯.৮৩ সেন্টিমিটার। সে অনুযায়ী বিপদসীমা স্পর্শ করতে আর মাত্র ৮৭ সেন্টিমিটার বাকি। অবিরাম বৃষ্টি হচ্ছে। ফলে জলও বাড়ছে। প্লাবিত হচ্ছে নতুন নতুন এলাকা। এতে বন্যার পদধ্বনিতে আতঙ্ক তাড়া করছে নাগরিককুলকে।

গত এক সপ্তাহ ধরে অবিরাম ভারী বৃষ্টিপাত হচ্ছে বরাক উপত্যকার সর্বত্র। বরাক নদী সহ উপত্যকার উপনদীগুলোতে জলস্তর ক্রমশ বাড়ছে। নতুন করে প্লাবিত হচ্ছে বহু গ্রাম। আউশ, মুরালি ধান খেতের পাশাপাশি শাক-সবজির খেত নষ্ট হচ্ছে সব বন্যা কবলিত গ্রামে। একই সঙ্গে গৃহপালিত গবাদি পশুর চরম খাদ্যাভাব দেখা দিয়েছে। উপত্যকার নিচু এলাকায় গ্রামের অবস্থা শোচনীয় হয়ে উঠেছে। প্রায় প্রতিটি নদীতীরবর্তী গ্রামে ব্যাপকহারে জল বাড়ছে। বন্যায় আক্রান্ত গ্রামগুলোর অসহায় অসুস্থ বৃদ্ধ নাগরিক তথা শিশু ও মহিলাদের নিয়ে বিপাকে পড়ছেন অনেকেই। এদিকে, ইতিমধ্যেই প্রাণ রক্ষায় উচু এলাকার সন্ধানে ছুটছেন বন্যা পীড়িত জনগণ। যদিও বরাক উপত্যকার কাছাড়, করিমগঞ্জ ও হাইলাকান্দি, তিন জেলার দুর্যোগ মোকাবিলা কর্তৃপক্ষ তথা জেলা প্রশাসন বন্যা পরিস্থিতি মোকাবিলায় যথার্থ পদক্ষেপ নিতে প্রস্তুত বলে জানানো হয়েছে।

## রিয়াসি হামলায় গ্রেফতার এক, জালে জঙ্গিদের সহযোগী

শ্রীনগর, ১৯ জুন (হি. স.) : জম্মু ও কাশ্মীরের রিয়াসিতে তীর্থযাত্রীদের বাসে জঙ্গি হামলার ঘটনার প্রায় দশদিন পর একজনকে গ্রেফতার করল পুলিশ। জানা গেছে, তার নাম হাকিম দীন। অভিযুক্ত ওই ব্যক্তি জঙ্গিদের নানারকমভাবে সাহায্য করেছিল বলে জানিয়েছে পুলিশ।

উল্লেখ্য, রিয়াসিতে যাত্রী বোঝাই বাস লক্ষ্য করে গত ৯ জুন একটানা গুলি চালায় জঙ্গিরা, নিয়ন্ত্রণ হারিয়ে চালক বাস নিয়ে গড়িয়ে পড়ে গভীর খাদে। জঙ্গি হানার ঘটনায় ৯ জনের মৃত্যু হয়। আহত হয়েছিলেন বহু।

## জয়পুরে আবাসিক এলাকায় গুদামে ভয়াবহ আগুন, দমকলের চেষ্টায় এল আয়ত্তে

জয়পুর, ১৯ জুন (হি.স.): রাজস্থানের জয়পুরে আগুন লাগল একটি গুদামে। বুধবার দুপুরে জয়পুরের রঘু বিহারের একটি আবাসিক এলাকায় অবস্থিত গুদামে আগুন লাগে। খবর পাওয়া মাত্রই আগুন নেভাতে পৌঁছয় দমকলের বেশ কয়েকটি ইঞ্জিন। আগুন ভয়াবহ রূপ নিলেও, বেশ কয়েক ঘন্টার চেষ্টায় নিয়ন্ত্রণে এনেছে দমকল।

মানসরোবরের এএসপি সঞ্জয় শর্মা বলেছেন, 'গত ২ ঘণ্টা ধরে আগুন নেভানোর চেষ্টা চলছে। এখানে প্লাস্টিকের টেপের কাজ চলত তাই ভিতরে রাসায়নিক আছে, তাই আগুন নেভাতে কিছুটা অসুবিধা হয়েছে, একটি আবাসিক এলাকায় দাহ্য বস্তুর গুদাম রাখা বেআইনি এটি অন্যদের জীবনকে বিপদে ফেলে দেয়।’

## করিমগঞ্জে জুলাই মাসের জাতীয় খাদ্য সুরক্ষা যোজনার চাল বরাদ্দ

করিমগঞ্জ (অসম) ১৯ জুন (হি.স.) : করিমগঞ্জে জুলাই মাসে জাতীয় খাদ্য সুরক্ষা যোজনার অধীনে পিএমজিকেএওয়াই বা প্রাইম মিনিস্টার গরিব কল্যাণ অন্ন যোজনার বিনামূল্যের চাল বরাদ্দ করা হয়েছে। এই চাল অন্ত্যোদয় অন্ন যোজনায় রেশন কার্ড পিছু ৩৫ কেজি এবং প্রায়োরিটি হাউস হোল্ড কার্ডধারীদের মাথা পিছু ৫ কেজি করে বিনামূল্যে বিতরণ করতে করিমগঞ্জের খাদ্য, গণবন্টন ও উপভোক্তা বিষয়ক বিভাগ থেকে নির্দেশ দেওয়া হয়েছে।

## তাপপ্রবাহের জেরে রাজধানীতে বিঘ্নিত বিমান পরিষেবা

নয়াদিল্লি, ১৯ জুন (হি. স.): গরমে ফুটছে দিল্লি। দিন-দিন বেড়েই চলেছে তাপমাত্রা। গরমের জেরে নাজেহাল অবস্থা সাধারণ মানুষের। হিটস্ট্রোক কাড়ছে প্রাণ। আর দিল্লির এই তাপপ্রবাহের প্রভাব পড়েছে বিমান পরিষেবার উপরেও। গরমের জেরে ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দরে বিমান অবতরণে বিলম্ব হচ্ছে বলে জানা গিয়েছে।

বিমান মন্ত্রকের এক কর্তা জানিয়েছেন, গরমের জন্য বিমান অবতরণে দেরি হচ্ছে। তাঁর কথায়, বিমান অবতরণের সময় বাতাসের ঘনত্ব বেশি প্রয়োজন। কিন্তু গরমের জন্য বাতাস হালকা হয়ে যাচ্ছে ফলে সময়মতো বিমান পরিষেবা দেওয়া যাচ্ছে না। আবহাওয়া অনুকূল না থাকলে এয়ার ট্রাফিক কন্টোল থেকে ওড়ার ছাড়পত্র পাওয়া যাচ্ছে না। ফলে পরিষেবা বিঘ্নিত হচ্ছে।

## দিল্লি, নয়ডায় তীব্র তাপপ্রবাহে মৃত ১৫

নয়াদিল্লি, ১৯ জুন (হি. স.): তীব্র তাপপ্রবাহে উত্তর ভারতে প্রাণহানির ঘটনা অব্যাহত। বুধবার জানা গেছে, গত ৭২ ঘণ্টায় দিল্লিতে হিটস্ট্রোকে প্রাণ হারিয়েছেন ৫ জন। গত দু-একদিনে নয়ডায় কমপক্ষে ১০ জনের মৃত্যু হয়েছে তাপপ্রবাহের জেরে। তীব্র তাপপ্রবাহে অসুস্থ হয়ে দিল্লির একাধিক হাসপাতালে ও স্বাস্থ্যকেন্দ্রে ভর্তি আছেন অনেকেই। চিকিৎসকরা জানিয়েছেন, হিটস্ট্রোকের পাশাপাশি প্রচন্ড জ্বর, ডি-হাইড্রেশনের মতো উপসর্গ নিয়েও অনেকে ভর্তি হচ্ছেন। মে মাসের তুলনায় জুনে রোগীর সংখ্যা দ্বিগুণ হয়েছে।

উল্লেখ্য,আবহাওয়া দফতর জানিয়েছে, আগামী দু-একদিনের মধ্যে দিল্লি ও সংলগ্ন এলাকায় দাবদাহ থেকে সামান্য স্বস্তি মিলতে পারে। হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে রাজধানীতে।

## আরও ৫ দিনের হেফাজত বাড়লো প্রজ্জ্বল রেভান্নার

বেঙ্গালুরু, ১৯ জুন (হি. স.) : মে মাসে বিদেশ থেকে কর্ণাটকে ফিরতেই বিমানবন্দরে গ্রেফতার করা হয়েছিল প্রাক্তন প্রধানমন্ত্রী এইচ ডি দেবেগৌড়ার নাতি তথা প্রাক্তন সাংসদ প্রজ্জ্বল রেভান্নাকে। তারপর থেকেই হেফাজতে রয়েছেন তিনি। যদিও এরমাঝে তিনি জামিনের আবেদন করলেও তা খারিজ হয়ে যায়। বুধবার প্রজ্জ্বলকে যৌন নির্যাতন মামলায় আদালত আরও ৫ দিন অর্থাৎ ২৪ জুন পর্যন্ত বিশেষ তদন্তকারী দলের হেফাজতে রাখার নির্দেশ দিল।

উল্লেখ্য, তদন্তে অসহযোগিতার অভিযোগ উঠছে জেডিএসের প্রাক্তন সাংসদ প্রজ্জ্বল রেভান্নার বিরুদ্ধে। তদন্তকারী আধিকারিকদের অভিযোগ, প্রজ্জ্বল বেশিরভাগ প্রশ্নের উত্তর দিচ্ছেন না।

## বারামুল্লাতে সেনা-জঙ্গির গুলির লড়াই, জারি তল্লাশি অভিযান

বারামুল্লা, ১৯ জুন (হি. স.) : ফের উত্তপ্ত উপত্যকা। বুধবার দুপুরে বারামুল্লার হাদিপোরা এলাকায় যৌথ তল্লাশি অভিযান চালাচ্ছিল নিরাপত্তা বাহিনী এবং জম্মু ও কাশ্মীর পুলিশ। তখনই তাঁদের ওপর অন্তরাল থেকে অতর্কিতে হামলা চালায় জঙ্গিরা। জানা গেছে, এই গুলির লড়াইয়ে আহত হয়েছেন বাহিনীর একজন। পাল্টা জবাব দেয় বাহিনী। তাতে দুই জঙ্গি নিহত হয়েছে বলে সূত্রের খবর। ওই এলাকায় তল্লাশি অভিযান জারি আছে বলে জানা গেছে।

উল্লেখ্য, গত কয়েক সপ্তাহ ধরেই আবারও অশান্ত হয়ে উঠেছে ভূস্বর্গ। সেই সন্ত্রাসবাদ নির্মূল করতে বদ্ধপরিকর কেন্দ্রীয় সরকার। সম্প্রতি কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ জম্মু ও কাশ্মীরের নিরাপত্তা নিয়ে উচ্চপর্যায়ের বৈঠক করেন।

# মক্কায় তাপপ্রবাহের বলি ৫০০-র বেশি হজযাত্রী

সৌদি, ১৯ জুন (হি. স.): মাস খানেক আগে অকাল বন্যায় ভেসে গিয়েছিল আরবের পবিত্র ভূমি মক্কা, মদিনা। এবার তীব্র গরমে কার্যত মৃত্যুপুরীতে পরিণত হয়েছে দেশটি। প্রায় ৫২ ডিগ্রির ভয়ংকর গরমে হজ যাত্রায় গিয়ে সেখানে মৃত্যু হয়েছে প্রায় ৫৫০ জন পুণ্যার্থীর। পরিস্থিতি এতটাই খারাপ যে মর্গে মৃতদেহ রাখার জায়গা হচ্ছে না। ছড়াচ্ছে দুর্গন্ধ।

বুধবার আরব বিদেশমন্ত্রক সূত্রে জানা গিয়েছে, মক্কার বড় মসজিদে মঙ্গলবার তাপমাত্রা ছিল ৫১.৮ ডিগ্রি সেলসিয়াস। সৌদি আবহাওয়া দফতর এই তথ্য জানিয়েছে। যাঁরা গরম সহ্য না করতে পেরে মৃত্যুর কোলে ঢলে পড়েছেন, তাঁদের অধিকাংশই মিশরীয়। সৌদি কর্তৃপক্ষ জানিয়েছে, এছাড়াও ইতিমধ্যেই প্রায় দু''হাজার জন তীর্থযাত্রীর চিকিৎসা চলছে। সৌদি প্রশাসনের তরফে তীর্থযাত্রীদের ছাতা ব্যবহার, অতিরিক্ত জলপান, সোজা রোদে না থাকার পরামর্শ দেওয়া হয়েছিল। তা সত্ত্বেও হজযাত্রীদের অনেক রীতিনীতি আছে যা বাইরে করতে হয়। রাস্তার ধারে এই অবস্থায় অনেককে নিথর অবস্থায় পাওয়া গিয়েছে। উল্লেখ্য, এ বছর আনুমানিক ১৮ লক্ষ হজযাত্রী গেছেন। যার মধ্যে ১৬ লক্ষই হলেন বিদেশি। অনেকে অর্থের অভাবে সরকারি ভিসা ছাড়াই আসেন। ফলে তাঁদের জন্য সৌদি সরকারের এসি সুবিধা থাকে না। জানা গেছে, মৃত ৫৫০ হজযাত্রীর মধ্যে বেশিরভাগই মিশরের। হজে এসে গরমের কারণে অসুস্থ হয়ে মিশরের কমপক্ষে ৩৩০ জনের মৃত্যু হয়েছে। পাশাপাশি জর্ডনের অন্তত ৬০ জন নাগরিকের মৃত্যুর খবর পাওয়া গিয়েছে। এখানকার সবচেয়ে বড় মর্গ আল মুয়াইজেম। মৃতদেহের ভিড়ে তা কার্যত ভরে গিয়েছে। সময় যত গড়াচ্ছে পরিস্থিতি আরও গুরুতর আকার নিতে শুরু করেছে। অসুস্থ হয়ে পড়েছেন আরও কয়েক হাজার মানুষ।

## ফের জলে ডুবল ফালাকাটার চরতোর্ষা ডাইভারশন, চরম ভোগান্তি

ফালাকাটা, ১৯ জুন (হি. স.) : ফের জলে ডুবল আলিপুরদুয়ারের ফালাকাটার চরতোর্ষা ডাইভারশন। বুধবার সকাল ৭টা নাগাদও অনেকেই হাঁটা পথে ডাইভারশন পার হন। কিন্তু ৮টা থেকে ডাইভারশনের কোথাও হাঁটু ও কোথাও কোমর সমান জল হয়ে যায়। একেবারেই যাতায়াত বন্ধ হয়ে যায়। গত রবিবার জলের ধাক্কায় প্রথম এই ডাইভারশন ভাঙে। তবে গত মঙ্গলবার চরতোর্ষা নদীর জলস্তর অনেকটাই কমে যায়। প্রশাসন জানিয়েছিল যে, বুধবার ডাইভারশন সংস্কারের কাজ শুরু হবে। কিন্তু এদিন নদীর জল বাড়ায় ডাইভারশনের আরও বেশি ক্ষতি হতে পারে বলে মনে করা হচ্ছে। এজন্য কালীপুর, বংশীধরপুর, মেজবিল, শিশাগোড় সহ বিস্তীর্ণ এলাকার মানুষ ভোগান্তিতে পড়েছেন। এদিন স্কুলে যেতে পারেনি পড়ুয়ারা। কেউ অসুস্থ হলে ফালাকাটা সুপারস্পেশালিটি হাসপাতালে নিয়ে যাওয়া যাচ্ছে না। কৃষকরা জমির ফসল নিয়ে ফালাকাটা কৃষক বাজারে যেতে পারছেন না। তাই নানা মহলে এ নিয়ে ক্ষোভ ছড়িয়েছে। যদিও পরিস্থিতির দিকে নজর রাখা হচ্ছে। জল কমলেই কাজ করা হবে বলে জানিয়েছে ফালাকাটা ব্লক প্রশাসন ও সড়ক কর্তৃপক্ষ।

## অপরিশোধিত তেল ব্যারেল প্রতি ৮৬ ডলারের কাছাকাছি, পেট্রোল এবং ডিজেলের দাম স্থিতিশীল

নয়াদিল্লি, ১৯ জুন (হি. স.) : আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম ওঠানামা অব্যাহত রয়েছে। ব্রেন্ট ক্রুডের দাম ৮৬ ডলারে পৌঁছেছে এবং ডব্লুটিআই ক্রুডের দাম ব্যারেল প্রতি ৮২ ডলারের কাছাকাছি পৌঁছেছে। সরকারি খাতের তেল ও গ্যাস বিপণন সংস্থাগুলি বুধবার পেট্রোল এবং ডিজেলের দামে কোনও পরিবর্তন করেনি।

আন্তর্জাতিক বাজারে, সপ্তাহের তৃতীয় দিনে প্রাথমিক বাণিজ্যে, ব্র্যান্ড ক্রুড ০.০৩ ডলার বা ০.০৪ শতাংশ বেড়ে ৮৫.৩৬ ডলারে লেনদেন করছে এবং ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েট (ডব্লুটিআই) অপরিশোধিত তেল ব্যারেল প্রতি ০.০৭ ডলার বা ০.০৯ শতাংশ কমে ৮১.৫০ ডলারে লেনদেন করছে।

ইন্ডিয়ান অয়েলের ওয়েবসাইট অনুসারে, দিল্লিতে পেট্রোলের দাম ৯৪.৭২ টাকা, ডিজেল ৮৭.৬২ টাকা, মুম্বইতে পেট্রোল ১০৪.২১ টাকা, ডিজেল ৯২.১৫টাকা, কলকাতায় পেট্রোল ১০৩.৯৪ টাকা, ডিজেল ৯০.৭৬ টাকা, চেন্নাইতে পেট্রোল ১০০.৭৫ টাকা এবং ডিজেল প্রতি লিটারে ৯২.৩৪ টাকায় পাওয়া যাচ্ছে।

## কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস দুর্ঘটনায় আহত সহকারী চালককে দেখতে হাসপাতালে গৌতম দেব

শিলিগুড়ি, ১৯ জুন (হি. স.) : কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস দুর্ঘটনায় আহত সহকারী চালককে দেখতে হাসপাতালে এলেন শিলিগুড়ির মেয়র গৌতম দেব। বুধবার দুপুরে শিলিগুড়ির একটি বেসরকারি হাসপাতালে গিয়ে আহত মন্নু কুমারের সঙ্গে দেখা করেন তিনি। তবে অসুস্থতার কারণে তাঁর সঙ্গে কথা বলতে পারেননি মেয়র। এদিকে, মৃত কাঞ্চনজঙ্ঘার গার্ড আশিস দে—র বাড়িতে গিয়ে তাঁর পরিবারের সঙ্গে দেখা করেন গৌতম। তাদের পাশে থাকার আশ্বাস দেন।

প্রসঙ্গত, সোমবার ফাঁসিদেওয়ায় দুর্ঘটনার কবলে পড়ে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস। রাঙাপানি স্টেশন ছাড়ার কিছুক্ষণ পরেই ট্রেনটিকে পিছন থেকে ধাক্কা মারে একটি মালগাড়ি। যার ফলে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসের পিছনের দিকে একাধিক কামরা লাইনচ্যুত হয়। একটি কামরা উঠে যায় মালগাড়ির উপর।

এই সংঘর্ষে মালগাড়িও লাইনচ্যুত হয়। দুর্ঘটনায় এখনও পর্যন্ত ১০ জনের মৃত্যু হয়েছে। তাঁদের রয়েছেন মালগাড়ির চালকও। দুর্ঘটনার পরে মালগাড়ির সহ-চালক মন্নুকে উদ্ধার করে প্রথমে শিলিগুড়ি রেল হাসপাতালে পাঠানো হয়। তবে শারীরিক অবস্থার অবনতি হওয়ায় তড়িঘড়ি শিলিগুড়ির এক বেসরকারি হাসপাতালে ভর্তি করানো হয়। হাসপাতাল সূত্রে খবর, মানসিক ভাবে সম্পূর্ণ ভাবে ভেঙে পড়েছেন মন্নু। আপাতত তাঁর শারীরিক অবস্থা স্থিতিশীল।

## রাহুলের জন্মদিনে আবেগঘন পোস্ট প্রিয়াঙ্কার

নয়াদিল্লি, ১৯ জুন (হি. স.): বুধবার ৫৪তম জন্মদিন কংগ্রেস নেতা রাহুল গান্ধীর। জন্মদিনে বোন প্রিয়াঙ্কার থেকে এল বিশেষ বার্তা। এক্স হ্যান্ডেলে প্রিয়াঙ্কা লেখেন, আমার মিষ্টি দাদাকে জন্মদিনের শুভেচ্ছা। যার বিশ্বের সবকিছুর প্রতি অনন্য দৃষ্টিভঙ্গি জীবনের পথকে আলোকিত করে। আমার বন্ধু, আমার সহযাত্রী, যুক্তিবাদী উপদেষ্টা, দার্শনিক এবং নেতা, তোমায় ভীষণ ভালবাসি।

উল্লেখ্য, এদিন দিল্লিতে কংগ্রেসের সদর দফতরে কেকে কেটে এবং লাড্ডু খাইয়ে জন্মদিন উদযাপন করা হয়। প্রসঙ্গত, এদিন সাতসকালেই রাহুলকে জন্মদিনে শুভেচ্ছা জানিয়েছেন কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে। তাঁর দীর্ঘায়ু ও সুস্বাস্থ্য কামনা করেছেন খাড়গে।




বুধবার রাহুল গান্ধীর জন্মদিন উপলক্ষে আগরতলায় প্রদেশ কংগ্রেসের বৃক্ষরোপন।

# শিশু পাচার প্রতিরোধ বিলোনীয়ায় কর্মশালা

**বিলোনিয়া, ১৯ জুন।।** জাতীয় শিশু অধিকার সুরক্ষা কমিশনের উদ্যোগে এবং রাজ্য শিশু অধিকার সুরক্ষা কমিশন ও দক্ষিণ ত্রিপুরা জেলা প্রশাসনের সহযোগিতায় আজ বিলোনীয়া সার্কিট হাউসের কনফারেন্স হলে শিশু পাচার প্রতিরোধ বিষয়ক এক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় উপস্থিত ছিলেন জাতীয় শিশু অধিকার সুরক্ষা কমিশনের কনসালটেন্ট সুনাক্ষী রাধিকা, জেলাশাসক ও সমাহর্তা ডা. সিদ্ধার্থ শিব জয়সবাল, অতিরিক্ত পুলিশ সুপার মরিয় কৃষ্ণ চন্দ্র শেখর, অতিরিক্ত জেলাশাসক (পিপি) হেমন্ত দেববর্মা, মহকুমা শাসকগণ, মহকুমা পুলিশ আধিকারিকগণ, ব্লক আধিকারিকগণ, সীমান্ত সুরক্ষা বাহিনীর কমাণ্ডেন্টগণ, রাজ্য শিশু অধিকার সুরক্ষা কমিশনের সদস্যবৃন্দ, জেলা শিশু কল্যাণ কমিটির সদস্যগণ, সমাজকল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের আধিকারিক, তথ্য ও সংস্কৃতি দপ্তরের আধিকারিক সহ চাইল্ডলাইন ও অন্যান্য এনজিও-র সদস্য-সদস্যাগণ।
কর্মশালায় সুনাক্ষী রাধিকা দক্ষিণ ত্রিপুরার শিশু অধিকার সুরক্ষায় গৃহীত বিভিন্ন ব্যবস্থার খোঁজ খবর নেন এবং শিশু অধিকার সুরক্ষায় জাতীয় কমিশনের গৃহীত বিভিন্ন পদক্ষেপ পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশানের মাধ্যমে আলোচনায় তুলে ধরেন। তিনি শিশু অধিকার রক্ষায় গৃহীত বিভিন্ন পদক্ষেপের সঠিক বাস্তবায়ণের উপর গুরুত্ব আরোপ করেন এবং এ বিষয়ে সকলকে আন্তরিক হওয়ার আবেদন জানান। তিনি বাল্যবিবাহ রোধে জেলাশাসকের গৃহীত বিভিন্ন পদক্ষেপে সন্তোষ প্রকাশ করেন।
কর্মশালায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন জেলাশাসক, অতিরিক্ত পুলিশ সুপার এবং রাজ্য শিশু অধিকার সুরক্ষা কমিশনের সদস্যা শর্মিলা চৌধুরী। বক্তাগণ শিশু পাচার ও বাল্যবিবাহ বন্ধ করতে শুভবুদ্ধিসম্পন্ন প্রতিটি নাগরিককে এগিয়ে আসতে আহ্বান জানান। উল্লেখ্য, জাতীয় শিশু অধিকার সুরক্ষা কমিশন দেশের সীমান্ত ও সীমান্ত সংলগ ১০০টি জেলায় এ ধরণের কর্মশালা আয়োজনের উদ্যোগ নিয়েছে। আজকের কর্মশালা এই অনুষ্ঠানেরই অঙ্গ।

## রানিগঞ্জের ৩৪ নম্বর ওয়ার্ডের ডাস্টবিনে সদ্যোজাতের দেহ ব্যাপক চাঞ্চল্য

রানিগঞ্জ, ১৯ জুন (হি.স.): ডাস্টবিনে সদ্যোজাতের দেহ, চাঞ্চল্য ছড়াল রানিগঞ্জের ৩৪ নম্বর ওয়ার্ডের রামবাগান এলাকায়। মঙ্গলবার বিকেল নাগাদ রানিগঞ্জের রামবাগান এলাকায় রয়েল গ্রাউন্ডের পাশে এক ডাস্টবিনের মধ্যে প্লাস্টিকে মোড়া এক সদ্যোজাত শিশুকে পড়ে থাকতে দেখা যায়।এ বিষয়ে রানিগঞ্জ থানার পাঞ্জাবি মোড় ফাঁড়িকে খবর দেওয়া হলে পুলিশ তড়িঘড়ি ঘটনাস্থলে পৌঁছে ওই সদ্যোজাত শিশুর দেহ উদ্ধার করে। স্থানীয়দের প্রথমে অনুমান, কেউবা কারা মৃত শিশু প্রসব হওয়ার পর সেই শিশুকে এই ডাস্টবিনে ফেলে দিয়ে গেছে। তবে অনেকেও এটা নিজের পাপ লুকানোর জন্য এমনটা করেছে বলেও দাবি করেছেন স্থানীয় বাসিন্দারা। তবে পুলিশ-প্রশাসন সমস্ত বিষয় খতিয়ে দেখে এ বিষয়ে তদন্ত শুরু করেছেন।

## হাওড়ায় গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে জখম ৪ জন কর্মী

হাওড়া, ১৯ জুন (হি.স.): মঙ্গলবার দুপুরে হাওড়ার বেলুড়ে একটি লোহা মার্কেটে একটি গোডাউনে বিস্ফোরণের ঘটনায় তীব্র আতঙ্ক ছড়িয়ে পড়ে। অক্সিজেন ভর্তি গ্যাস সিলিন্ডার ফেটে এই বিস্ফোরণ বলে অনুমান করা হচ্ছে। এই ঘটনায় গুরুতর জখম চার জন। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, এদিন দুপুরে এই বিস্ফোরণের শব্দে এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। সেই সময় ওই গোডাউনে লোহা কাটার কাজ করছিলেন চারজন শ্রমিক।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# করিমগঞ্জে জুলাই মাসের জাতীয় খাদ্য সুরক্ষা যোজনার চাল বরাদ্দ

করিমগঞ্জ (অসম) ১৯ জুন (হি.স.) : করিমগঞ্জে জুলাই মাসে জাতীয় খাদ্য সুরক্ষা যোজনার অধীনে পিএমজিকেএওয়াই বা প্রাইম মিনিস্টার গরিব কল্যাণ অন্ন যোজনার বিনামূল্যের চাল বরাদ্দ করা হয়েছে। এই চাল অন্ত্যোদয় অন্ন যোজনায় রেশন কার্ড পিছু ৩৫ কেজি এবং প্রায়োরিটি হাউস হোল্ড কার্ডধারীদের মাথা পিছু ৫ কেজি করে বিনামূল্যে বিতরণ করতে করিমগঞ্জের খাদ্য, গণবন্টন ও উপভোক্তা বিষয়ক বিভাগ থেকে নির্দেশ দেওয়া হয়েছে।

## রাজনৈতিক সংঘর্ষে উত্তপ্ত নন্দীগ্রাম, আহত একাধিক

মেদিনীপুর, ১৯ জুন (হি. স.): লোকসভা নির্বাচন শেষ। পূর্ব মেদিনীপুরের দুটি আসনেই জয়ী হয়েছে বিজেপি। তবুও রাজনৈতিক সংঘর্ষ যেন পিছু ছাড়ছে না নন্দীগ্রামকে।
বুধবার নন্দীগ্রাম এক নম্বর ব্লকের কালিচরণপুর গ্রাম পঞ্চায়েত এলাকার বঙ্কিম মোড়ে রাজনৈতিক সংঘর্ষে তৃণমূল কংগ্রেস ও আইএসএফের বেশ কয়েকজন কর্মী-সমর্থক আহত হয়েছেন। প্রত্যেকে নন্দীগ্রাম সুপার স্পেশালিটি হাসপাতালে চিকিৎসাধীন। তৃণমূল কংগ্রেসের এক কর্মীকে গুরুতর আহত অবস্থায় নন্দীগ্রাম সুপার স্পেশালিটি হাসপাতাল থেকে স্থানান্তরিত করা হয়েছে।
তৃণমূল কংগ্রেসের অভিযোগ, বিজেপির মদতে আইএসএফ এবং সিপিআইএম তাদের কর্মীদের ওপর হামলা চালিয়েছে। অপরদিকে তৃণমূল কংগ্রেসের অভিযোগ নস্যাৎ করে সিপিআইএম দাবি করে, বিজেপি এবং সিপিআইএমের আঁতাত নয় তৃণমূল এবং বিজেপির আতাঁতেই এই ঘটনা। বিজেপি দাবি করেছে, ওই এলাকায় গরু চুরিকে কেন্দ্র করে উত্তেজনা এবং সংঘর্ষ হয়েছে। তৃণমূল কংগ্রেস সেখানে রাজনৈতিক রং লাগানোর চেষ্টা করছে। আইএসএফের ব্লক সভাপতি শবে মিরাজ আলীকে নন্দীগ্রাম থানার পুলিশ আটক করেছে। যদিও আই এস এফ এর পক্ষ থেকে কোন প্রতিক্রিয়া মেলেনি এখনও পর্যন্ত।

## চালসায় চা বাগান থেকে বিশালাকার কিং কোবরা উদ্ধার

চালসা, ১৯ জুন (হি. স.) : জলপাইগুড়ির মেটেলি ব্লকের চালসা চা বাগান থেকে বিশালাকার কিং কোবরা উদ্ধার হল। বুধবার প্রায় ১৩ ফুট লম্বা ওই কিং কোবরাটি উদ্ধার হয়।এদিন চা বাগানের ঝোপ থেকে ওই কিং কোবরাটিকে দেখতে পায় বাসিন্দারা। এরপরেই আতঙ্কিত হয়ে পড়েন তারা। খবর দেওয়া হয় চালসার সর্পপ্রেমী দিবস রাইকে। দিবস এসে স্থানীয় বাসিন্দাদের সহযোগিতায় কিং কোবরাটিকে উদ্ধার করে। সাপটি সুস্থ থাকায় এদিনই সেটিকে জঙ্গলে ছেড়ে দেওয়া হয়েছে বলে দিবস জানায়। উল্লেখ্য, বাগানের পাশেই রয়েছে চাপরামারি জঙ্গল। ওই জঙ্গল থেকেই কিংকোবরাটি চলে আসতে পারে বলে বাসিন্দাদের অনুমান।
ছেলেধরা সন্দেহে গণপিটুনি মহিলাকে, গাড়ি ভাঙচুর, রণক্ষেত্র বারাসত
উত্তর ২৪ পরগনা, ১৯ জুন (হি. স.): ছেলেধরা সন্দেহে এক মহিলা এবং তাঁর সঙ্গীকে গণধোলাইয়ের ঘটনায় বুধবার উত্তপ্ত হল বারাসত। পুলিশের গাড়ি ভাঙচুর করার অভিযোগ উত্তেজিত জনতার বিরুদ্ধে। লাঠি চালিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে পুলিশ। গুজব ছড়ানো এবং মোবাইলে ওই ঘটনার ছবি তোলার অভিযোগে পুলিশ বেশ কয়েক জনকে আটক করেছে।স্থানীয় সূত্রে খবর, বুধবার সকালে বারাসত কামাখ্যা মন্দির সংলগ্ন এলাকায় অটোয় উঠতে যাচ্ছিলেন এক মহিলা। সঙ্গে ছিলেন আরও এক জন। সেই সময় আচমকাই তাঁকে ছেলেধরার তকমা দিয়ে মারধর শুরু করে জনতা। কিছু ক্ষণের মধ্যেই ভিড় জমে যায়। সকলেই ‘ছেলেধরা’কে দেখতে চান। গণপিটুনির শুরু হয়।খবর পেয়ে অকুস্থলে চলে আসে পুলিশ। কিন্তু উত্তেজিত জনতা পুলিশের উপরেই পাল্টা চড়াও হয়। ভাঙচুর করা হয় পুলিশের গাড়ি। রণক্ষেত্রের চেহারা নেয় এলাকা। পরিস্থিতি সামলাতে লাঠি চালায় পুলিশ। প্রসঙ্গত, সম্প্রতি কাজিপাড়ায় ১১ বছরের বালককে শ্বাসরোধ করে খুনের ঘটনার পর অগ্নিগর্ভ হয়ে ওঠে এলাকা। পুলিশের হস্তক্ষেপে তখনকার মতো পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। কিন্তু বারাসত জুড়ে গুজব ছড়ানো শুরু হয় ছেলে চুরির। অনুমান, তার জেরেই বুধবার সকালে রণক্ষেত্রের চেহারা নিল বারাসত।

## আগামী ২১ জুলাই

● প্রথম পাতার পর
সেখানে জানানো হয়েছে ২১ জুলাই অনুষ্ঠিত হবে এডিসিতে বাতিল হওয়া চাকুরীর পরীক্ষা।
বিবৃতিতে জানানো হয়েছে, চাকরি প্রার্থীদের কোন নতুন প্রবেশপত্র ইস্যু করা হবে না। প্রশ্নপত্রগুলি এমসিকিউ এর আকারে হবে যেমনটি আগে জানানো হয়েছে। তবে উত্তরপত্রের জন্য ওএমআর শীট ব্যবহার করা হবে।
তাছাড়া, পরীক্ষার সিলেবাস আগের বিজ্ঞপ্তি অনুযায়ী অপরিবর্তিত থাকবে। যোগ্য প্রার্থীদের ইন্টারভিউ সিসি টিভির নজরদারিতে নেওয়া হবে।

## কর্তৃপক্ষের বিরুদ্ধে

● প্রথম পাতার পর
জন্য তাঁকে অন্যত্র হাসপাতালে নিতে চাইলে ছুটি দেয়নি হাসপাতাল কর্তৃপক্ষ বলে অভিযোগ। ফলে, আজ সকালে জিবি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হয়েছে বাসুদেবের। ওই ঘটনাকে ঘিরে কিছুক্ষনের জন্য হাসপাতাল চত্বরে উত্তেজনা সৃষ্টি হয়েছিল।

## মৃত্যু শ্রমিকের

● প্রথম পাতার পর
চালাতে গিয়ে আচমকা বিদ্যুৎ পরিবাহী তারের সংস্পর্শে আসেন বাসুদেব। তাঁর সহ শ্রমিকরা ঘটনাটি প্রত্যক্ষ করে চিৎকার চেঁচামেচি শুরু করলে সানীয় মানুষ জড়ো হয়েছে। সাথে সাথে তাঁকে উদ্ধার করে বিলোনিয়া হাসপাতালে নিয়ে গিয়েছেন। সেখানের কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত বলে ঘোষণা করেন।

## হাওড়ার লোহা-বাজারে ভয়ঙ্কর বিস্ফোরণ আহত একাধিক শ্রমিক

হাওড়া, ১৯ জুন (হি. স.): প্রচন্ড বিস্ফোরণে কেঁপে উঠল এশিয়ার সর্ববৃহৎ লোহার বাজার বজরংবলি লোহা-বাজার। জানা গেছে, মঙ্গলবার দুপুরে বজরংবলি বাজারের ভিক্টোরিয়া মার্কেটে একটি লোহার কারখানায় সিলিন্ডার ফেটে আহত হন বেশ কয়েকজন শ্রমিক। বিস্ফোরণের তীব্রতায় কেঁপে ওঠে কারখানা চত্বর।
জানা গেছে, কর্মরত প্রায় ৪ জন শ্রমিক গুরুতর জখম হন। রক্তাক্ত অবস্থায় লুটিয়ে পড়েন শ্রমিকরা। তাঁদের মধ্যে দুজনের অবস্থা আশঙ্কাজনক। স্থানীয়রাই সেই জখম শ্রমিকদের উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায় বলে জানা গেছে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় পুলিশ ও দমকল কর্মীরা। জানা গিয়েছে, একটি সিলিন্ডার ব্যবহার করে লোহা কাটাইয়ের কাজ করছিলেন শ্রমিকরা। সেই সময় এই বিপত্তি ঘটে। স্থানীয়রা জানান, এই ঘটনার পর কারখানা কর্তৃপক্ষ চম্পট দেয়। কারখানা কর্তৃপক্ষের তরফে এখনও কোনও প্রতিক্রিয়া পাওয়া যায়নি। পুলিশ তদন্ত শুরু করেছে।

## শিক্ষকদের

● আটের পাতার পর
অব্যাহত রয়েছে। বেশ কিছু বিদ্যা-ব্যবসায়ী শিক্ষককে নোটিশ দেওয়া হলেও তারা নোটিশের জবাব পর্যন্ত দেয়নি বলে অভিযোগ।
বিদ্যা ব্যবসা করতে গিয়ে হাতে নাতে ধরা পড়েও প্রশাসনিক আধিকারিকরা তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে সাহস পাচ্ছে না। পরবর্তী সময়ে অভিভাবকদের পাঠিয়ে ওই বিদ্যা ব্যাপারি বিষয়টি মিটমাট করার চেষ্টা করেন। এখন সেটাও ফাইল চাপা। চুটিয়ে ফের বিদ্যা ব্যবসা করছেন ওই শিক্ষকেরা। জানা গেছে সর্ষেতেই ভূত। ওঝা হয়ে কিভাবে ভূত সারাবেন শিক্ষা অধিকারীক। যাদের উপর প্রশাসনিক নির্দেশ বাস্তবায়নের দায়িত্ব তাদের একাংশ চাইছেন না নির্দেশ কার্যকর হোক। এমনি অভিযোগ। শিক্ষা দপ্তরের কিছু আধিকারিক সরকারের সিদ্ধান্ত বাস্তবায়নের বিরোধী। তাদের একাংশের মদতেই শহরের বনেদি বিদ্যালয়ের শিক্ষকরা চুটিয়ে বিদ্যাব্যবসা করছেন। অভিযোগ দপ্তরের কোনো ভূমিকাই নেই! এই বিদ্যা বাণিজ্য রুখতে এবার বর্তমান মুখ্যমন্ত্রী প্রফেসর ডাঃ মানিক সাহা কড়া মনোভাব দেখাক এমনটাই দাবি অভিভাবকদের।

## দীপক মজুমদার

● প্রথম পাতার পর
এদিন মুখ্যমন্ত্রী অধ্যাপক( ডা.) মানিক সাহা বলেন, নবনির্বাচিত বিধায়ক দীপক মজুমদারের সফল কার্যকালের জন্য শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন।
এদিন তিনি বলেন, জনসেবার এই মহতী কর্মে তাঁর আগামী দিনগুলো সাফল্যমন্ডিত হয়ে উঠুক এই কামনা করেন।এদিন মুখ্যমন্ত্রী স্পষ্ট জানিয়ে দিয়েছেন, মন্ত্রী সভার সম্প্রসারণ হচ্ছে না এবং এ বিষয়ে কোন সিদ্ধান্ত ও নেওয়া হয়নি।
এদিন শপথ বাক্য পাঠ করে বিধায়ক দীপক মজুমদার বলেন, আজ থেকে রাজনীতি জীবনে নতুন অধ্যায় শুরু হয়েছে। বিধায়ক হয়ে রামমগরবাসীর জন্য কাজ করার সুযোগ পেয়েছি। এদিন তিনি আরও বলেন, রাজ্যের আইনসভার সদস্য হিসেবে রামনগর তথা গোটা রাজ্যের সামগ্রিক বিকাশের দায়িত্ব সম্পাদনে কোনরকম কার্পণ্য রাখবেন না।

## গাঁজা উদ্ধার

● প্রথম পাতার পর
এলাকায়, অন্যটি উপনগর এলাকায়। আগরতলা থেকে আমবাসা হয়ে বহিরাজ্যে আসা যাওয়ার সময় উপনগর এবং বেত বাগান এলাকায় ছোট বড় সমস্ত গাড়িতে তল্লাশি চালানো হয়।
জনৈক পুলিশ আধিকারিক জানিয়েছেন, আজ গণ্ডাছড়া হয়ে বহিরাজ্যের উদ্দেশ্যে নিয়ে যাওয়ার পথে আমবাসায় জাতীয় সড়ক উপনগর নাঁকা পয়েন্টে ধরা পরে গাঁজা বোঝাই একটি বিলাসবহুল গাড়ি। ডাব্লিউ বি০২ এএইচ৩১৭২ নম্বরের গাড়িতে তল্লাশি চালিয়ে নাকা পয়েন্ট এর পুলিশ কর্মীরা শুকনো গাঁজা উদ্ধার করে। সঙ্গে গাড়ির চালক বিজন দাস(২৩)কে আটক করা হয়। তার বাড়ি উদয়পুর।
তিনি আরও জানিয়েছেন, উদ্ধারকৃত গাঁজার বাজার মূল্য আট লক্ষাধিক টাকা। ধৃত চালক বিজন দাসকে আজ আমবাসা থানার পুলিশ রিমান্ড চেয়ে আদালতে সোপর্দ করা হয়।

## ৫ জনের মর্মান্তিক মৃত্যু

● প্রথম পাতার পর
প্রাণে বাঁচতে সক্ষম হন পান আব্দুল করিম।
ঘটনার পর বদরপুর পুলিশ এবং এনডিআরএফ টিম ঘটনাস্থলে ছুটে গিয়ে উদ্ধারকাজ শুরু করে। দীর্ঘক্ষণ চেষ্টায় মাটি সরিয়ে মৃতদেহ উদ্ধার করা হয়। মৃতদের মধ্যে রয়েছেন আব্দুল করিমের স্ত্রী রাইমুন নেছা(৫৫), তার বড় মেয়ে শাহেদা খানম(১৮), ১৬ বছরের মেয়ে জাহেদা খানম, ১১ বছরের মেয়ে হামিদা খানম সহ ৩ বছরের নাতি মেহেদি হাসান। বুধবার ঘটনাস্থলে ছুটে গেছেন জেলা প্রশাসকের আধিকারিক দল। মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য করিমগঞ্জ সিভিল হাসপাতালে পাঠিয়েছে পুলিশ। মর্মান্তিক এই ঘটনায় গোটা এলাকাতে শোক রয়েছে।



কেন্দ্রীয় রেল, তথ্য ও সম্প্রচার এবং ইলেকট্রনিক্স ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব নয়াদিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সভাপতিত্বে মন্ত্রিসভায় গৃহীত সিদ্ধান্তগুলি সাংবাদিক সম্মেলনে জানাচ্ছেন।

# বদলে যাচ্ছে কলকাতা মেট্রোর স্পেশাল নাইট সার্ভিসের সময়

কলকাতা, ১৯ জুন (হি. স.) : বদলে যাচ্ছে কলকাতা মেট্রোর স্পেশাল নাইট সার্ভিসের সময়। আগামী ২৪ জুন থেকে রাত ১১টার পরিবর্তে রাত ১০টা ৪০ মিনিট থেকে চলবে স্পেশাল মেট্রো পরিষেবা। গত ২৪ মে থেকে পরীক্ষামূলকভাবে স্পেশাল নাইট সার্ভিস চালু করেছে মেট্রো। কবি সুভাষ ও দমদম উভয় প্রান্ত থেকেই রাত ১১টায় ছাড়ছে একটি করে স্পেশাল মেট্রো। কিন্তু সেই মেট্রোয় যাত্রী সংখ্যা সেভাবে হচ্ছে না। কলকাতা মেট্রোর এই বিশেষ নৈশ পরিষেবা চালু হওয়ার পর থেকে রাত ১১টার মেট্রোয় (আপ-ডাউন মিলিয়ে) দিনে গড়ে মাত্র ৬০০ জন যাত্রা করেছেন। এমন অবস্থায় যাতে এবার যাত্রীরা আরও বেশি করে এই রাতের পরিষেবা গ্রহণ করতে পারেন, সে জন্য রাতের স্পেশাল মেট্রোর সময় এগিয়ে আনা হল।
সোম থেকে শুক্র এই বিশেষ নৈশ পরিষেবা চালাতে গিয়ে যে পরিমাণ খরচ হচ্ছিল মেট্রোর, তার সিকিভাগও আয় হচ্ছিল না। রাত ১১টায় একজোড়া মেট্রো চালাতে গিয়ে এক এক দিনে ২ লাখ ৭০ হাজার টাকা খরচ মেট্রোর। তার সঙ্গে প্রায় ৫০ হাজার টাকার অন্যান্য খরচও রয়েছে। কিন্তু এই বিরাট কর্মযজ্ঞে যাত্রী সেভাবে হচ্ছিল না। গড়ে মাত্র ৩০০ জন যাত্রী এই বিশেষ নৈশ পরিষেবা ব্যবহার করছিলেন, যা থেকে দৈনিক আয় গড়ে মাত্র ৬ হাজার টাকা।
এছাড়া রাত পর্যন্ত মেট্রো স্টেশনে টিকিট কাউন্টার খোলা রাখলেও সেভাবে টোকেন বিক্রি হচ্ছে না। কোনও কোনও স্টেশনে ওই সময়ে দিনে গড়ে মাত্র একটি বা দু'টি টোকেন বিক্রি হচ্ছে। সেই কারণে যাতে আরও বেশি সংখ্যক যাত্রী মেট্রোর এই স্পেশাল নাইট সার্ভিসের সুবিধা পান, তার জন্য নৈশ-পরিষেবার সময় ২০ মিনিট এগিয়ে আনার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ওই সময়ে কোনও স্টেশনে টোকেন, স্মার্ট কার্ড ইত্যাদি বিক্রির জন্য কোনও টিকিট কাউন্টার খোলা থাকবে না। অর্থাৎ, স্মার্ট কার্ড ব্যবহারকারীরাই এই স্পেশাল মেট্রো পরিষেবা ব্যবহার করতে পারবেন। তাছাড়া ইউপিআই পেমেন্ট মোড ব্যবহার করে সমস্ত স্টেশনে বসানো মেশিন থেকে টোকেন কাটতে পারবেন যাত্রীরা।

# পরিস্থিতি নিয়ন্ত্রণে, আতঙ্ক ছড়াবেন না, বারাসতের এসডিপিও-র

উত্তর ২৪ পরগনা, ১৯ জুন, (হি স) : পরিস্থিতি নিয়ন্ত্রণে, আতঙ্ক ছড়াবেন না। বুধবার বারাসতের ঘটনায় এই মন্তব্য করলেন এসডিপিও বিদ্যাগার আজিংকা।ছেলেধরা সন্দেহে এক মহিলা এবং তাঁর সঙ্গীকে গণধোলাইয়ের ঘটনায় বুধবার উত্তপ্ত হয় বারাসত। পুলিশের গাড়ি ভাঙচুর করার অভিযোগ উত্তেজিত জনতার বিরুদ্ধে। লাঠি চালিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে পুলিশ। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে বারাসতের এসডিপিও বিদ্যাগার আজিংকাকে সরাসরি মানুষের সঙ্গে কথা বলতে দেখা যায়। সেখানে স্থানীয় বাসিন্দাদের আশ্বস্ত করে বলেন, “গুজবে বিশ্বাস করবেন না। এটা পুরোপুরি গুজব। কাজিপাড়ায় যে ঘটনা ঘটেছিল, তা সম্পূর্ণ ভিন্ন। এর সঙ্গে তার কোনও সম্পর্কই নেই। বাচ্চাচুরির যে গল্প ছড়াচ্ছে, তা সম্পূর্ণ গুজব। সেই গুজবকে বিশ্বাস করে গোলমাল চলছে। আমি আবারও বলছি, গুজবে বিশ্বাস করবেন না। এখানে প্রতিটি বাচ্চা নিরাপদে আছে।”
পরে পুলিশ আধিকারিক সাংবাদিকদের বলেন, “সবার বাচ্চা নিরাপদে আছে। কেউ কেউ উদ্দেশ্যপ্রণোদিত ভাবে বাচ্চাচুরির গুজব ছড়াচ্ছেন। এই কথায় দয়া করে কেউ বিশ্বাস করবেন না। অকারণে কিছু মানুষ অশান্তি তৈরির চেষ্টা করছেন। আজ একটি গুজব ছড়িয়েছিল যে, বাচ্চাচোর পাওয়া গিয়েছে। কিন্তু উনি বাচ্চাচোর নন। একটি বাচ্চাও নিখোঁজ নয়। এই গুজবের উপর ভিত্তি করে দু’জনকে মারধর করা হল, এটা একদমই ঠিক নয়। যাঁরা গুজব ছড়াচ্ছেন, তাঁদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।”যে মহিলা এবং তাঁর সঙ্গীকে গণপিটুনি দেওয়া হয়, তাঁদের হাসপাতালে ভর্তি করিয়েছে পুলিশ। গুজব ছড়ানো এবং গণপিটুনির ছবি সমাজমাধ্যমে ভাইরাল করার অভিযোগে কয়েক জনকে আটক করেছে পুলিশ।
স্থানীয় কাউন্সিলর সমীর তালুকদার বলেন, “কোনও ভিত্তিই নেই। সম্পূর্ণ সন্দেহের বশে এই সব করা হচ্ছে। আমরা জনপ্রতিনিধিরা রাস্তায় আছি। কামাখ্যা মন্দিরের কাছে দু’জনকে খুব বাজে ভাবে মারধর করা হয়েছে। রক্তারক্তি অবস্থা। কিছু উৎসাহী ছেলে সমাজমাধ্যমে মিথ্যে খবর ভাইরাল করছে। তাদের বিরুদ্ধে পুলিশ পদক্ষেপ করছে। এরাই বিষয়টিকে ছড়াচ্ছে। আতঙ্ক ছড়ানো হচ্ছে।”

# ভাঙড় থেকে উদ্ধার তাজা বোমা, খালি হাতে বোমা উদ্ধার করে বিতর্কে পুলিশ

ভাঙড়, ১৯ জুন (হি. স.) : আবারও বোমা উদ্ধার হল ভাঙড়ে। ভাঙড় থানার অন্তর্গত রানীগাছি এলাকার এক আইএসএফ নেতার খড়ের গোডাউন থেকে উদ্ধার হয় বেশ কয়েকটা তাজা বোমা। বুধবার বিকেলে সেই বোমা উদ্ধারকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়ায় এলাকায়। পাশাপাশি খালি হাতে পুলিশকর্মীরা বোমা উদ্ধার করায় শুরু হয়েছে বিতর্ক।
রাজ্যে একাধিকবার বোমা উদ্ধার বা নিষ্ক্রিয় করার সময় দুর্ঘটনা ঘটলেও কলকাতা পুলিশ কবে শিক্ষা নেবে এদিন সেই প্রশ্ন তুলেছেন ভাঙড়বাসী। বুধবার দুপুরে পুলিশ খবর পায় রানীগাছিতে এক আইএসএফ নেতার বাড়ির পাশে খড়ের গুদামের মধ্যে কয়েকটি তাজা বোমা পড়ে আছে। আর খবর পেয়েই ঘটনাস্থলে গিয়ে পুলিশকর্মীরা সেই বোমাগুলি খালি হাতে উদ্ধার করনে। খালি হাতেই বালতিতে তোলেন কলকাতা পুলিশের এক কর্মী। আরেকজন বালতি ভর্তি বোমা নিয়ে দৌড়ে গিয়ে তা তুললেন পুলিশ গাড়িতে। চারপাশে তখন অসংখ্য গ্রামবাসীর ভিড়। দুর্ঘটনাবশত যদি একটা বোমা ফাটত তাহলে কি অবস্থা হত ওই এলাকায়? তা নিয়েই প্রশ্ন তুলছেন সকলে।অন্যদিকে, এই ঘটনাকে কেন্দ্র করে শুরু হয়েছে রাজনৈতিক চাপানোতর। এলাকার তৃণমূল নেতাদের দাবি রানীগাছি গ্রামের বাসিন্দা তথা আইএসএফের বুথ সভাপতি সিরাজুল খাঁর বাড়ি লাগোয়া খড়ের গোডাউন থেকে ওই বোমা উদ্ধার হয়েছে। এলাকায় অশান্তি পাকানোর জন্য সিরাজুল বোমা বজুত করেছিল। অভিযোগ অস্বীকার করে সিরাজুল খাঁর পরিবারের সদস্যদের দাবি তৃণমূল কর্মীরাই তাঁদের গোডাউনে বোমা রেখে ফাঁসানোর চেষ্টা করছে। মিঠুন ও লাল্টু নামে দুই তৃণমূল কর্মী বস্তা নিয়ে গোডাউনে ঢুকেছিল। ওরা বস্তা করে বোমা নিয়ে এসেছিল বলে দাবি তাঁদের। তারা চলে যেতেই কয়েকমিনিট পর পুলিশ এসে বোমা উদ্ধার করে। তবে কে বা কারা বোমা রেখেছিল সে বিষয়ে তদন্ত করছে পুলিশ।

# করবুকে নির্মীয়মান একলব্য মডেল রেসিডেন্সিয়াল বিদ্যালয় পরিদর্শনে জনজাতি কল্যাণমন্ত্রী

**করবুক, ১৯ জুন।।** জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা আজ করবুক মহকুমা সদরে নির্মীয়মান একলব্য মডেল রেসিডেন্সিয়াল বিদ্যালয়টি পরিদর্শন করেন। এই বিদ্যালয়টি নির্মাণে ব্যয় হবে ৪৮ কোটি টাকা। জনজাতি কল্যাণমী নির্মীয়মান বিদ্যালয়ের কিচেন, ছাত্রাবাস, ছাত্রী নিবাস ও সায়েন্স ল্যাবরেটরি পরিদর্শন করেন। নির্মীয়মান বিদ্যালয়ের কাজের অগ্রগতিতে জনজাতি কল্যাণমী সন্তোষ প্রকাশ করেন এবং নির্দিষ্ট সময়ের মধ্যে বিদ্যালয়ের নির্মাণকাজ শেষ করার জন্য সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দেন। বিদ্যালয় পরিদর্শনের সময় জনজাতি কল্যাণমীর সাথে ছিলেন বিধায়ক সঞ্জয় মানিক ত্রিপুরা, মহকুমা শাসক পার্থ দাস, করবুক ব্লকের বিডিও দিব্যেন্দ দাস এবং জনজাতি কল্যাণ ও মহকুমার বিভিন্ন কার্যালয়ের আধিকারিকগণ। জনজাতি কল্যাণমী বিকাশ দেববর্মা এদিন করবুক মহকুমার পাঞ্জিহাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ছাত্রী নিবাস পরিদর্শন করেন এবং ছাত্রী নিবাসটির প্রয়োজনীয় সংস্কারের জন্য উদ্যোগ নিতে আধিকারিকদের নির্দেশ দেন।

# াঙ্গন

## স্নেহা, পুনমদীতার জোড়া হ্যাটট্রিক সহ ১০ গোল আনন্দনগরকে হারিয়ে দারুন সূচনা চলমানের

**চলমান সংঘ:- ১০ আনন্দনগর:- ০**

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। শুরু হলো মহিলা লীগ ফুটবল টুর্নামেন্ট। এবার খেলা হচ্ছে বৈকুণ্ঠ নাথ মেমোরিয়াল মহিলা ফুটবল লিগ শিরোনামে। আয়োজক ত্রিপুরা ফুটবল অ্যাসোসিয়েশন। ঘোষিত ক্রীড়া সূচি অনুযায়ী উদ্বোধনী ম্যাচ আনন্দনগর প্লে সেন্টার এবং চলমান সংঘের খেলাটি সকাল দশটায় অনুষ্ঠিত হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে। আনুষ্ঠানিক উদ্বোধনী ম্যাচে চলমান সংঘ ১০ গোলের বিশাল ব্যবধানে আনন্দনগর প্লে সেন্টারকে পরাজিত করেছে। অনেকটা একতরফা খেলা হয়েছে।

বিজিত আনন্দনগর প্লে সেন্টারের খেলোয়াড়রা সিনথেটিক মাঠে তেমন একটা সুবিধা করতে পারেনি। অ্যাটাকিং খেলে গোল করা দূর অস্ত, তেমন প্রতিরোধ পর্যন্ত গড়ে তুলতে পারেনি। পক্ষান্তরে শক্তিশালী চলমান সংঘের মেয়েরা দুই অর্ধে পাঁচটি করে মোট ১০ গোল হজম করিয়ে আনন্দনগর প্লে সেন্টারকে একপ্রকার পর্যুদস্ত করেছে। বিজয়ী চলমান সংঘের পক্ষে পুনমদীতা দেবনাথ দুই অর্ধে একাই চারটি গোল করে বেশ নজর কেড়েছে। খেলার ৪০ মিনিট, ৪৭ মিনিট, ৬৮ মিনিট এবং ৮৫ মিনিটে পুনমদীতা চারটি গোল করেন। তবে গোলের সূচনা হয় নয় মিনিটের মাথায় স্নেহা দেবনাথ এর সৌজন্যে। স্নেহাও ৩৮ মিনিট ও ৭০ মিনিটের মাথায় আরও দুটি গোল করে হ্যাটট্রিকের স্বীকৃতিও পায়। স্নেহা ও পুনমদীতার জোড়া হ্যাট্রিক সহ সাত গোলে আনন্দনগর অনেকটা কুপোকাৎ হয়ে যায়।

এছাড়া সতীর্থ নেহা দাস ২৬ মিনিটে, লক্ষ্মী দেবনাথ ৪২ মিনিটে এবং সঙ্গীতা দাস ৫১ মিনিটে একটি করে গোল করলে চূড়ান্ত ফলাফল ১০-০ হয়। প্রথমার্ধে চলমান সংঘ ৫-০ গোলে এগিয়ে ছিল। খেলায় অসদাচরনের দায়ে রেফারি চলমান সংঘের একজনকে হলুদ কার্ড দেখিয়ে সতর্ক করেন। ম্যাচ পরিচালনায় ছিলেন রেফারি সুকান্ত দত্ত, পল্লব চক্রবর্তী, লিটন সাহা ও ইন্দ্রানী দে। উল্লেখ্য, ম্যাচ শুরুর আগে এক বিশেষ অনুষ্ঠানে এবারকার মহিলা ফুটবল লীগ এর আনুষ্ঠানিক উদ্বোধন হয়। উদ্বোধন করেন প্রাক্তন ফুটবলার কবিতা দেববর্মা। ত্রিপুরা ফুটবল অ্যাসোসিয়েশনের সভাপতি, সহ-সভাপতি, সচিব, যুগ্ম সচিব সহ অন্যান্য কর্মকর্তারা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। দিনের খেলা সকাল আটটায় ফুলো ঝানু বনাম বিশ্রামগঞ্জ প্লে সেন্টার।

## ১ম খেলায় জয় অধরা ঐতিহ্যবাহী কদমতলীর সি-ডিভিশন লীগ ফুটবলের ম্যাচ ড্র-তে নিষ্পত্তি

**কদমতলী যুব সংস্থা:- ১ সবুজ সংঘ:- ১**

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। প্রথম ম্যাচে জয় হলো না ঐতিহ্যবাহী কদমতলী যুব সংস্থার। ক্লাব প্রতিষ্ঠার অর্ধশতাধিক বছর পর লীগ ফুটবলে অংশগ্রহণের ইচ্ছা প্রকাশ এবং তার বাস্তবায়নের পর প্রথম ম্যাচে প্রথম গোলের আলাদা একটা আনন্দ রয়েছে। তবে আর ২০ মিনিট সময় গোলটি ধরে রাখতে পারলে হয়তো প্রথম ম্যাচে জয়ের সেরা আনন্দটা নিয়ে ছেলেরা আজ ক্লাবে ফিরতে পারতো। খেলা টি এফ এ আয়োজিত সি ডিভিশন ফুটবল লীগের বি-গ্রুপের দ্বিতীয় ম্যাচ। কদমতলী যুব সংস্থা এবং সবুজ সংঘের মধ্যে খেলাটি এক-এক গোলে ড্র তে নিষ্পত্তি হয়েছে। দু দল এক-এক করে পয়েন্ট ভাগ করে নিয়েছে। প্রথমার্ধে কদমতলী যুব সংস্থা এক গোলে লিড নিলেও শেষ পর্যন্ত এই লিড ধরে রাখতে পারেনি। প্রথমার্ধের অন্তিম পর্যায়ে প্রীতম দাসের গোলে কদমতলী যুব সংস্থা ১-০তে লীড পায়। দ্বিতীয়ার্ধে কদমতলী যুব সংস্থার ছেলেরা রক্ষণভাগে গুরুত্ব বাড়িয়ে গোল ব্যবধান বাড়ানোর লক্ষ্যে একটু আধটু আক্রমণ রচনা করলেও সুযোগ সন্ধানী সবুজ সংঘের লামারায় কলই ৭০ মিনিটের মাথায় গোলটি শোধ করে খেলায় সমতা ফিরিয়ে আনে। পরবর্তী সময়ে আর কেউ জয়সূচক গোলের সন্ধান পায়নি। পুরো খেলায় অসদাচরণের দায়ে রেফারি দু দলের পাঁচজনকে হলুদ কার্ড দেখিয়ে সতর্ক করেন। ম্যাচ পরিচালনায় ছিলেন রেফারি পল্লব চক্রবর্তী, লিটন সাহা, চিরঞ্জিত দেববর্মা ও সুকান্ত দত্ত। দিনের খেলা বিকেল তিনটায়, উমাকান্ত মিনি স্টেডিয়ামে বি-গ্রুপের আমরা ক-জনা বনাম স্বামী বিবেকানন্দ ক্লাব।

## টি-টোয়েন্টি বিশ্বকাপ : সুপার এইটের পূর্ণাঙ্গ সূচি, ভারত খেলবে ২২ জুন

নিউইয়র্ক, ১৯ জুন (হি.স.): বুধবার স্বাগতিক আমেরিকা ও দক্ষিণ আফ্রিকার ম্যাচ দিয়ে শুরু হচ্ছে টি-টোয়েন্টি বিশ্বকাপের শীর্ষ আটের লড়াই। আজ মুখোমুখি হচ্ছে আমেরিকা ও দক্ষিণ আফ্রিকা। ভারত প্রথম ম্যাচ খেলবে ২২ জুন বাংলাদেশের বিরুদ্ধে। এই পর্বে আট দল দুই গ্রুপে ভাগ হয়ে খেলবে মোট ১২টি ম্যাচ।

এক নজরে সুপার এইটের পূর্ণাঙ্গ সূচি:

**১৯ জুন যুক্তরাষ্ট্র বনাম দক্ষিণ আফ্রিকা নর্থ সাউন্ড, অ্যান্টিগা (রাত সাড়ে ৭.৩০টা)

**২০ জুন ইংল্যান্ড বনাম ওয়েস্ট ইন্ডিজ, বার্বাডোজ (রাত ৭.৩০টা)

**২০ জুন আফগানিস্তান বনাম ভারত ব্রিজটাউন, বার্বাডোজ (রাত ৭.৩০টা)

**২১ জুন অস্ট্রেলিয়া বনাম বাংলাদেশ নর্থ সাউন্ড, অ্যান্টিগা (ভোর ৫.৩০টা)

**২১ জুন ইংল্যান্ড বনাম দক্ষিণ আফ্রিকা গ্রস আইলেট, সেন্ট লুসিয়া (রাত ৭.৩০টা)

**২২ জুন যুক্তরাষ্ট্র বনাম ওয়েস্ট ইন্ডিজ ব্রিজটাউন, বার্বাডোজ (ভোর ৫.৩০টা)

**২২ জুন ভারত বনাম বাংলাদেশ নর্থ সাউন্ড, অ্যান্টিগা (রাত ৭.৩০টা)

**২৩ জুন আফগানিস্তান বনাম অস্ট্রেলিয়া আর্নস ভ্যালে, সেন্ট ভিনসেন্ট (ভোর ৫.৩০টা)

**২৩ জুন যুক্তরাষ্ট্র বনাম ইংল্যান্ড ব্রিজটাউন, বার্বাডোজ (রাত ৭, ৩০টা)

**২৪ জুন অস্ট্রেলিয়া বনাম ভারত গ্রস আইলেট, সেন্ট লুসিয়া (রাত ৭.৩০টা)

**২৪ জুন ওয়েস্ট ইন্ডিজ বনাম দক্ষিণ আফ্রিকা নর্থ সাউন্ড, অ্যান্টিগা (ভোর ৫,৩০টা)

**২৫ জুন আফগানিস্তান বনাম বাংলাদেশ আর্নস ভ্যালে, সেন্ট ভিনসেন্ট (ভোর ৫.৩০টা)।

হিন্দুস্থান সমাচার/ শান্তি


সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি

উন্নত মুদ্রণ

সাদা, কালো, রঙিন

নতুন ধারায়

রেণ্বো প্রিন্টিং ওয়ার্কস

জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন

প্রভূবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১

মোবাইল ঃ- ৯৪৩৬১২৩৭২০

ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com


## শ্রেয়ার হ্যাটট্রিক : মহিলা লীগ ফুটবলে জম্পুইজলাকে হারিয়ে স্পোর্টস স্কুল জয়ী

**স্পোর্টস স্কুল:- ৩ জম্পুই জলা:- ০**

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। শ্রেয়ার হ্যাটট্রিক। দুর্দান্ত জয় দিয়ে দারুন সূচনা ত্রিপুরা স্পোর্টস স্কুলের। খেলা মহিলা লীগ ফুটবল। তাও প্রথম সারির দল শক্তিশালী জম্পুইজলা প্লে সেন্টারকে তিন গোলের ব্যবধানে হারিয়ে। ত্রিপুরা ফুটবল অ্যাসোসিয়েশন আয়োজিত বৈকুন্ঠ নাথ মেমোরিয়াল মহিলা ফুটবল লিগের কাগজে-কলমে দ্বিতীয় ম্যাচ হলেও পরিবেশ পরিস্থিতির কারণে বুধবার সকাল আটটায় টুর্নামেন্টের প্রথম ম্যাচ হিসেবেই অনুষ্ঠিত হয়। উমাকান্ত মিনি স্টেডিয়ামে সিন্থেটিক মাঠে। প্রথমার্ধে বিজয়ী দল ২-০ গোলে এগিয়ে ছিল। খেলার ২০ মিনিটের মাথায় প্রথম গোল শ্রেয়া দেব-এর। পাল্টা আক্রমণে জম্পুইজলা প্লে সেন্টারের মেয়েরা চেষ্টা চালিয়ে গেলেও কার্যত গোল পরিশোধের কোন সুযোগ পায়নি। উপরন্তু ১২ মিনিট বাদে শ্রেয়ার দ্বিতীয় গোল এবং প্রথমার্ধে স্পোর্টস স্কুল ২-০ গোলে লিড নেয়। দ্বিতীয়ার্ধে জম্পুইজলা প্লে সেন্টারের মেয়েরা রক্ষণভাগ ছাপিয়ে কিছুটা আক্রমণাত্মক খেললেও গোল ব্যবধান কমানোর সুযোগ পায়নি। উপরন্ত খেলার ৬৮ মিনিটের মাথায় শ্রেয়া তার তৃতীয় গোলটি করে একদিকে যেমন দলকে ৩-০ তে এগিয়ে দেয় অপরদিকে তার হ্যাটট্রিকও সেরে নেয়। পরবর্তী সময়ে আক্রমণ, প্রতি আক্রমণের মধ্য দিয়ে খেলা চলেছে। তবে জালে বল জড়ানোর চতুর্থ কোনও ঘটনা হয়নি। ম্যাচ পরিচালনায় ছিলেন রেফারি বিশ্বজিৎ দাস, লিটন সাহা, সুকান্ত দত্ত ও ইন্দ্রানী দে।

## সুখ দয়ালের জোড়া গোল, বিএসটি-কে হারিয়ে ৩ গোলে দুরন্ত জয়ে জম্পুইজলার লীগ সূচনা

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। তিন গোলে দুর্দান্ত জয়। নিজেদের প্রথম ম্যাচে দারুন একটা জয় দিয়েই লীগ সূচনা করেছে জম্পুইজলা প্লে সেন্টার। টিএফএ আয়োজিত সি-ডিভিশন ফুটবল লীগ টুর্নামেন্টে এ-গ্রুপের খেলায় জম্পুইজলা প্লে সেন্টার বুধবারে ৩-০ গোলের ব্যবধানে ইউনাইটেড বিএসটি-কে পরাজিত করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে সিনথেটিক মাঠে বুধবার বেলা তিনটার ম্যাচে জম্পুইজলা প্লে সেন্টার খেলার প্রথমার্ধেই অনেকটা আক্রমণাত্মক খেলে এক-শূন্যতে লিড নেয়। খেলার ত্রিশ মিনিটের মাথায় প্রথম গোলটি হয় সুখ দয়াল জমাতিয়ার পা থেকে।

দ্বিতীয়ার্ধে জম্পুইজলা প্লে সেন্টারের ছেলেরা আক্রমণের ধার বজায় রেখে খেলে। পক্ষান্তরে ইউনাইটেড বিএসটি-র ফুটবলারদের আক্রমণ ভাগ এবং রক্ষণভাগ দুদিকেই কিছুটা হলেও ঘাটতি ধরা পড়ে। খেলার ৭৯ মিনিটের মাথায় জম্পুইজলা কিষান দেববর্মা একটি গোল করে ব্যবধান বাড়িয়ে দুই-শূন্য করে নেয়। ১০ মিনিট বাদে ফের আক্রমণের মধ্যে থেকে সুখ দয়াল তার দ্বিতীয় এবং দলের পক্ষে তৃতীয় গোলটি করে ব্যবধান ৩-০ করে। কার্যত সেটাই চূড়ান্ত হয়। সার্বিক খেলায় অসদাচরণের দায়ের রেফারি বিজিত ইউনাইটেড বিএসসি-র একজনকে হলুদ কার্ড দেখিয়ে সতর্ক করেন। ম্যাচ পরিচালনায় ছিলেন রেফারি পল্লব চক্রবর্তী, সুকান্ত দত্ত, চিরঞ্জীত দেববর্মা ও লিটন সাহা। দিনের খেলা: বেলা একটায় উমাকান্ত মিনি স্টেডিয়ামে গ্রুপ এ-র শিমনা তামাকারী ফুটবল ক্লাব বনাম পান্তই স্পোর্টিং সোসাইটি।

## বুধবার ইউরোয় মুখোমুখি স্কটল্যান্ড—সুইজারল্যান্ড, ম্যাচের আগে সম্পূর্ণ হেড টু হেড রেকর্ড

কলকাতা, ১৯ জুন (হি. স.): বুধবারের ম্যাচের আগে স্কটল্যান্ড—সুইজারল্যান্ড শেষবার মুখোমুখি হয়েছিল ২০০৬ সালে একটি আন্তর্জাতিক প্রীতি ম্যাচে, সেই ম্যাচে সুইজারল্যান্ড ৩-১—এ হারিয়েছিল স্কটল্যান্ডকে।

বুধবার কোলন স্টেডিয়ামে রাত ১২.৩০ স্কটল্যান্ড তাদের দ্বিতীয় ম্যাচে সুইজারল্যান্ডের মুখোমুখি হবে।

হেড টু হেড রেকর্ড:

**খেলেছে: ১৬ টা

**স্কটল্যান্ড জিতেছে : ৮টি

**সুইজারল্যান্ড : ৫টি

**আমিমাংসিত : ৩টি

স্কটল্যান্ড বনাম সুইজারল্যান্ডের আগের পাঁচটি সাক্ষাৎ:

** ১মার্চ ২০০৬ : স্কটল্যান্ড ৩-১ সুইজারল্যান্ড

**১৮ জুন ১৯৯৬ : স্কটল্যান্ড ১-০ সুইজারল্যান্ড

** ৮ সেপ্টেম্বর ১৯৯৩ : স্কটল্যান্ড ১-১ সুইজারল্যান্ড

**৯ সেপ্টেম্বর ১৯৯২ : সুইজারল্যান্ড ৩-১ স্কটল্যান্ড

**১১ সেপ্টেম্বর ১৯৯১ : সুইজারল্যান্ড ২-২ স্কটল্যান্ড

## সুপার এইট ম্যাচ : বুধবার রাতে মুখোমুখি হচ্ছে দক্ষিণ আফ্রিকা ও যুক্তরাষ্ট্র

অ্যান্টিগা, ১৯ জুন (হি. স.): বুধবার শুরু হচ্ছে বিশ্বকাপের শীর্ষ আটের লড়াই। প্রথম ম্যাচে মুখোমুখি হচ্ছে গ্রুপ পর্বে চমকে দেওয়া যুক্তরাষ্ট্র ও দক্ষিণ আফ্রিকা। অ্যান্টিগায় ম্যাচটি শুরু হবে ভারতীয় সময় রাত ৮টায়।

গ্রুপ পর্বে জায়ান্ট পাকিস্তানকে হারিয়ে সুপার এইটের টিকিট পেয়েছে মার্কিনিরা। তাই আত্মবিশ্বাসে ভরপুর দলটা। ভারত ও পাকিস্তান বংশোদ্ভূত ক্রিকেটার নিয়ে গড়া এই দলটা সুপার এইটেও ভালো পারফরম্যান্স দেখিয়ে সকলকে চমকে দিতে চায়। এই স্বপ্নে বিভোর যুক্তরাষ্ট্রের ক্রিকেটাররা। নিজেদের দেশ ছাড়িয়ে এবার তাদের খেলতে হবে

## ইউরো ২০২৪: পিছিয়ে পড়েও পর্তুগালের নাটকীয় জয়, গড়লেন অনন্য রেকর্ড

লাইপজিগে, ১৯ জুন (হি. স.): জয় দিয়ে ইউরো মিশন শুরু করল পর্তুগাল। পিছিয়ে পড়া ম্যাচে নাটকীয় জয় তুলে নিয়েছে রোনাল্ডোরা। মঙ্গলবার জার্মানির লাইপজিগে গ্রুপ "এফ" —এর ম্যাচে মুখোমুখি হয় পর্তুগাল ও চেক প্রজাতন্ত্র। চেকদের বিপক্ষে রোনাল্ডোর রেকর্ডের দিনে আলো ছড়ালেন ফ্রান্সিসকো কনসেসাও।

৯০ মিনিটে বদলি খেলোয়াড় হিসেবে নেমে ফ্রান্সিসকো কনসেসাওয়ে শেষ মুহূর্তে গোল করে ২-১ গোলে পর্তুগালকে জেতায়। আর এই ম্যাচ দিয়ে রেকর্ড ষষ্ঠ ইউরো খেলার কীর্তি গড়লেন পর্তুগিজ অধিনায়ক ক্রিস্টিয়ানো রোনাল্ডো।

চেক প্রজাতন্ত্রের বিপক্ষে মাঠে নেমেছিল পর্তুগালই। প্রথমার্ধে ক্রিস্টিয়ানো রোনাল্ডোর সামনে বাধা হয়ে দাঁড়ান চেক গোলরক্ষক জিন্দ্রিক স্টানেক। চেকদের দুবার নিশ্চিত গোল খাওয়া থেকে রক্ষা করেন তিনি। তবে প্রথামার্ধে নিষ্প্রভ ছিলেন বার্নাডো সিলভা, ব্রুনো ফার্নান্দেজ ও রাফায়েল লিওরা।

দ্বিতীয়ার্ধেও একই অবস্থা পর্তুগালের। তবে ডেডলক ভাঙেন চেক প্রজাতন্ত্রের লুকাস প্রবোদ। তার গোলেই লিড নেয় চেকরা। তবে এই লিড বেশিক্ষণ ধরে রাখতে পারেনি তারা। ৬৯ মিনিটে ডিফেন্ডার রবিন হার্নাকের গোলে সমতায় ফেরে পর্তুগাল। ৯০ মিনিটে স্কোয়াডে পরিবর্তন আনেন পর্তুগাল কোচ রবার্তো মার্তিনেজ। ভিতিনহার পরিবর্তে মাঠে নামেন ফ্রান্সিসকো কনসেসাও। ম্যাচের যোগ করা সময়ে তিনিই পর্তুগালের জয়সূচক গোলটি করেন।

## বুধবার ইউরোতে জার্মানি বনাম হাঙ্গেরি, ম্যাচের আগে সম্পূর্ণ হেড টু হেড রেকর্ড

কলকাতা, ১৯ জুন (হি. স.): বুধবার স্টুটগার্ট অ্যারেনায় জার্মানি বনাম হাঙ্গেরির ম্যাচ। ম্যাচের আগে সমস্ত হেড-টু-হেড পরিসংখ্যান এবং পূর্ববর্তী ফলাফলগুলি এখানে দেওয়া হল ।

হেড টু হেড রেকর্ড:

**ম্যাচ হয়েছে : ৩৭টি

**জার্মানি জিতেছে: ১৩টি

**হাঙ্গেরি জিতেছে: ১২টি

**ম্যাচ অমীমাংসিত : ২টি

জার্মানি বনাম হাঙ্গেরি: শেষ পাঁচটি ম্যাচ:

**২৩ সেপ্টেম্বর ২০২২: জার্মানি ০-১ হাঙ্গেরি (উয়েফা নেশনস লিগ)

**১১জুন ২০২২: হাঙ্গেরি ১-১ জার্মানি (উয়েফা নেশনস লিগ)

**২৩ জুন ২০২১: জার্মানি ২-২ হাঙ্গেরি (উয়েফা ইউরোপীয় চ্যাম্পিয়নশিপ)

**০৪ জুন ২০১৬ : জার্মানি ২-০ হাঙ্গেরি (আন্তর্জাতিক বন্ধুত্বপূর্ণ)

**২৯ মে ২০১০ : হাঙ্গেরি ০-৩ জার্মানি (আন্তর্জাতিক বন্ধুত্বপূর্ণ)।

## প্যারিস অলিম্পিক্সের আগে আবারও সোনা জয় নীরজের, জ্যাভলিন ছুড়লেন ৮৫.৯৭ মিটার

ফিনল্যান্ড, ১৯ জুন (হি. স.): প্যারিস অলিম্পিক্সের এক মাস আগে সোনা জিতলেন নীরজ। ফিনল্যান্ডে পাভো নুরমি গেমসে জ্যাভলিনে সোনা জিতলেন ভারতীয় এই অ্যাথলিট। সেই সঙ্গে প্যারিস অলিম্পিক্সের প্রস্তুতিও সেরে নিলেন নীরজ। তবে ৯০ মিটার জ্যাভলিন ছোড়া হল না নীরজের। ৮৫.৯৭ মিটার ছোড়েন তিনি।

তবে তাঁর এই পারফরম্যান্স অবশ্যই প্যারিস অলিম্পিক গেমসে তাঁকে নিয়ে ভারতীয় সমর্থকদের আশা আরও বাড়াল।

হিন্দুস্থান সমাচার / শান্তি



বুধবার বিধানসভার লবিতে বিধায়ক হিসেবে শপথ নেওয়ার পর দীপক মজুমদারকে আলিঙ্গন করে শুভেচ্ছা জানাচ্ছেন বিধায়ক সুদীপ রায় বর্মণ।

# গোমতী জলবিদ্যুৎ কেন্দ্র পরিদর্শনে রাজ্যপাল তীর্থমুখে উন্নয়ন কর্মসূচি নিয়ে রাজ্যপালের সভা

**আগরতলা, ১৯ জুন।।** রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ তীর্থমুখস্থিত গোমতী জলবিদ্যুৎ কেন্দ্রটি পরিদর্শন করেন। পরিদর্শনের সময় রাজ্যপাল জলবিদ্যুৎ কেন্দ্রটির বিভিন্ন বিষয়ে খোঁজ খবর নেন ও জলবিদ্যুৎ কেন্দ্রটির উন্নয়নে উদ্যোগ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দেন। এরপর রাজ্যপালের সভাপতিত্বে তীর্থমুখ মেলা প্রাঙ্গণে উন্নয়ন কর্মসূচি নিয়ে বিভিন্ন দপ্তরের মহকুমা ও জেলাস্তরীয় আধিকারিকদের নিয়ে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রথমে গোমতী জেলার জেলাশাসক তড়িৎ কান্তি চাকমা গোমতী জলবিদ্যুৎ প্রকল্প সহ তীর্থমুখ এলাকার উন্নতিকল্পে বিভিন্ন দপ্তরের গৃহীত বিভিন্ন বিষয়ের উপর আলোকপাত করেন। সভায় রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গোমতী জলবিদ্যুৎ কেন্দ্রের বিভিন্ন বিষয় নিয়ে সংশ্লিষ্ট আধিকারিকদের সাথে মতবিনিময় করেন।

সভায় জলসম্পদ দপ্তরের আধিকারিক জানান, গোমতী নদী থেকে করবুক, অমরপুর এবং উদয়পুর মহকুমায় কৃষকদের চাষাবাদের জন্য জলের জোগান দেওয়া হচ্ছে। তাছাড়া গোমতী জেলায় জলসেচের উৎস হিসেবে ৪২ কিলোমিটার দৈর্ঘ্য একটি ক্যানেল রয়েছে। এই ক্যানেলের মাধ্যমে জেলার ১,৫০০ হেক্টর কৃষি জমি সেচের আওতায় আনা হয়েছে। সভায় রাজ্যপাল এই ক্যানেলটিকে সম্পসারণ করার জন্য সংশ্লিষ্ট আধিকারিকদের পরামর্শ দেন। সভায় পানীয়জল ও স্বাস্থ্যবিধান দপ্তরের আধিকারিক জানান, গোমতী নদীর জলকে ব্যবহারের উপযোগী করে যতনবাড়ি, অমরপুর, উদয়পুর ইত্যাদি এলাকায় বাড়ি বাড়ি পানীয়জল প্রদান করা হচ্ছে। এছাড়া রাজ্যপাল মৎস্য দপ্তরের আধিকারিকদের নির্দেশ দেন যাতে ডুম্বুর জলাশয়কে কেন্দ্র করে মৎস্যচাষির পরিবার প্রতিপালনের পাশাপাশি রাজ্যে মাছের চাহিদাও পূরণ করতে পারে সে বিষয়ে উদ্যোগ গ্রহণ করে কাজ করার। মৎস্য চাষিদের বিভিন্ন সরকারি সুযোগ সুবিধা যাতে সঠিক সময়ে প্রদান করা হয় সে ব্যাপারে লক্ষ্য রাখতেও নির্দেশ দেন। ডুম্বুর জলাশয়ে বর্তমানে ১ হাজার ৫১২টি খাঁচায় মাছ চাষ হচ্ছে। সেগুলিতে যাতে বৈজ্ঞানিক পদ্ধতিতে মাছ চাষ করে অধিক উৎপাদন করা যায় তার উপর রাজ্যপাল গুরুত্ব আরোপ করেন।

সভায় রাজ্যপাল তীর্থমুখে গ্রামোন্নয়ন দপ্তরের গৃহীত বিভিন্ন উন্নয়নমূলক কাজের বিষয়ে অবহিত হন এবং কাজগুলি আগামী তীর্থমুখ মেলার আগে সম্পন্ন করার জন্য নির্দেশ দেন। তাছাড়াও রাজ্যপাল ডুম্বুর জলাশয়ের আশপাশ এলাকায় বন্যা পরিস্থিতি হলে কি কি ব্যবস্থা রয়েছে সে বিষয়েও খোঁজ খবর নেন। রাজ্যপাল আগরতলা ফিরে আসার সময় উদয়পুরে একটি মাছের হ্যাচারি পরিদর্শন করেন। মৎস্য আধিকারিকগণ রাজ্যপালকে হ্যাচারিতে কীভাবে মাছের পোনা উৎপাদন করা হয় সেবিষয়ে অবহিত করেন। উল্লেখ্য, রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল ডুম্বুর জলাশয়স্থিত নারকেলকুঞ্জে রাত্রিযাপন করেন। আজ সকালে নারকেলকুঞ্জ থেকে আসার সময় রাজ্যপাল ডুম্বুর বাঁধটিও পরিদর্শন করেন।

# বর্ষার শুরুতেই কাদায় দুর্বিষহ অবস্থা মুসলিম পাড়া এলাকার, স্থানীয় পঞ্চায়েতের ভূমিকায় ক্ষোভ

**নিজস্ব প্রতিনিধি, কমলপুর, ১৯ জুন:** বর্ষার শুরুতেই ধলাই জেলার কমলপুরের মোহনপুর মুসলিম পাড়ায় জল জমে পরিস্থিতি চরম আকার ধারণ করেছে। পঞ্চায়েতের সঠিক নজরদারির অভাবে মুখ থুবড়ে পড়েছে জল নিষ্কাশনী ব্যবস্থা। অল্প বৃষ্টিতেই নোংরা জমা জলে প্লাবিত হচ্ছে ৪০টি পরিবার। ঘটনা কমলপুর মহকুমার সীমান্ত গ্রাম পঞ্চায়েত মোহনপুরের মুসলিম পাড়া এলাকায়। ভারত - বাংলাদেশ সীমান্তে ২ নম্বর সীমান্ত গেট সংলগ্ন এই এলাকা মুসলিম পাড়া। প্রায় ৪০ পরিবারের বসবাস। এখানকার প্রত্যেকটি পরিবারই কৃষি নির্ভর। কয়েক পরিবারের রয়েছে ক্ষুদ্র ব্যবসা। এই স্বল্প আয়ের মানুষগুলোর জীবনে এখন বড় সমস্যা হয়ে দাঁড়িয়েছে বর্ষার জমা নোংরা জল। হালকা বা মাঝারি বৃষ্টি হলেই জল নিষ্কাশনের ড্রেন উপচে নোংরা জল ছড়িয়ে পরে সড়কে। ঢুকে পড়ে বাড়িঘরে। এই নোংরা জল দিয়েই চলাফেরা করতে বাধ্য এলাকার বয়স্ক থেকে শিশু। ফলে জলবাহিত বিভিন্ন রোগ তাদের পিছু ছাড়ছে না। ক্ষুব্ধ এলাকাবাসী এর জন্য দায় চাপাচ্ছেন স্থানীয় পঞ্চায়েতের উপর।

তাদের অভিযোগ, এই সরকারের আমলে পঞ্চায়েত ড্রেনগুলি ঠিকঠাক পরিষ্কার করছে না। ফলে জমা নোংরা আবর্জনার কারণে অল্প বৃষ্টিতেই ড্রেন উপচে ছড়িয়ে পড়ছে নোংরা জল।

এক ক্ষুব্ধ এলাকাবাসী জানালেন জল নিষ্কাশনের ড্রেন ঠিকঠাক ভাবে পরিষ্কার ও আবর্জনা মুক্ত রাখার দায়িত্ব পঞ্চায়েতের। কিন্তু সেই কাজ কেন করছে না মোহনপুর পঞ্চায়েত সেটা রহস্যজনক। এই অবস্থায় এই জমা জলের বিষয়টি আসন্ন ত্রি স্তরিয় পঞ্চায়েত নির্বাচনে এই পঞ্চায়েতে একটি ইস্যু হয়ে দাঁড়াতে পারে বলে মনে করছেন অনেকেই।

# টিএসআর অষ্টম ব্যাটেলিয়ানের ২৪তম রাইজিং ডে

**নিজস্ব প্রতিনিধি, লংতরাইভ্যালী, ১৯ জুন:** জমকালো অনুষ্ঠানের মধ্য দিয়ে পালিত হল টিএসআর অষ্টম ব্যাটেলিয়ানের ২৪তম রাইজিং ডে। লংতরাইভ্যালী মহকুমার লালছড়াস্থিত টিএসআর অষ্টম ব্যাটেলিয়ানের হেডকোয়াটারে পালিত হয় এই অনুষ্ঠান। প্রদীপ প্রজ্জলন করে এই অনুষ্ঠানের সূচনা করেন প্রধান অতিথি আইজিপি কেরী মারাক। প্রধান অতিথির ভাষনে বক্তব্য রাখতে গিয়ে শ্রীমারাক বলেন রাজ্যের আইন-শৃঙ্খলা ও শান্তি সম্প্রীতি বজায় রাখতে টিএসআর অগ্রনী ভূমিকা নেয়। অষ্টম ব্যাটেলিয়ান টিএসআর বাহিনীর ভুয়সী প্রশংসা করে এই বাহিনীর বিভিন্ন কৃতিত্বের কথা তুলে ধরেন। তিনি আরো বলেন এই

# কৈলাসহরের রামকৃষ্ণ মহাবিদ্যালয় ৭৫ বছরে পদার্পণ, বছরব্যাপী নানা অনুষ্ঠান

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ১৯ জুন:** ঊনকোটি জেলার কৈলাসহরের রামকৃষ্ণ মহাবিদ্যালয় এ বছর ৭৫ বছরে পদার্পণ করছে। ৭৫ বছর পূর্তি উপলক্ষে রামকৃষ্ণ মহাবিদ্যালয়ে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সেজন্য প্রস্তুতি জোর কদমে চলছে। এই উপলক্ষে রক্তদান শিবিরেরও আয়োজন করা হয়েছে। বিপুল সংখ্যক রক্তদাতা রক্তদানে আগ্রহ প্রকাশ করেছেন।

মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ডা: পিনাকী পাল জানিয়েছেন, আগামী ১লা সেপ্টেম্বর থেকে বর্ষ ব্যাপি অনুষ্ঠানের মধ্য দিয়ে পালিত হবে প্লেটিনাম জুবিলি। সমাপন হবে ১লা সেপ্টেম্বর ২০২৫সাল।১৯৫০সালে তাপস চৈতন্য মহারাজ ৪জন ছাএ ও ৪জন শিক্ষককে নিয়ে রামকৃষ্ণদেবের নামে মহাবিদ্যালয় স্থাপন করেছিলেন। প্রথম অধ্যক্ষ ছিলেন সচিদানদ ধর। আজ যা মহিরুপে মাথা তুলে দাঁড়িয়ে আছে। রাজ্যের দ্বিতীয় স্থাপিত কলেজ রামকৃষ্ণ মহাবিদ্যালয়। রাজ্য ও বহির রাজ্যের অনেক ছাত্র ছাত্রী এই কলেজ থেকে পড়াশোনা করে আজ উন্নতির শিখরে পৌঁছেছেন।

অধ্যক্ষ ডাঃ পিনাকী পাল জানান, বর্তমানে কলেজের ছাত্রছাত্রী সংখ্যা ৩০৩৩ জন। বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে প্লাটিনাম জুবিলি পালনের প্রস্তুতি চলছে। ৭৫ বর্ষ পালনে প্রকাশিত হবে স্মরণিকা। তাতে লিখবেন প্রাক্তন ছাত্রছাত্রী সহ সমাজের জ্ঞানী গুণীজনরা। এই কলেজে ঊনকোটি জেলা উওর জেলা ধলাই জেলা তো বটেই এমনকি আগরতলা উদয়পুর সোনামুড়া সাবরুম সহ বিভিন্ন স্থানের ছাএরা এসে পড়াশুনার সুযোগ পেত। তাই প্লাটিনাম জুবিলি পালনের খবর শুনে প্রাক্তন ছাত্র ছাত্রীরা খুশিতে উচ্ছসিত।

এই কলেজের ছাত্র বিধায়ক বীরজিত সিনহা ও মন্ত্রী সুধাংশু দাস ,প্রাক্তন শিক্ষামন্ত্রী তপন চক্রবর্তী ছাড়াও আরো অনেক প্রাক্তন ছাত্র ছাত্রী রয়েছেন যারা সমাজ জীবনে এবং প্রশাসনিক জীবনে উন্নতির শিখরে পৌঁছেছেন। এই কলেজের ছাত্র সঞ্জীব চৌধুরী একসময় এই কলেজে অধ্যাপনার কাজে নিয়োজিত ছিলেন। সনীব চৌধুরী জানান আগামী ৩০শে আগষ্ট এই উপলক্ষে কলেজ ছাত্র ছাত্রী ও অধ্যাপক প্রাক্তন ছাত্র মিলে রেলি অনুষ্ঠিত হবে।

# ১৬৭০ বোতল এসকফ উদ্ধার

**নিজস্ব প্রতিনিধি, সোনামুড়া, ১৯ জুন:** গতকাল গভীর রাতে এক বাড়িতে অভিযান চালিয়েছে সোনামুড়া থানার পুলিশ। অভিযানে বাড়ি থেকে ১৬৭০ বোতল এসকফ উদ্ধার করা হয়েছে। কিন্তু বাড়ির মালিককে আটক করা সম্ভব হয়নি।

জনৈক পুলিশ আধিকারিক জানিয়েছেন, গোপন খবরের ভিত্তিতে খবর আসে সোনামুড়া থানাধীন কলবাড়ি এলাকার বাসিন্দা আনোয়ার হোসেনের বাড়িতে বিপুল পরিমাণ নেশা সামগ্রী মজুত রয়েছে। সেই খবরের ভিত্তিতে পুলিশ অভিযান চালিয়েছে। অভিযানে ১৬৬০ বোতল এসকফ উদ্ধার করা হয়েছে। যার বাজারমূল্য আনুমানিক আট লক্ষাধিক টাকা হবে বলে জানান তিনি। ওই অভিযানে বাড়ির মালিক আনোয়ার হোসেনকে আটক করতে সক্ষম হয়নি সোনামুড়া থানার পুলিশ। বাড়ির মালিক আনোয়ার হোসেনের বিরুদ্ধে এনডিপিএস ধারায় মামলা রুজু করা হয়েছে।

# বিদ্যালয় একত্রীকরণের প্রতিবাদে সরব হল বাম ছাত্র সংগঠন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ জুন:** বিদ্যালয় একত্রীকরণের প্রতিবাদে সরব হল এসএফআই - টিএসইউ। এক বিবৃতির মাধ্যমে রাজ্য সরকারের এই সিদ্ধান্তের তীব্র নিন্দা জানিয়েছে বাম ছাত্র সংগঠন। বিবৃতিতে বলা হয়, শিক্ষাদপ্তর সম্প্রতি ফের একবার ছাত্র কম অজুহাত তুলে বিভিন্ন স্কুল বন্ধ করে দিয়ে পাশের স্কুলের সাথে একত্রীকরণ করার লক্ষ্যে সিদ্ধান্ত নিয়েছে। ইতিমধ্যেই জেলা ভিত্তিক নির্দিষ্ট কিছু স্কুলকে চিহ্নিত করে তালিকা তৈরী করে নেওয়া হয়েছে। বিজেপি সরকারের নির্দেশ মতো অতিদ্রুত চিহ্নিত স্কুল গুলি বন্ধ করে দেওয়া হবে।

বাম ছাত্র সংগঠনের নেতৃত্বরা আরো বলেন, পশ্চিম ত্রিপুরা জেলার অধীনে থাকা ১৬০ টি স্কুলকে একত্রীকরণ করার জন্য চিহ্নিত করা হয়েছে। বর্তমানে ১৬০ টি স্কুলে ৩৩০৭ জন ছাত্রছাত্রী পড়াশোনা করছে। অতি স্পর্শকাতর এই স্কুল গুলিকে সর্বোচ্চ ৫ কিলোমিটার দূরবর্তী স্কুলের সাথে সংযুক্তিকরণের পদক্ষেপ করা হয়েছে। কিন্তু একত্রীকরণের জন্য চিহ্নিত ৯৫ টি স্কুলের কোনো সড়ক পরিবহন ব্যবস্থা পর্যন্ত নেই। রাজ্যের অন্যান্য জেলা গুলিতেও স্কুল একত্রীকরণ জন্য লম্বা তালিকা তৈরী করা হয়েছে। বাম ছাত্র সংগঠন এসএফআই টিএসইউ এই সিদ্ধান্তকে চূড়ান্ত ছাত্র বিরোধী এবং সর্বোপরি গণশিক্ষার পরিপন্থী বলে অভিহিত করেছে। পাশাপাশি রাজ্য সরকারের স্কুল বন্ধ করে দেওয়ার সিদ্ধান্তকে এসএফআই - টিএসইউ তীব্র ধিক্কার জানিয়েছে। এর বিরুদ্ধে প্রতিবাদে সামিল হওয়ার হুশিয়ারিও দিয়েছেন নেতৃত্বরা।

# রাস্তা ধারে আপত্তিকর বস্তু উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য এলাকায়

**নিজস্ব প্রতিনিধি, খোয়াই, ১৯ জুন:** খোয়াইতে গো মাংস পিন্ড উদ্ধার ঘিরে বুধবার দুপুর নাগাদ উত্তর দুর্গানগর এলাকায় চাঞ্চল্য। একটি গো মাংস পিন্ড রাস্তার ধারে পড়ে আছে বিষয়টি নজরে আসে স্থানীয় এলাকাবাসীদের। মূলত উওর দুর্গানগর এলাকা মিশ্র বসতিপূর্ণ এলাকা। সেখানে সংখ্যালঘু এবং সংখ্যাগুরু সম্প্রদায়ের লোকজন একই সাথে বসবাস করছে দীর্ঘ বছর ধরে। কিন্তু ইদানিং স্থানীয় এলাকাবাসীরা মনে করছে ধর্মের ভিত্তিতে সুড়সুড়ি দিতে কে বা কারা এই গো মাংস পিণ্ডটিকে এভাবে রাস্তার ধারে ফেলে রেখেছে। যাতে সংখ্যালঘু সম্প্রদায় ও সংখ্যাগুরু সম্প্রদায়ের মধ্যে বিভেদ সৃষ্টি করা যায়।

পরবর্তী সময়ে স্থানীয় এলাকাবাসী একত্রিত হয়ে , সেই গো মাংস পিণ্ডটিকে রাস্তা থেকে তুলে নিয়ে একটি জায়গায় মাটি চাপা দিয়ে দেয়। একই সাথে এই ঘটনার তীব্র নিন্দা জানিয়ে আগামী দিন যাতে এরকম ঘটনা না হয় তার জন্য সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে উওর দুর্গানগর এলাকার জনগণ ঐক্যের বার্তা দেন। তাছাড়া খোয়াই পুলিশ প্রশাসনকে এই বিষয়টি নিয়ে আগামী দিনে সতর্ক হতেও বলেন। না হলে যেকোনো ধরনের অপ্রীতিকর ঘটনা ঘটে যেতে পারে।

# প্রাইভেট টিউশন অব্যাহত সরকারি বিদ্যালয়ের শিক্ষকদের

**নিজস্ব প্রতিনিধি, খোয়াই, ১৯ জুন:** রাজ্য সরকার সরকারের স্কুলে কর্মরত শিক্ষকদের প্রাইভেট টিউশন নিষিদ্ধ করা সত্ত্বেও একাংশের শিক্ষক বেআইনি কাজকর্ম চালিয়ে যাচ্ছে।

প্রশাসনিক নির্দেশকে কলাপাতা বানিয়ে টিউশন বাণিজ্য স্বমহিমায় খোয়াইতে। শিক্ষামন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর কড়া মনোভাব বা প্রশাসনিক নির্দেশ সত্ত্বেও বিদ্যা ব্যবসা চলছে স্বমহিমায়। চুটিয়ে বিদ্যা ব্যবসা চালিয়ে যাচ্ছে খোয়াই''র বনেদি বিদ্যালয়ের কতিপয় শিক্ষক। কিছুদিন পূর্বেও খোয়াইতে একটি সরকারি অনুষ্ঠানে বিদ্যা ব্যাপারিদের সতর্ক করেছিলেন মুখ্যমন্ত্রী। তাদের স্পষ্টভাবে জানিয়েছেন সরকারি শিক্ষক টিউশন বাণিজ্যের সঙ্গে যুক্ত থাকতে পারবে না।কয়েকটি জেলায় কড়া মনোভাব নেওয়া হলেও খোয়াইতে সরকারি শিক্ষকদের একাংশের প্রাইভেট টিউশন ☞ ৬ এর পাতায় দেখুন

# ধর্মনগর জেলা হাসপাতালের স্বাস্থ্য পরিষেবা বেহাল অবস্থায়, পরিদর্শনে বিধায়ক

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ১৯ জুন:** উত্তর জেলা ধর্মনগরের হাসপাতালের স্বাস্থ্য পরিষেবা অত্যন্ত বেহাল অবস্থায় রয়েছে। আজ হাসপাতাল পরিদর্শনে গিয়েছেন রাজ্য বিধানসভার সদস্য এবং বাগবাসা বিধানসভা কেন্দ্রের বিধায়ক যাদব লাল দেবনাথ। এদিন তিনি দ্রুত একজন শিশুরোগ বিশেষজ্ঞ নিয়োগের প্রতিশ্রুতি দেন।

এদিন পরিদর্শনে শেষে তিনি জানিয়েছেন, দীর্ঘ এক বছর ধরে হাসপাতালে গ্যাসের ওষুধ সরবরাহ করা হচ্ছে না এবং শ্বাসকষ্টজনিত ইনহেলারের অভাব রয়েছে। স্টোরে এসব ওষুধ মেয়াদ উত্তীর্ণ হওয়ার পথে থাকলেও অবহেলার কারণে তা রোগীদের জন্য ব্যবহার করা হচ্ছে না।এদিন তিনি বিস্ময় প্রকাশ করে বলেন, ধর্মনগর উত্তর জেলা হাসপাতালে কোনো শিশুরোগ বিশেষজ্ঞ নেই। শিশুদের চিকিৎসার জন্য রোগীদের বহি:রাজ্যে যেতে হচ্ছে। ট্রমা সেন্টারে ওপিডি চালু থাকলেও প্রতিদিন দুপুর ৩টার পর তা বন্ধ হয়ে যায়, যা কর্তব্যে অবহেলার প্রমাণ।

এদিন তিনি আরও বলেন, সপ্তাহে তিন থেকে চার দিন সোনোগ্রাফি করা হয়। ঊনকোটি জেলা এবং কাঞ্চনপুর থেকে রোগীরা সোনোগ্রাফির জন্য ধর্মনগরে এলেও উপযুক্ত লোকবলের অভাবে তিন থেকে চার মাস পিছিয়ে দেওয়া হয়। একজন প্রশিক্ষণপ্রাপ্ত লোক সোনোগ্রাফির কাজ করছেন এবং আরেকজনের প্রশিক্ষণ চলছে। পাশাপাশি লোকবলের অভাবের কথা জানিয়েছেন জেলা হাসপাতালের মেডিকেল সুপার ভাস্কর দাস।

# রাহুল গান্ধীর জন্মদিবস উপলক্ষ্যে বৃক্ষরোপণ




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ জুন:** আজ প্রাক্তন কংগ্রেস সভাপতি তথা সাংসদ রাহুল গান্ধীর জন্মদিন উপলক্ষে প্রদেশ যুব কংগ্রেসের উদ্যোগে রাজ্যের বিভিন্ন জায়গায় বৃক্ষ রূপন কর্মসূচি পালন করা হয়েছে ।এদিন প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা বলেন, প্রাক্তন কংগ্রেস সভাপতি তথা সাংসদ রাহুল গান্ধীর জন্মদিন উপলক্ষে কংগ্রেসের তরফে বিভিন্ন কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। এরই অঙ্গ হিসেবে আজ রাজ্যের বিভিন্ন জায়গায় বৃক্ষ রূপন কর্মসূচি পালন করা হয়েছে।

# যোগা দিবসকে কেন্দ্র করে উত্তর জেলায় প্রস্তুতি

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ১৯ জুন:** আন্তর্জাতিক যোগা দিবসকে কেন্দ্র করে বিশাল প্রস্তুতি গ্রহন করছে উত্তর জেলা প্রশাসন। আগামী ২১ জুন আন্তর্জাতিক যোগা দিবস। এই দিবসকে কেন্দ্র করে ব্যাপক প্রস্তুতি নিয়েছে উত্তর জেলা প্রশাসন।

উত্তর জেলার জেলাশাসক ও সমাহর্তা জানান এই অনুষ্ঠানকে সামনে রেখে ব্যাপক প্রস্তুতি নেওয়া হয়েছে এবং প্রাকৃতিক দুর্যোগের বিষয়টিকে মাথায় রেখে এই অনুষ্ঠানের পর্ব ঠিক করা হয়েছে। জেলাস্তর, পুর পরিষদ স্তর এবং মহকুমা স্তরে এই তিনটি পর্যায়ে আগামী ২১ জুন আন্তর্জাতিক যোগা দিবসকে পালন করা হবে। বিভিন্ন এনজিও এর সাথে কথাবার্তা হয়ে গেছে কারা কারা এই অনুষ্ঠানে যোগদান করছেন।

প্রাকৃতিক দুর্যোগকে সামনে রেখে দুই ধরনের অনুষ্ঠানের প্রস্তুতি নেওয়া হয়েছে। প্রায় ১১০০ মানুষ এই অনুষ্ঠানে যোগদান করবেন। প্রথমে একটি রেলি সম্পন্ন হবে তারপর যদি আবহাওয়া ভালো না থাকে তাহলে টাউন হলের ভেতরে এবং ধর্মনগর উচ্চ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ভেতর বিভিন্ন যোগ প্রদর্শনী এবং অনুষ্ঠান সংঘটিত হবে। আরো বেশি সংখ্যক মানুষকে এই অনুষ্ঠানে যোগদান করার জন্য উত্তর জেলা শাসক আহবান জানিয়েছেন।

# গবাদি পশু চুরি করতে এসে আটক দুই

**নিজস্ব প্রতিনিধি, বিলোনিয়া, ১৯ শে জুন:-** মঙ্গলবার বিকেলে বিলোনিয়া থানার পুলিশের হাতে আটক ২ গরু চোর। এরা হলো শান্তির বাজার মহকুমাধীন রামরাইবাড়ী এলাকার শাহজাহান মিয়া এবং সোনামুড়া মহকুমাধীন মেলাঘর এলাকার মিজান মিয়া,কুখ্যাত গরুর চোর হিসেবে পরিচিত এই মিজান। তার বিরুদ্ধে রয়েছে বিভিন্ন থানায় একাধিক গরু চুরির মামলা।

ঘটনার বিবরনে জানা যায় গত ১১ ই জুন রাত্রিবেলায় বিলোনিয়া থানাধীন শিবপুর এলাকার সঞ্জীৎ নাগের বাড়ি থেকে টি আর ০৭ জি ০২৭৮ নম্বরের ইকো গাড়ি করে ৪টি গরু নিয়ে পালিয়ে যায় চোরের দল।

গরু চুরির ঘটনা টের পেয়ে বিলোনিয়া থানায় খবর দেয় সঞ্জিৎ নাগের পরিবারের লোকজন। সঙ্গে সঙ্গে পুলিশ বেরিয়ে ইকো গাড়ির পিছন ধাওয়া করতে শুরু করে এর মাঝে খবর দেওয়া হয় বিভিন্ন থানায়।

শেষমেষ উদয়পুরের কাকরাবন এলাকায় গিয়ে গাড়িটি আটক করতে সম্ভব হয় পুলিশ। কিন্তু গাড়ি আটক করলেও আটক করতে পারেনি চোরের দলটি কে। এদিকে পুলিশ ঘটনার তদন্তে বেরিয়ে শাহজাহান মিয়া এবং মিজান মিয়াকে আটক করতে সক্ষম হয়। পুলিশ তাদের বিরুদ্ধে ভারতীয় দণ্ডবিধি ৩৮২(এফ) ধারায় মামলা নেয়। যার মামলা নম্বর৪১/২০২৪, বুধবার সকালে এই দুই গরু চোরকে সোপর্দ করা হয় বিলোনিয়া আদালতে, আদালত দুই দিনের পুলিশ রিমান্ড মঞ্জুর করে।



উপরাষ্ট্রপতি জগদীপ ধনখর এবং ডঃ সুদেশ ধনখরকে মধ্যপ্রদেশের ডিন্ডোরিতে শাশাকিয়া চন্দ্রবিজয় মহাবিদ্যালয়ে আগমনে ঐতিহ্যগত কায়দায় স্বাগত জানানো হচ্ছে।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।